কৃত্বা ব্রহ্মরন্ধ্রে মূর্দ্ধাবকাশে নিরোধয়েন্নিতরাং রুদ্ধং কুর্য্যাৎ। প্রাণস্য ব্রহ্মরন্ধ্রে নিরোধো লয়ঃ প্রাণলয়ে জাতে মনোঽপি লীয়তে। তদুক্তং বাশিষ্ঠে। অভ্যাসেন পরিস্পন্দে প্রাণানাং ক্ষয়মাগতে। মনঃ প্রশমমায়াতি নির্ব্বাণমবশিষ্যত ইতি। প্রাণমনসোর্ল্লয়ে সতি ভাবনাবিশেষরূপসমাধিসহকৃতেনান্তঃকরণেনাবাধিতাত্মসাক্ষাৎকারো ভবতি তদা জীবন্নেব মুক্তঃ পুরুষো ভবতি। ১৬।

প্রাণলয়ে কালজয়ো ভবতীত্যাহ। সূর্য্যাচন্দ্রমসাবিতি। সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ। দেবতাদ্বন্দ্বে চেত্যানঙ্। রাত্রিশ্চ দিবা চ রাত্রিন্দিবং। অচতুরেত্যাদিনা নিপাতিতঃ। রাত্রিন্দিবং আত্মা স্বরূপং যস্য স রাত্রিন্দিবাত্মকস্তং রাত্রিন্দিবাত্মকং কালং সময়ং ধত্তো বিধত্তঃ কুরুতঃ। সুষুম্না সরস্বতী কালস্য সূর্য্যাচন্দ্রমোভ্যাং কৃতস্য রাত্রিন্দিবাত্মকস্য সময়স্য ভোক্ত্রী ভক্ষিকা বিনাশিকা। এতদ্গুহ্য রহস্যমুদাহৃতং কথিতং। অয়ং

করিয়া ব্রহ্মরন্ধ্রে নিরুদ্ধ করিবে। এইরূপে প্রাণকে ব্রহ্মরন্ধ্রে নিরুদ্ধ করিলেই প্রাণলয় হয় এবং প্রাণলয় হইলেই মনেরও লয় হইয়া থাকে। যোগবাশিষ্ঠে লিখিত আছে যে, যোগাভ্যাসদ্বারা প্রাণের ক্ষয় হইলে, অর্থাৎ প্রাণবায়ু সুষুম্নাদ্বারা সঞ্চরণ করিয়া ব্রহ্মরন্ধ্রে স্থিরভাবে অবস্থিতি করিলে মনও প্রশান্ত হইয়া থাকে, এইরূপ হইলেই নির্ব্বাণ লাভ হয়। প্রাণ ও মনের লয় হইলে ভাবনা বিশেষরূপ সমাধি সহকৃত অন্তঃকরণদ্বারা যখন আত্মসাক্ষাৎকার হয়, তখনই পুরুষের জীবন্মুক্তি হইয়া থাকে। ১৬ ॥

যিনি প্রাণকে লয়করিতে পারেন, তাঁহার নিকট কালও পরাজিত হয়, এই অভিপ্রায়ে বলিতেছেন।—সূর্য্য ও চন্দ্র ইহারা দিবা রাত্রিরূপ কাল ধারণ করিতেছে, সুষুম্না নাড়ীরূপা সরস্বতী সেই চন্দ্রসূর্য্যকৃত দিবারাত্রিস্বরূপ কালকে গ্রাস করেন, ইহা অতি গুহ্য কথা কথিত হইল।

ভোক্ত্রী সুষুম্না কালস্য গুহ্যমেতদুদাহৃতম্ ॥ ১৭ ॥
দ্বাসপ্ততিসহস্রাণি নাড়ীদ্বারাণি পঞ্জরে।

ভাবঃ। সার্দ্ধং ঘটিকাদ্বয়ং সূর্য্যো বহতি সার্দ্ধং ঘটিকাদ্বয়ং চন্দ্রো বহতি। যদা সূর্য্যো বহতি তদা দিনমুচ্যতে। যদা চন্দ্রো বহতি তদা রাত্রিরুচ্যতে। পঞ্চঘটিকামধ্যে রাত্রিন্দিবাত্মকঃ কালো ভবতি। লৌকিকাহোরাত্রমধ্যে যোগিনাং দ্বাদশাহোরাত্রাত্মকঃ কালব্যবহারো ভবতি। তাদৃশকালমানেন জীবানামায়ুর্ম্মানমস্তি। যদা সুষুম্নামার্গেণ বায়ুর্ব্রহ্মরন্ধ্রে লীনো ভবতি তদা রাত্রিন্দিবাত্মকস্য কালস্যাভাবাদুক্তং ভোক্ত্রী সুষুম্না কালস্যেতি। যাবদ্ব্রহ্মরন্ধ্রে বায়ুর্লীয়তে তাবদ্যোগিন আয়ুর্ব্বর্দ্ধতে। দীর্ঘকালাভ্যস্তসমাধির্যোগী পূর্ব্বমেব মরণকালং জ্ঞাত্বা ব্রহ্মরন্ধ্রে বায়ুং নীত্বা কালং নিবারয়তি স্বেচ্ছয়া দেহত্যাগং চ করোতীতি। ১৭।

দ্বাসপ্ততীতি। পঞ্জরে পঞ্জরবচ্ছিরাস্থিভির্ব্বদ্ধে শরীরে দ্বাভ্যামধিকা-

---

সার্দ্ধ ঘটিকাদ্বয় সূর্য্য নাড়ী, অর্থাৎ পিঙ্গলা প্রবাহিত হয় এবং তৎপর সার্দ্ধ ঘটিকা চন্দ্রনাড়ী, অর্থাৎ ইড়া প্রবাহিত হইয়া থাকে, যখন সূর্য্যনাড়ী প্রবাহিত হয়, তখন দিবা এবং যখন চন্দ্রনাড়ী বহিতে থাকে, তখন রাত্রি, এইরূপে পঞ্চ ঘটিকামধ্যে দিবারাত্রি হয়। লৌকিক দিবারাত্রিমধ্যে যোগিদিগের দ্বাদশ অহোরাত্র ব্যবহার হইয়া থাকে। এইরূপ কালানুসারেই জীবের আয়ুর পরিমাণ চলিতেছে। যখন সুষুম্নামার্গে প্রাণবায়ু ব্রহ্মরন্ধ্রে বিলীন হয়, তখন দিবারাত্রিরূপ কালের অভাব হয় বলিয়াই সুষুম্নাকে কালভোক্ত্রী বলা যায়; সুতরাং যাবৎ ব্রহ্মরন্ধ্রে প্রাণবায়ু লীন থাকে, তাবৎ যোগীর আয়ুর বৃদ্ধি হয়। দীর্ঘকাল সমাধি অভ্যাস করিলে যোগীরা পূর্ব্বেই আপন আয়ুষ্কাল নির্ণয় করিয়া ব্রহ্মরন্ধ্রে প্রাণস্থাপন পূর্ব্বক কালকে নিবারণ করিয়া থাকে এবং আপন ইচ্ছা হইলে দেহত্যাগ করিতে পারে। ১৭।

পঞ্জরের ন্যায় শিরা ও অস্থিদ্বারা বদ্ধ শরীরে দ্বিসপ্ততি সহস্র নাড়ী আছে, ঐ সকল নাড়ীই বায়ু প্রবেশের দ্বার, ইহাদিগের মধ্য নাড়ী

সুষুম্না শাম্ভবী শক্তিঃ শেষাস্ত্বেব নিরর্থকাঃ ॥ ১৮ ॥
বায়ুঃ পরিচিতো যস্মাদগ্নিনা সহ কুণ্ডলীম্।
বোধয়িত্বা সুষুম্নায়াং প্রবিশেদনিরোধতঃ ॥ ১৯ ॥

সপ্ততিঃ দ্বাসপ্ততিঃ দ্বাসপ্ততিসংখ্যাকানি সহস্রাণি দ্বাসপ্ততিসহস্রাণি নাড়ীনাং শিরাণাং দ্বারাণি বায়ুপ্রবেশমার্গাঃ সন্তি সুষুম্না মধ্যনাড়ী শাম্ভবী শক্তিরস্তি শং সুখং ভবত্যস্মাদ্ভক্তানামিতি শম্ভুরীশ্বরস্তস্যেয়ং শাম্ভবী। ধ্যানেন শম্ভুপ্রাপকত্বাৎ। শম্ভোরাবির্ভাবজনকত্বাদ্বা শাম্ভবী। যদ্বা শং সুখরূপো ভবতি তিষ্ঠতীতি শম্ভুরাত্মা তস্যেয়ং শাম্ভবী চিদভিব্যক্তিস্থান ত্বাদ্ধ্যানেনাত্মসাক্ষাৎকারহেতুত্বাচ্চ। শেষা ইড়াপিঙ্গলাদয়স্তু নিরর্থকা এব নির্গতোঽর্থঃ প্রয়োজনং যাসাং তা নিরর্থকাঃ পূর্ব্বোক্তপ্রয়োজনা-ভাবাৎ ॥ ১৮ ॥

বায়ুরিতি। যস্মাৎ পরিচিতোঽভ্যস্তো বায়ুস্তস্মাদগ্নিনা জঠরাগ্নিনা সহ কুণ্ডলীং শক্তিং বোধয়িত্বা অনিরোধতোঽপ্রতিবন্ধাৎ সুষুম্নায়াং সরস্বত্যাং প্রবিশেৎ বায়োঃ সুষুম্নাপ্রবেশার্থমভ্যাসঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥ ১৯ ॥

সুষুম্না শাম্ভবী শক্তি বিদ্যমান আছেন। এই শক্তি ভক্তদিগের সুখ প্রদান করে, এই নিমিত্তই ইহার শাম্ভবী নাম হইয়াছে অথবা এই শক্তি শম্ভুর আবির্ভাবের হেতু বিধায় ইহা শাম্ভবী নামে খ্যাত, কিম্বা চিৎস্বরূপ আত্মার অভিব্যক্তি স্থান, অর্থাৎ ইহার ধ্যানেই আত্মসাক্ষাৎকার হয় বলিয়াই ইহাকে শাম্ভবী শক্তি বলা যায়; সুতরাং এই নাড়ীই যোগি-দিগের কার্য্য সাধিকা। আর ইড়া পিঙ্গলা প্রভৃতি যে সকল নাড়ী আছে, তাহারা সাধকের উক্তরূপ প্রয়োজন সাধন করিতে পারে না বলিয়া তাহারা নিরর্থক ॥ ১৮ ॥

যাহাতে বায়ু পরিচিত হইতে পারে, এইরূপে জঠরাগ্নির সহিত কুণ্ড-লীকে পরিবোধিত করিয়া সুষুম্নারূপা সরস্বতীতে প্রবেশিত করিবে, অর্থাৎ যাহাতে অনায়াসে বায়ু সুষুম্না মধ্যে প্রবেশ করিতে পারে, তাহা অভ্যাস করিতে থাকিবে ॥ ১৯ ॥

সুষুম্নাবাহিনি প্রাণে সিদ্ধ্যত্যেব মনোন্মনী।
অন্যথা ত্বিতরাভ্যাসাঃ প্রয়াসায়ৈব যোগিনাম্ ॥ ২০ ॥
পবনো বধ্যতে যেন মনস্তেনৈব বধ্যতে।
মনশ্চ বধ্যতে যেন পবনস্তেন বধ্যতে ॥ ২১ ॥
হেতুদ্বয়ং তু চিত্তস্য বাসনা চ সমীরণঃ।

সুষুম্নেতি। প্রাণে সুষুম্নাবাহিনি সতি মনোন্মনী উন্মন্যবস্থা সিদ্ধ্যত্যেব। অন্যথা প্রাণে সুষুম্নাবাহিন্যসতি তু ইতরাভ্যাসাঃ সুষুম্নেতরাভ্যাসা যোগিনাং যোগাভ্যাসিনাং প্রয়াসায়ৈব ভবন্তীত্যর্থঃ ॥ ২০ ॥

পবন ইতি। যেন যোগিনা পবনঃ প্রাণবায়ুর্বধ্যতে বদ্ধঃ ক্রিয়তে তেনৈব যোগিনা মনো বধ্যতে। যেন মনো বধ্যতে তেন পবনো বধ্যতে। মনঃ পবনয়োরেকতরে বদ্ধে উভয়ং বদ্ধং ভবতীত্যর্থঃ ॥ ২১ ॥

হেতুদ্বয়ং তু চিত্তস্যেতি। চিত্তস্য প্রবৃত্তৌ হেতুদ্বয়ং কারণদ্বয়মস্তি কিন্তদিত্যাহ। বাসনা ভাবনাখ্যঃ সংস্কারঃ সমীরণঃ প্রাণবায়ুশ্চ তয়োর্বাসনাসমীরণয়োরেকস্মিন্বিনষ্টে সতি ক্ষীণে সতি তৌ দ্বাবপি বিনশ্যতঃ। অয়মাশয়ঃ। বাসনাক্ষয়ে সমীরণচিত্তে ক্ষীণে ভবতঃ। সমীরণে ক্ষীণে

প্রাণবায়ু সুষুম্না নাড়ীর মধ্যে প্রবাহিত হইলেই মনোন্মনী, অর্থাৎ উন্মনী অবস্থা সিদ্ধি হয়। আর প্রাণকে সুষুম্নাবাহী না করিতে পারিলে যোগাভ্যাসীদিগের কেবল পরিশ্রমই সার হয়, কোন ফলই হয় না ॥২০॥

যে যোগী প্রাণকে বদ্ধ করিতে পারিয়াছেন, তাঁহার মনও বদ্ধ হয়, আর যিনি মনকে বদ্ধ করিয়াছেন, তাঁহার প্রাণও বদ্ধ থাকে। প্রাণ ও মন উভয়ের মধ্যে একটিকে বদ্ধ করিতে পারিলে উভয়ই বদ্ধ থাকে ॥২১॥

চিত্তের প্রবৃত্তির প্রতি বাসনা, অর্থাৎ ভাবনাখ্য সংস্কার এবং প্রাণবায়ু, এই উভয়ই কারণ। এই বাসনা ও প্রাণ ইহাদিগের মধ্যে একটি ক্ষীণ হইলে উভয়ই বিনাশ পায়, অর্থাৎ বাসনা ক্ষয় পাইলে প্রাণ ও চিত্ত ক্ষীণ হয়, প্রাণ ক্ষীণ হইলে চিত্ত ও বাসনা ক্ষয় পায় এবং চিত্তের

তয়োর্ব্বিনষ্ট একস্মিংস্তৌ দ্বাবপি বিনশ্যতঃ ॥ ২২ ॥
মনো যত্র বিলীয়েত পবনস্তত্র লীয়তে।

চিত্তবাসনে ক্ষীণে ভবতঃ। চিত্তে ক্ষীণে সমীরণবাসনে ক্ষীণে ভবতঃ। তদুক্তং বাশিষ্ঠে। দ্বে বীজে রাম চিত্তস্য প্রাণস্পন্দনবাসনে। একস্মিংশ্চ তয়োর্নষ্টে ক্ষিপ্রং দ্বে অপি নশ্যতঃ। তত্রৈব ব্যতিরেকেণোক্তং। যাব-দ্বিলীনং ন মনো ন তাবদ্বাসনাক্ষয়ঃ। ন ক্ষীণা বাসনা যাবচ্চিত্তং তাবন্ন শাম্যতি। ন যাবদ্যাতি বিজ্ঞানং ন তাবচ্চিত্তসংক্ষয়ঃ। যাবন্ন চিত্তোপ-সমো ন তাবত্তত্ত্ববেদনং। যাবন্ন বাসনানাশস্তাবত্তত্ত্বাগমঃ কুতঃ। যাবন্ন তত্ত্বসংপ্রাপ্তির্ন তাবদ্বাসনাক্ষয়ঃ। তত্ত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয় এব চ। মিথঃ কারণতাং গত্বা দুঃসাধ্যানি স্থিতান্যতঃ। ত্রয় এতে সমং যাবন্ন স্বভ্যস্তা মুহুর্মুহুঃ। তাবন্ন তত্ত্বসংপ্রাপ্তির্ভবত্যপি সমাশ্রিতৈঃ ॥ ২২ ॥

ক্ষয় হইলেও বাসনা এবং প্রাণ ক্ষীণ হইয়া থাকে। যোগবাশিষ্ঠে উক্ত আছে যে, বশিষ্ঠ মুনি শ্রীরামকে বলিয়াছেন, হে রাম! প্রাণবায়ুর স্পন্দন ও বাসনা এই দুইটি চিত্তের মূল কারণ, ইহাদিগের একটী নষ্ট হইলে তৎক্ষণাৎ দুইটি বিনাশ পায়। ঐ যোগবাশিষ্ঠে ব্যতিরেকভাবে উক্ত আছে যে, যাবৎ মন বিলীন না হয়, তাবৎ বাসনা ক্ষয় পায় না, আর যাবৎ বাসনার ক্ষয় না হয়, তাবৎ চিত্ত শান্ত হইতে পারে না। যাবৎ তত্ত্বজ্ঞানোদয় না হয়, তাবৎ চিত্তের সংশয় দূর হয় না, আর যাবৎ চিত্তের শান্তি না হয়, তাবৎ তত্ত্বজ্ঞান জন্মে না। যেহেতু যাবৎ বাসনার নাশ না হয়, তাবৎ কিরূপে তত্ত্বজ্ঞান হইতে পারে, যাবৎ তত্ত্বজ্ঞানের উদয় হয় না, তাবৎ বাসনা ক্ষয় হয় না; সুতরাং তত্ত্বজ্ঞান, মনোনাশ এবং বাসনাক্ষয়, ইহারা পরস্পরের কারণ, ইহাদিগকে সাধন করা দুঃসাধ্য, অতএব এই সকলই বর্ত্তমান থাকে। যাবৎ বাসনা, চিত্ত ও প্রাণ এই তিনের সমতা না হয়, তাবৎ তত্ত্বজ্ঞান হইতে পারে না ॥ ২২ ॥

যে আধারে মন বিলীন হয়, সেই আধারে পবন, অর্থাৎ প্রাণবায়ু

পবনো লীয়তে যত্র মনস্তত্র বিলীয়তে ॥ ২৩ ॥

দুগ্ধাম্বুবৎসংমিলিতাবুভৌ তৌ
তুল্যক্রিয়ৌ মানসমারুতৌ হি।
যতো মরুত্তত্র মনঃপ্রবৃত্তির্যতো
মনস্তত্র মরুৎপ্রবৃত্তিঃ ॥ ২৪ ॥

মন ইতি। যত্র যস্মিন্নাধারে মনো লীয়তে তত্র তস্মিন্নাধারে পবনো বিলীয়ত ইত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

দুগ্ধাম্বুবদিতি। দুগ্ধাম্বুবৎ ক্ষীরনীরবৎ সম্মিলিতৌ সম্যক্ মিলিতৌ তাবুভৌ দ্বাবপি মানসমারুতৌ মানসং চ মরুতশ্চ মানসমারুতৌ চিত্ত-প্রাণৌ তুল্যক্রিয়ৌ তুল্যাসমা ক্রিয়া প্রবৃত্তির্যয়োস্তাদৃশৌ ভবতঃ। তুল্য-ক্রিয়ত্বমেবাহ। যতইতি। যতঃ যত্র সার্ব্ববিভক্তিকস্তসিঃ। যস্মিন্ চক্রে মরুদ্বায়ুঃ প্রবর্ত্ততে তত্র তস্মিন্ চক্রে মনঃপ্রবৃত্তিঃ মনসঃ প্রবৃত্তির্ভবতি। যতো যস্মিন্ চক্রে মনঃ প্রবর্ত্ততে তত্র তস্মিন্ চক্রে মরুৎপ্রবৃত্তিঃ বায়োঃ প্রবৃত্তির্ভবতীত্যর্থঃ। তদুক্তং বাশিষ্ঠে। অবিনাভাবিনী নিত্যং জন্তূনাং

লয় পাইয়া থাকে, আর যে আধারে পবন, অর্থাৎ প্রাণবায়ুর লয় হই-য়াছে, সেই আধারে মনও বিলীন হইয়া থাকে ॥ ২৩ ॥

যেমন দুগ্ধ ও জল ইহারা মিলিত হইয়া থাকে, সেইরূপ প্রাণ ও মন ইহারা একত্রিত হইয়া অবস্থিতি করে, অর্থাৎ উহাদিগের একরূপ প্রবৃত্তি হয়, যেহেতু যে চক্রে বায়ু প্রবৃত্ত হয়, সেই চক্রে মনের প্রবৃত্তি হইয়া থাকে, আর যে চক্রে মনের প্রবৃত্তি হয়, সেই চক্রে প্রাণবায়ু প্রবৃত্ত হইয়া থাকে। যোগবাশিষ্ঠে উক্ত আছে যে, জন্তুগণে প্রাণ ও চিত্ত ইহারা অবিনাভাবসম্বন্ধশালী, অর্থাৎ উহাদিগের মধ্যে একটি যেখানে থাকে, সেই স্থানে দুইটিই দেখা যায়, আর যেখানে একটির অভাব হয়, সেই স্থানে দুইটিরই অভাব হয়। পুষ্প ও গন্ধ এবং তিল ও তৈল ইহাদিগের একের বিদ্যমানতাতেই উভয়ের বিদ্যমানতা এবং

তত্রৈকনাশাদপরস্য নাশ
একপ্রবৃত্তেরপরপ্রবৃত্তিঃ।
অধ্বস্তয়োশ্চেন্দ্রিয়বর্গবৃত্তিঃ
প্রধ্বস্তয়োর্ম্মোক্ষপদস্য সিদ্ধিঃ ॥ ২৫ ॥

প্রাণচেতসী। কুসুমামোদবন্মিশ্রে তিলতৈলে ইবাস্থিতে। কুরুতশ্চ বিনাশেন কার্য্যং মোক্ষাখ্যমুত্তমমিতি। ২৪।

তত্রেতি। তত্র তয়োর্ম্মানসমারুতয়োর্ম্মধ্যে একস্য মানসস্য মারুতস্য বা নাশাল্লয়াদপরস্যান্যস্য মারুতস্য মানসস্য বা নাশোলয়ো ভবতি। এক-প্রবৃত্তেরেকস্য মানসস্য মারুতস্য বা প্রবৃত্তের্ব্ব্যাপারাদপরপ্রবৃত্তিরপরস্য মারুতস্য মানসস্য বা প্রবৃত্তির্ব্ব্যাপারো ভবতি। অধ্বস্তয়োরলীনয়োর্ম্মান-সমারুতয়োঃ সতোরিন্দ্রিয়বর্গবৃত্তিরিন্দ্রিয়সমুদায়স্য স্বস্ববিষয়ে প্রবৃত্তি-র্ভবতি। প্রধ্বস্তয়োঃ প্রলীনয়োস্তয়োঃ সতোর্ম্মোক্ষপদস্য মোক্ষাখ্যপদস্য সিদ্ধির্নিষ্পত্তির্ভবতি। তয়োর্লয়ে পুরুষস্য স্বরূপেঽবস্থানাদিত্যর্থঃ। তত্রাপি সাধ্যঃ পবনস্য নাশঃ ষড়ঙ্গযোগাদিনিষেবণেন। মনোবিনাশস্তু গুরোঃ

একের অভাবেই উভয়ের অভাব, সেইরূপ মন ও প্রাণের পরস্পর সম্বন্ধ আছে। এই মন ও প্রাণ ইহারা বিনষ্ট হইয়া মোক্ষরূপ কার্য্য সাধন করে ॥ ২৪ ॥

উক্ত মন ও প্রাণ ইহাদিগের একের নাশেই অপরের নাশ এবং একের প্রবৃত্তিতেই অপরের প্রবৃত্তি হয়, অর্থাৎ প্রাণের নাশেও মনের নাশ হয় এবং মনের নাশেও প্রাণের হানি হয়, আর প্রাণের প্রবৃত্তি-তেই মনের প্রবৃত্তি এবং মনের প্রবৃত্তিতেই প্রাণের প্রবৃত্তি হইয়া থাকে। উক্ত প্রাণ ও মন বিনষ্ট না হইলেই ইন্দ্রিয়গণের প্রবৃত্তি হয়, অর্থাৎ যাবৎ প্রাণ ও মন থাকে, তাবৎ ইন্দ্রিয়গণ স্বস্ববিষয় গ্রহণ করে এবং ঐ মন ও প্রাণ বিলীন হইলেই মোক্ষপদ লাভ হইয়া থাকে। যেহেতু মনঃ ও প্রাণের লয় হইলেই পুরুষ স্বীয়রূপে অবস্থিতি করে। যোগবীজে মূলশ্লোকের উত্তরশ্লোকে লিখিত আছে যে, ষড়ঙ্গযোগ সেবা

রসস্য মনসশ্চৈব চঞ্চলত্বং স্বভাবতঃ।
রসো বদ্ধো মনো বদ্ধং কিন্ন সিদ্ধ্যতি ভূতলে ॥ ২৬ ॥
মূর্চ্ছিতো হরতে ব্যাধীন্মৃতো জীবয়তি স্বয়ম্।

প্রসাদান্নিমেষমাত্রেণ সুসাধ্য এব। যোগবীজে মূলশ্লোকস্থায়মুত্তরঃ শ্লোকঃ ॥ ২৫ ॥

রসস্যেতি। রসস্য পারদস্য মনসো মানসস্য স্বভাবতঃ স্বভাবাচ্চঞ্চলত্বং চাঞ্চল্যমস্তি। রসঃ পারদো বদ্ধশ্চেন্মনশ্চিত্তং বদ্ধং ভবতি। ততো ভূতলে পৃথিবীতলে কিং ন সিদ্ধ্যতি সর্ব্বং সিদ্ধ্যতীত্যর্থঃ ॥ ২৬ ॥

তদেবাহ। মূর্চ্ছিত ইতি। ওষধিবিশেষযোগেন গতচাপল্যো রসো মূর্চ্ছিতঃ কুম্ভকান্তে রেচকনিবৃত্তো বায়ুর্মূর্চ্ছিত ইত্যুচ্যতে। হে পার্ব্বতীতি পার্ব্বতীসুবোধায়েশ্বরবাক্যং। মূর্চ্ছিতো রসঃ পারদো বায়ুঃ প্রাণশ্চ ব্যাধীন্ রোগান্ হরতে নাশয়তি। ভস্মীভূতো রসো ব্রহ্মরন্ধ্রে লীনো বায়ুশ্চ মৃতঃ স্বয়মাত্মনা স্বসামর্থ্যেনেত্যর্থঃ। জীবয়তি দীর্ঘকালং জীবনং

করিলেই প্রাণের নাশ হয়, কিন্তু গুরুর কৃপা হইলে নিমেষ মধ্যে মনের বিনাশ হইতে পারে ॥ ২৫ ॥

পারদ ও মন ইহারা স্বভাবচঞ্চল পদার্থ। যদি কোন যোগী ইহা-দিগের স্বভাবচাঞ্চল্য দূর করিয়া তাহাদিগকে বদ্ধ করিতে পারেন, তাহা-হইলে এই ভূতলে তাঁহার কোন কার্য্যই অসাধ্য থাকে না, অর্থাৎ পার-দকে বদ্ধ করিলে ঐহিকে অনেক অসাধ্য কার্য্য সাধিত হয় এবং মনকে বদ্ধ করিতে পারিলেই মোক্ষলাভ হইয়া থাকে ॥ ২৬ ॥

ঔষধিবিশেষযোগে চাঞ্চল্যভাব দূর হইলেই পারদ মূর্চ্ছিত হয় এবং কুম্ভকান্তে রেচক নিবৃত্ত হইলেই প্রাণ মূর্চ্ছিত হয়। পারদ ও প্রাণ এই-রূপ মূর্চ্ছিত হইলেই নানাবিধ ব্যাধি বিনাশ করে। ভস্মীভূত পারদকেই মৃত পারদ বলা যায় এবং প্রাণ ব্রহ্মরন্ধ্রে নীত হইলেই মৃত হয়। যদি ভস্মীভূতপারদ ব্রহ্মরন্ধ্রে লীন হয়, তাহাহইলে সেই মনুষ্য অনেক কাল জীবিত থাকিতে পারে, এইরূপ প্রাণ ব্রহ্মরন্ধ্রে লীন হইলেই জীব-

বদ্ধঃ খেচরতাং ধত্তে রসো বায়ুশ্চ পার্ব্বতি ॥ ২৭ ॥
মনঃ স্থৈর্য্যে স্থিরো বায়ুস্ততো বিন্দুঃ স্থিরো ভবেৎ।
বিন্দুস্থৈর্য্যাৎ সদা সত্বং পিণ্ডস্থৈর্য্যং প্রজায়তে ॥ ২৮ ॥
ইন্দ্রিয়াণাং মনো নাথো মনোনাথস্তু মারুতঃ।

করোতি। ক্রিয়াবিশেষেণ গুটিকাকারকৃতো রসঃ বদ্ধো ভ্রূমধ্যাদৌ ধারণাবিশেষেণ ধৃতো বায়ুশ্চ বদ্ধঃ খেচরতামাকাশগতিং ধত্তে বিধত্তে করোতীত্যর্থঃ। তদুক্তং গোরক্ষকশতকে। যদ্ভিন্নাঞ্জনপুঞ্জসন্নিভমিদং বৃত্তং ভ্রুবোরন্তরে তত্ত্বং বায়ুময়ং প্রকারসহিতং তত্রেশ্বরো দেবতা। প্রাণং তত্র বিলাপ্য পঞ্চঘটিকং চিত্তান্বিতং ধারয়েদেষা খে গমনং করোতি যমিনাং স্যাদ্বায়ুনা ধারণেতি। ২৭।

মনঃস্থৈর্য্য ইতি। মনসঃ স্থৈর্য্যে সতি বায়ুঃ প্রাণঃ স্থিরো ভবেৎ। ততো বায়ুস্থৈর্য্যাদ্বিন্দুর্বীর্য্যং স্থিরো ভবেৎ। বিন্দোঃ স্থৈর্য্যাৎ সদা সর্ব্বদা সত্বং বলং পিণ্ডস্থৈর্য্যং দেহস্থৈর্য্যং প্রজায়তে। ২৮।

ইন্দ্রিয়াণামিতি। ইন্দ্রিয়াণাং শ্রোত্রাদীনাং মনোঽন্তঃকরণং নাথঃ

মুক্তি হয়, ক্রিয়াবিশেষদ্বারা গুটিকাকার করিলেই পারদ বদ্ধ হয় এবং ধারণা বিশেষদ্বারা ভ্রূমধ্যাদিতে ধৃত হইলেই প্রাণ বদ্ধ হয়। যদি পারদ ও প্রাণ উভয়ই উক্তরূপে বদ্ধ হয়, তাহাহইলে আকাশে উত্থাপিত করিতে পারে। গুটিকা সাধনদ্বারা ও প্রাণ সংযমদ্বারা আকাশমার্গে উঠিতে পারে, ইহা প্রসিদ্ধ আছে। গোরক্ষশতকে উক্ত আছে যে, ভ্রূদ্বয়ের মধ্যে দলিত অঞ্জনপুঞ্জসন্নিভ বায়ুময় পকার সহিত বৃত্ত আছে, এই স্থলের দেবতা ঈশ্বর, এই স্থানে পঞ্চঘটিকামাত্র চিত্ত সমন্বিত প্রাণকে বিলীন করিয়া ধারণ করিতে পারিলে আকাশে গমন করিতে পারে। ইহাকে বায়ুধারণা বলে ॥ ২৭ ॥

মনের স্থিরতা হইলে প্রাণবায়ুও স্থিরীভূত হয় এবং বায়ু স্থির হইলেই বিন্দু স্থির হইয়া থাকে। যখন বিন্দু স্থিরীভূত হয়, তখনই দেহ স্থির হয়। যাহার দেহ স্থির থাকে, তাহাকেই জীবন্মুক্ত বলা যায় ॥ ২৮ ॥

মারুতস্য লয়ো নাথঃ স লয়ো নাদমাশ্রিতঃ ॥ ২৯ ॥
সোঽয়মেবাস্তু মোক্ষাখ্যো মাস্তু বাপি মতান্তরে।
মনঃ প্রাণলয়ে কশ্চিদানন্দঃ সম্প্রবর্ত্ততে ॥ ৩০ ॥
প্রনষ্টশ্বাসনিশ্বাসঃ প্রধ্বস্তবিষয়গ্রহঃ।

প্রবর্ত্তকঃ। মনোনাথো মনসো নাথো মারুতঃ প্রাণঃ। মারুতস্য প্রাণস্য লয়ো মনোবিলয়ো নাথঃ। স লয়ো মনোলয়ঃ নাদমাশ্রিতো নাদে মনো লীয়ত ইত্যর্থঃ ॥ ২৯ ॥

সোঽয়মিতি। সোঽয়মেব চিত্তলয় এব মোক্ষাখ্যো মোক্ষপদবাচ্যঃ। মতান্তরেঽন্যমতে মাস্তু বা। চিত্তলয়স্য সুষুপ্তাবপি সত্বান্মনঃপ্রাণয়োর্লয়ে সতি কশ্চিদনির্ব্বাচ্য আনন্দঃ সংপ্রবর্ত্ততে সম্যক্ প্রবৃত্তো ভবতি। অনির্ব্বাচ্যনন্দাবির্ভাবে জীবন্মুক্তিসুখং ভবত্যেবেতি ভাবঃ ॥ ৩০ ॥

প্রনষ্টেতি। শ্বাসশ্চ নিশ্বাসশ্চ শ্বাসনিশ্বাসৌ প্রনষ্টৌ লীনৌ শ্বাসনিশ্বাসৌ যস্মিন্ স তথা। বাহ্যবায়োরন্তঃপ্রবেশনং শ্বাসঃ অন্তঃস্থিতস্য বায়োবহির্নিঃসরণং নিশ্বাসঃ প্রধ্বস্তঃ প্রকর্ষেণ ধ্বস্তো নষ্টো বিষয়াণাং শব্দা-

---

অন্তঃকরণই চক্ষুঃ কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়গণের প্রবর্ত্তক এবং এই অন্তঃকরণ প্রাণের অধীন। আর মনোলয়ই প্রাণবায়ুর প্রভুর, অর্থাৎ মনোলয় হইলেই প্রাণ স্থিরভাবে থাকে, পরন্তু সেই মনোলয়ও আবার নাদের আশ্রিত, মন লয় হইয়া নাদে অবস্থিতি করে ॥ ২৯ ॥

পূর্ব্বে যে মনোলয় উক্ত হইল তাহাকেই মোক্ষ বলা যায়, মতান্তরেও অন্য মোক্ষ নাই, অর্থাৎ মনোলয়ই সর্ব্ববাদিসম্মত মোক্ষশব্দবাচ্য। সুষুপ্তি অবস্থাতে মনের লয় হয় বটে, কিন্তু প্রাণলয় হইলে যে মনোলয় হয়, তাহাতে অনির্ব্বচনীয় আনন্দ অনুভূত হইতে থাকে এবং অনির্ব্বচনীয় আনন্দ উপস্থিত হইলেই জীবন্মুক্তিরূপ সুখ হয় ॥ ৩০ ॥

বাহ্য বায়ুর অন্তঃপ্রবেশই শ্বাস এবং আন্তরিক বায়ুর বহির্নিঃসারণ নিশ্বাস, যে যোগীর উক্ত শ্বাস ও নিশ্বাস বিলীন হইয়াছে, ইন্দ্রিয় কোন বিষয় গ্রহণ করে না, যাহার কোনরূপ কায়িক ক্রিয়া নাই এবং আন্তরিক

নিশ্চেষ্টো নির্ব্বিকারশ্চ লয়ো জয়তি যোগিনাম্ ॥৩১॥
উচ্ছিন্নসর্ব্বসঙ্কল্পো নিঃশেষাশেষচেষ্টিতঃ।
স্বাবগম্যো লয়ঃ কোঽপি জায়তে বাগগোচরঃ ॥ ৩২ ॥
যত্র দৃষ্টির্লয়স্তত্র ভূতেন্দ্রিয়সনাতনী।
সা শক্তির্জীবভূতানাং দ্বে অলক্ষ্যে লয়ং গতে ॥ ৩৩ ॥

দীনাং গ্রহো গ্রহণং যস্মিন্ নির্গতা চেষ্টা কায়ক্রিয়া যস্মিন্ নির্গতো বিকারোঽন্তঃকরণক্রিয়া যস্মিন্ এতাদৃশো যোগিনাং লয়োঽন্তঃকরণবৃত্তে-র্ধ্যেয়াকারাবৃত্তির্জ্জয়তি সর্ব্বোৎ কর্ষণে বর্ত্ততে ॥ ৩১ ॥

উচ্ছিন্নেতি। উচ্ছিন্না নষ্টাঃ সর্ব্বে সঙ্কল্পা মনঃপরিণামা যস্মিন্ স তথা নির্গতঃ শেষো যেভ্যস্তানি নিঃশেষাণ্যশেষাণি 'চেষ্টিতানি যস্মিন্ স তথা স্বেনৈবাবগন্তুং বোদ্ধুং শক্যঃ স্বাবগম্যঃ বাচামগোচরো বিষয়ঃ কোঽপি বিলক্ষণো লয়ঃ জায়তে যোগিনাং প্রাদুর্ভবতি ॥ ৩২ ।

যত্র দৃষ্টিরিতি। যত্র যস্মিন্বিষয়ে ব্রহ্মণি দৃষ্টিরন্তঃকরণবৃত্তিস্তত্রৈব লয়ো ভবতি। ভূতানি পৃথিব্যাদীনি ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি সনাতনানি শাশ্ব-

---

ব্যাপার সমুদায় তিরোহিত হইয়াছে, তাহার যে লয়, অর্থাৎ অন্তঃকরণের ধ্যেয়াকারে বৃত্তি, তাহাই সর্ব্বোৎকৃষ্ট লয় বলিয়া জানিবে ॥ ৩১ ॥

যাহার প্রকৃত লয় হইয়াছে, তাহার সর্ব্বপ্রকার সঙ্কল্প নষ্ট হইয়া যায়, অর্থাৎ কোনরূপ অন্তঃকরণ পরিণাম থাকে না এবং অশেষ চেষ্টা নিঃশে-ষিত হয়। এই লয় আত্মগম্য, অর্থাৎ কেবল আপনিই জানিতে পারে, বাক্যে প্রকাশিত হয় না। এইরূপ লয় যোগিদিগেরই প্রাদুর্ভূত হইয়া থাকে ॥ ৩২ ॥

যে ব্রহ্মেতে অন্তঃকরণবৃত্তি হয়, সেই ব্রহ্মেতে লয় হইয়া থাকে, পরন্তু ব্রহ্মেতে লয় হইলে যাহাতে পৃথিব্যাদি পঞ্চভূত ও শ্রবণাদি ইন্দ্রিয় সকল লয় হয়, সেই নিত্য অবিদ্যা এবং প্রাণিগণের শক্তিস্বরূপা বিদ্যা এই উভয় অলক্ষিত হয়, অর্থাৎ ব্রহ্মলয় হইলে বিদ্যা অবিদ্যা কিছুই থাকে না ॥ ৩৩ ॥

লয়ো লয় ইতি প্রাহুঃ কীদৃশং লয়লক্ষণম্।
অপুনর্ব্বাসনোত্থানাল্লয়ো বিষয়বিস্মৃতিঃ॥ ৩৪॥
বেদশাস্ত্রপুরাণানি সামান্যগণিকা ইব।
একৈব শাম্ভবী মুদ্রা গুপ্তা কুলবধূরিব॥ ৩৫॥
অন্তর্ল্লক্ষ্যং বহির্দৃষ্টির্নিমেষোন্মেষবর্জ্জিতা।

তানি যস্মাৎ সা সৎকার্য্যবাদেঽবিদ্যায়াং কার্য্যজাতস্য সত্বাৎ। জীবভূতানাং প্রাণিনাং শক্তির্ব্বিদ্যা ইমে দ্বে অলক্ষ্যে ব্রহ্মণি লয়ং গতে যোগিনামিতি শেষঃ॥ ৩৩॥

লয় ইতি। লয় ইতি প্রাহুর্ব্বদন্তি বহবঃ। লয়স্য লক্ষণং লয়স্বরূপং কীদৃশমিতি প্রশ্নপূর্ব্বকং লয়স্বরূপমাহ। অপুনরিতি। অপুনর্ব্বাসনোত্থানাৎ পুনর্ব্বাসনাস্থানাভাবাদ্বিষয়বিস্মৃতির্ব্বিষয়াণাং শব্দাদীনাং ধ্যেয়াকারস্য বিষয়স্য বা বিস্মৃতির্লয়ো লয়শব্দার্থ ইত্যর্থঃ॥ ৩৪॥

বেদেতি। বেদাশ্চত্বারঃ শাস্ত্রাণি ষট্ পুরাণান্যষ্টাদশ সামান্যা গণিকা ইব বেশ্যা ইব। বহুপুরুষগম্যত্বাৎ। একা শাম্ভবী মুদ্রৈব কুলবধূরিব কুলস্ত্রীব গুপ্তা। পুরুষবিশেষগম্যত্বাৎ॥ ৩৫॥

চিত্তলয়ায় প্রাণলয়সাধনীভূতাং মুদ্রাং বিবক্ষুস্তত্র শাম্ভবীং মুদ্রামাহ।

"লয় লয়" এই কথা সকলেই বলিয়া থাকেন, কিন্তু লয়ের লক্ষণ কিরূপ? এইরূপ প্রশ্নে লয়লক্ষণ নিরূপণ করিতেছেন।—সম্পূর্ণরূপে, অর্থাৎ পুনর্ব্বার উৎপন্ন না হইতে পারে এইরূপে বাসনার নিবৃত্তি হইলে যে বিষয়ের বিস্মৃতি, অর্থাৎ ধ্যেয়াকারে অন্তঃকরণের বৃত্তি হয়, তাহাই লয় শব্দের অর্থ॥ ৩৪॥

চতুর্ব্বিধ বেদ, ষড়্বিধ অঙ্গশাস্ত্র এবং অষ্টাদশ পুরাণ, এই সকল সামান্য গণিকার ন্যায়, অর্থাৎ অনেকেই বেদাদির পর্য্যালোচনা করিয়া থাকে। পরন্তু এক শাম্ভবী মুদ্রা কুলবধূর ন্যায় গুপ্তা অর্থাৎ কোন ভাগ্যবান্ ব্যক্তিই এই মুদ্রা জানেন, সাধারণে ইহার ফল ভোগ করিতে পারে না॥ ৩৫॥

চিত্ত লয়ের নিমিত্ত প্রাণ লয়ের সাধনীভূত মুদ্রা বলিবেন, এই অভি-

এষা সা শাম্ভবী মুদ্রা বেদশাস্ত্রেষু গোপিতা ॥ ৩৬ ॥
অন্তর্লক্ষ্যবিলীনচিত্তপবনো যোগী যদা বর্ত্ততে
দৃষ্ট্যা নিশ্চলতারয়া বহিরধঃ পশ্যন্নপশ্যন্নপি।

অন্তর্লক্ষ্যমিতি। অন্তঃ আধারাদিব্রহ্মরন্ধ্রান্তেষু চক্রেষু মধ্যে স্বাভিমতে চক্রে লক্ষ্যমন্তঃকরণবৃত্তিঃ। বহির্দ্দেহাদ্বহিঃপ্রদেশে দৃষ্টিঃ চক্ষুঃসম্বন্ধঃ। কীদৃশী দৃষ্টিঃ নিমেষোন্মেষবর্জ্জিতা নিমেষঃ পক্ষ্মসংযোগঃ উন্মেষঃ পক্ষ-সংযোগবিশ্লেষঃ তাভ্যাং বর্জ্জিতা রহিতা চিত্তস্য ধ্যেয়াকারাবেশে নিমেষোন্মেষবর্জ্জিতা দৃষ্টির্ভবতি। সোক্তয়া মুদ্রা শাম্ভবী শম্ভোরিয়ং শাম্ভবী শিবপ্রিয়া শিবাবির্ভাবজনিকা বা ভবতি। কীদৃশী বেদশাস্ত্রেষু গোপিতা বেদেষু ঋগাদিষু শাস্ত্রেষু সাঙ্খ্যপাতঞ্জলাদিষু গোপিতা রক্ষিতা ॥ ৩৬ ॥

শাম্ভবীং মুদ্রামভিনীয় দর্শয়তি। অন্তর্লক্ষ্যমিতি। যদা যস্যামবস্থায়া-মন্তঃ অনাহতপদ্মাদৌ যল্লক্ষ্যং সগুণেশ্বরমূর্ত্ত্যাদিকং তত্ত্বমস্যাদিবাক্যলক্ষ্যং জীবেশ্বরাভিন্নমহং ব্রহ্মাস্মীতি বাক্যার্থভূতং ব্রহ্ম বা তস্মিন্বিলীনৌ বিশে-ষেণ লীনৌ চিত্তপবনৌ মনোমারুতৌ যস্য স তথা যোগী বর্ত্ততে নিশ্চল-

---

প্রায়ে এইক্ষণ শাম্ভবী মুদ্রা কহিতেছেন। - শাম্ভবী মুদ্রাতে বাহ্যবিষয়ে চক্ষুর সম্বন্ধমাত্র থাকে, তাহার নিমেষ কি উন্মেষ কিছুই থাকে না, পরন্তু আধারাদি ব্রহ্মরন্ধ্রান্ত চক্রসমূহের মধ্যে কোন অভিমত চক্রে লক্ষ্য, অর্থাৎ অন্তঃকরণবৃত্তি থাকে। এই শাম্ভবী মুদ্রা শিবের অতি প্রিয় এবং শিবপ্রাপ্তির হেতুভূত, ইহা ঋগাদিবেদ এবং সাঙ্খ্য পাতঞ্জলাদি শাস্ত্রে গোপিত আছে ॥ ৩৬ ॥

এইক্ষণ অভিনয় পূর্ব্বক শাম্ভবী মুদ্রা প্রদর্শন করিতেছেন।—যে অবস্থাতে যোগী পুরুষ অনাহতাদি পদ্মেতে লক্ষ্য যে সগুণশালী ঈশ্বর-মূর্ত্ত্যাদি, অর্থাৎ তত্ত্বমস্যাদি বাক্যলক্ষ্য জীবও ঈশ্বরাভিন্ন অথবা "অহং ব্রহ্মাস্মি" এই বাক্যগম্য ব্রহ্ম, তাহাতে মনঃ প্রাণ বিলীন করিয়া বিদ্য-মান থাকে, অথচ নিশ্চলনয়নে বাহ্যে দৃষ্টিপাত করে বটে, কিন্তু চক্ষুঃ

মুদ্রেয়ং খলু শাম্ভবী ভবতি সা লব্ধা প্রসাদাদ্‌গুরোঃ
শূন্যাশূন্যবিলক্ষণং স্ফুরতি তত্তত্ত্বং পরং শাম্ভবম্‌ ॥ ৩৭ ॥

তারয়া নিশ্চলা স্থিরা তারা কণীনিকা যস্যাং তাদৃশ্যা দৃষ্ট্যা বহির্দ্দেহাদ্বহিঃ-প্রদেশে পশ্যন্নপি চক্ষুঃসম্বন্ধং কুর্ব্বন্নপি অপশ্যন্‌ বাহ্যবিষয়গ্রহণমকুর্ব্বন্‌ বর্ত্ততে আস্তে। খল্বিতি বাক্যালঙ্কারে। ইয়মুক্তা শাম্ভবী মুদ্রা শাম্ভবী-নামিকা। মুদ্রয়তি ক্লেশানিতি মুদ্রা গুরোর্দ্দেশিকস্য প্রসাদাৎ প্রীতিপূর্ব্বকা-দনুগ্রহাল্লব্ধা প্রাপ্তাচেত্তদিদমিতি বক্তুমশক্যং শাম্ভবং শাম্ভবীমুদ্রায়াং ভাস-মানং পদং পদ্যতে গম্যতে যোগিভিরিতি পদমাত্মস্বরূপং শূন্যাশূন্যবিলক্ষণং ধ্যেয়াকারবৃত্তেঃ সদ্ভাবাচ্ছূন্যবিলক্ষণং তস্যা অপি ভানাভাবাদশূন্যবিলক্ষণং তত্ত্বং বাস্তবিকং বস্তু স্ফুরতি প্রতীয়তে। তথাচোক্তং। অন্তর্লক্ষমনন্যধী-রবিরতং পশ্যন্মুদা সংযমী দৃষ্ট্যুন্মেষনিমেষবর্জ্জিতমিয়ং মুদ্রা ভবেচ্ছাম্ভবী। গুপ্তেয়ং গিরিশেন তন্ত্রবিদুষা তন্ত্রেষু তত্ত্বার্থিনামেষা স্যাদ্যমিনাং মনোলয়-করী মুক্তিপ্রদা দুর্লভা ॥ ঊর্দ্ধদৃষ্টিরধোদৃষ্টিরূর্দ্ধবেধো হ্যধঃশিরাঃ। রাধাযন্ত্র-বিধানেন জীবন্মুক্তো ভবেৎ ক্ষিতৌ ॥ ৩৭ ॥

কোন বিষয় গ্রহণ করে না, ইহাই শাম্ভবী মুদ্রা। ইহা সকল ক্লেশ মুদ্রণ, অর্থাৎ নিবারণ করে বলিয়াই ইহাকে মুদ্রা বলে। এই মুদ্রা গুরুর কৃপা হইলেই লাভ করিতে পারে। এই মুদ্রা প্রাপ্ত হইলে যোগিগণ অনির্ব্বচনীয় পদলাভ করিয়া থাকে, অর্থাৎ তাহার আত্মপরিজ্ঞান হইয়া থাকে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, সংযমী ব্যক্তি অনন্যচিত্তে অবিরত অন্তরে আত্মাকে দর্শন করে, বাহ্যে চক্ষুর সম্বন্ধমাত্র থাকে, তাহার উন্মেষ বা নিমেষ হয় না, এইরূপ অবস্থাকেই শাম্ভবী মুদ্রা বলে। এই মুদ্রা গিরীশ সর্ব্ব তন্ত্রেতে গোপন করিয়া রাখিয়াছেন। আর উক্ত শাম্ভবী মুদ্রা তত্ত্বার্থী সংযমিদিগের মনোলয় সাধন করে এবং মুক্তি প্রদান করিয়া থাকে, ইহা অতি দুর্লভ মুদ্রা। যাহার অধোদেশে দৃষ্টি থাকিলেও ঊর্দ্ধই লক্ষ্য হয় এবং রাধাযন্ত্র ক্রমে ঊর্দ্ধবেধ ও অধঃশিরা হয়, সেই ব্যক্তি এই ধরণীতলে জীবন্মুক্ত হইয়া থাকে। ৩৭।

শ্রীশাম্ভব্যাশ্চ খেচর্য্যা অবস্থাধামভেদতঃ।
ভবেচ্চিত্তলয়ানন্দঃ শূন্যে চিৎসুখরূপিণি ॥ ৩৮ ॥
তারে জ্যোতিষি সংযোজ্য কিঞ্চিদুন্নময়েদ্ভ্রুবৌ।
পূর্ব্বযোগং মনোযুঞ্জন্নুন্মনীকারকঃ ক্ষণাৎ ॥ ৩৯ ॥

শ্রীশাম্ভব্যা ইতি। শ্রীশাম্ভব্যাঃ শ্রীমত্যাঃ শাম্ভবীমুদ্রায়াঃ খেচরীমুদ্রায়াশ্চাবস্থাধামভেদতঃ অবস্থাঽবস্থিতির্ধাম স্থানং তয়োর্ভেদাচ্ছাম্ভব্যাং বহির্দৃষ্ট্যা বহিঃস্থিতিঃ খেচর্য্যাং ভ্রূমধ্যদৃষ্ট্যাঽবস্থিতিঃ। শাম্ভব্যাং হৃদয়ভাবনাদেশঃ খেচর্য্যাং ভ্রূমধ্য এব দেশঃ। তয়োর্ভেদাভ্যাং শূন্যে দেশকালবস্তুপরিচ্ছেদশূন্যে সজাতীয়বিজাতীয়স্বগতভেদশূন্যে যা চিৎসুখরূপিণি চিদানন্দস্বরূপিণ্যাত্মনি চিত্তলয়ানন্দো ভবেৎ স্যাৎ। শ্রীশাম্ভবীখেচর্য্যোরবস্থাধামরূপসাধনাংশে ভেদঃ নতু চিত্তলয়ানন্দরূপফলাংশ ইতিভাবঃ ॥৩৮॥

উন্মনীমুদ্রামাহ। তারে ইতি। তারে নেত্রয়োঃ কণীনিকে জ্যোতিষী তারয়োর্নাসাগ্রে যোজনাৎ প্রকাশমানে তেজসি সংযোজ্য সংযুক্তে কৃত্বা ভ্রুবৌ কিঞ্চিৎ স্বল্পমুন্নয়েদূর্দ্ধং নয়েৎ। পূর্ব্বোক্তোঽন্তর্লক্ষ্যবহির্দৃষ্টিরিত্যাকারকো যোগো যুক্তির্যস্মিন্ তত্তাদৃশং মনোঽন্তঃকরণং

অবস্থিতি স্থানের ভেদেই শাম্ভবী মুদ্রা ও খেচরী মুদ্রার ভেদ হইয়া থাকে। শাম্ভবী মুদ্রাতে বাহ্য দৃষ্টিতে অবস্থিতি এবং খেচরী মুদ্রাতে ভ্রূমধ্যে দৃষ্টি রাখিয়া অবস্থিতি। শাম্ভবী মুদ্রায় হৃদয়ই ভাবনা স্থান এবং খেচরী মুদ্রায় ভ্রূমধ্য ভাবনা স্থান। এইরূপ ভেদহেতুই দেশকালপরিচ্ছেদশূন্য, অথবা স্বজাতীয়, বিজাতীয় ও স্বগতভেদ শূন্য চিদানন্দময় পরমাত্মাতে চিত্তলয় জন্য আনন্দ হইয়া থাকে। কেবল অবস্থিতি স্থান ভেদই শাম্ভবীমুদ্রা ও খেচরী মুদ্রার ভেদ হয়, কিন্তু উক্ত মুদ্রাদ্বয়ে চিত্তলয়জন্য, আনন্দের কোন ভেদনাই ॥ ৩৮ ॥

অনন্তর উন্মনীমুদ্রা কথিত হইতেছে।—চক্ষুর তারকাদ্বয়কে প্রকাশমান জ্যোতিতে সংযোজিত করিয়া ভ্রূযুগলকে কিঞ্চিৎ ঊর্দ্ধে উন্নীত করিবে এবং পূর্ব্ববৎ অন্তর্লক্ষ্য ও বহির্দৃষ্টি হইয়া মনের যোগ সাধন করত যোগী

কেচিদাগমজালেন কেচিন্নিগমসঙ্কুলৈঃ।
কেচিত্তর্কেণ মুহ্যন্তি নৈব জানন্তি তারকম্॥ ৪০॥
অর্দ্ধোন্মীলিতলোচনঃ স্থিরমনা নাসাগ্রদত্তেক্ষণ-
শ্চন্দ্রার্কাবপি লীনতামুপনয়ন্নিস্পন্দভাবেন যঃ।

যুঞ্জন্ যুক্তং কুর্ব্বন্ যোগী ক্ষণান্মুহূর্ত্তাদুন্মনীকারক উন্মন্যবস্থাকারকো ভবতি॥ ৩৯॥

উন্মনীমন্তরাঽন্যস্তরণোপায়ো নাস্তীত্যাহ কেচিদিতি। কেচিচ্ছাস্ত্র-তন্ত্রাদিবিদঃ আগচ্ছন্তি বুদ্ধিমারোহন্ত্যর্থা এভ্যঃ ইত্যাগমাঃ শাস্ত্রতন্ত্রাদয়-স্তেষাং জালৈর্জ্জালবদ্বন্ধনসাধনৈস্তদুক্তৈঃ ফলৈর্ম্মুহ্যন্তি মোহং প্রাপ্নু-বন্তি। তত্রাসক্তা বধ্যন্ত ইতি ভাবঃ। কেচিদ্বৈদিকা নিগমসঙ্কুলৈর্নিগ-মানাং নিগমোক্তানাং সঙ্কুলৈঃ ফলবাহুল্যৈর্ম্মুহ্যন্তি। কেচিদ্বৈশেষিকা-দয়স্তর্কেণ স্বকল্পিত যুক্তিবিশেষেণ মুহ্যন্তি। তারয়তীতি তারকস্তং তারকং তরণোপায়ং নৈব জানন্তি। উক্তোন্মন্যেব তরণোপায়স্তং ন জানন্তীত্যর্থঃ॥ ৪০॥

অর্দ্ধোন্মীলিতেতি। অর্দ্ধং উন্মীলেতি অর্দ্ধোন্মীলিতে অর্দ্ধোন্মীলিতে লোচনে যেন স অর্দ্ধোন্মীলিতলোচনঃ অর্দ্ধোদ্ঘাটিতলোচন ইত্যর্থঃ।

ব্যক্তি উন্মনী অবস্থায় রত হয়, অর্থাৎ যোগীব্যক্তি উক্তরূপ অবস্থাকেই উন্মনী অবস্থা বলিয়া থাকে॥ ৩৯॥

উন্মনী অবস্থা ব্যতিরেকে পরিত্রাণের অন্য উপায় নাই। কোন কোন শাস্ত্রবেত্তারা তন্ত্রশাস্ত্রাদি জানে, কোন কোন বৈদিকেরা নিগম শাস্ত্রসমূহ, আর কোন কোন বাদীরা তর্ক, অর্থাৎ স্বপরিকল্পিত যুক্তিবিশেষ দ্বারা মোহিত হইয়া আছে, কিন্তু তাহারা প্রকৃত পরিত্রাণের উপায় জানে না, অর্থাৎ তন্ত্রশাস্ত্রাদিবেত্তারা পরিত্রাণের প্রকৃষ্ট উপায় যে উন্মনী অবস্থা, তাহা জানে না॥ ৪০॥

সাধক নয়নদ্বয় অর্দ্ধ উন্মীলিত করিয়া মনের স্থৈর্য্য সম্পাদনপূর্ব্বক নাসাগ্রে দৃষ্টি স্থাপন করিবে। বশিষ্ঠ বলিয়াছেন যে, নাসিকাগ্রের উপরি-

জ্যোতীরূপমশেষ-বীজমখিলং দেদীপ্যমানং পরং
তত্ত্বং তৎপদমেতি বস্তু পরমং বাচ্যং কিমত্রাধিকম্ ॥৪১॥

স্থিরং নিশ্চলং মনো যস্য স স্থিরমনা নাসায়া নাসিকায়া অগ্রেঽগ্রভাগে নাসিকায়াং দ্বাদশাঙ্গুলপর্য্যন্তে বা দত্তে প্রহিতে ঈক্ষণে যেন স নাসাগ্রদত্তেক্ষণঃ। তথাহ বশিষ্ঠঃ। দ্বাদশাঙ্গুলপর্য্যন্তে নাসাগ্রে বিমলেঽম্বরে। সম্বিদ্দৃশোঃ প্রশাম্যন্ত্যোঃ প্রাণস্পন্দো নিরুধ্যত ইতি। নিস্পন্দস্য নিশ্চলস্য ভাবো নিস্পন্দভাবঃ কার্য্যেন্দ্রিয়মনসাং নিশ্চলত্বং তেন চন্দ্রার্কৌ চন্দ্রসূর্য্যাবপি লীনতাং লীনস্য ভাবো লীনতা লয়স্তমুপনয়ন্ প্রাপয়ন্ কার্য্যেন্দ্রিয়মনসাং নিশ্চলত্বেন প্রাণসঞ্চারমপি স্তম্ভয়ন্নিত্যর্থঃ। তদুক্তং প্রাক্। মনো যত্র বিলীয়েতেত্যাদিপূর্ব্বোক্তবিশেষণসম্পন্নো যোগী জ্যোতীরূপং জ্যোতিরিবাখিলপ্রকাশকং রূপং যস্য স তথা তমশেষবীজমাকাশাদ্যুৎপত্তিদ্বারা সর্ব্বকারণমখিলং পূর্ণং দেদীপ্যমানমতিশয়েন দীপ্যত ইতি দেদীপ্যমানং তত্তথা স্বপ্রকাশকং পরং কার্য্যেন্দ্রিয়মনসাং সাক্ষিণং তত্ত্বমনারোপিতং বাস্তবিকমিত্যর্থঃ। তদিদমিতি বক্তুমশক্যং পদ্যতে গম্যতে যোগিভিরিতি পদং পরমং সর্ব্বোৎকৃষ্টং বস্তু আত্মস্বরূপং এতি প্রাপ্নোতি। উন্মন্যবস্থায়াং স্বস্বরূপাবস্থিতো যোগী ভবতীত্যর্থঃ। অত্রাধিকং কিং বাচ্যং। অপরং বস্তু প্রাপ্নোতীত্যত্র কিম্বক্তব্যমিত্যর্থঃ। ৪১।

ভাগে দ্বাদশাঙ্গুল পর্য্যন্ত নির্ম্মল আকাশে দৃষ্টি স্থাপনপূর্ব্বক প্রাণস্পন্দ নিরুদ্ধ করিবে। সাধক উক্ত প্রকারে দৃষ্টি স্থাপন করিয়া নিস্পন্দভাব আশ্রয় করত, অর্থাৎ কর্ম্মেন্দ্রিয় ও মনের নিশ্চলতা সম্পাদনপূর্ব্বক চন্দ্রসূর্য্য বিলীন করিবে, অর্থাৎ প্রাণ ব্যাপার স্তম্ভিত করিবে। এইরূপ করিলে জ্যোতির ন্যায় অখিল প্রকাশক সর্ব্বকারণ দেদীপ্যমান, অর্থাৎ স্বপ্রকাশ স্বরূপ কর্ম্মেন্দ্রিয় ও মনের সাক্ষীভূত "তাহা এইরূপ" এই প্রকারে নির্ণয়ের অযোগ্য সর্ব্বোৎকৃষ্ট আত্মস্বরূপ বস্তু প্রাপ্ত হইতে পারে। উন্মনী অবস্থাতে যোগিগণ স্বস্বরূপে অবস্থিত হয়। ইতোঽধিক বক্তব্য আর কি আছে। অন্য বিশেষ বস্তুলাভ হয়, ইহা বলা যায় না ॥৪১॥

দিবা ন পূজয়েল্লিঙ্গং রাত্রৌ চৈব ন পূজয়েৎ।
সর্ব্বদা পূজয়েল্লিঙ্গং দিবারাত্রিনিরোধতঃ॥ ৪২॥

অথ খেচরী।

সব্যদক্ষিণনাড়ীস্থো মধ্যে চরতি মারুতঃ।

উন্মনীভাবনায়াঃ কালনিয়মাভাবমাহ। দিবা নেতি। দিবা সূর্য্যসঞ্চারে লিঙ্গং সর্ব্বকারণমাত্মানং। এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদিশ্রুতেঃ। ন পূজয়েৎ ন ভাবয়েৎ। ধ্যানমেবাত্মপূজনং। তদুক্তং বাশিষ্ঠে। ধ্যানোপহার এবাত্মা ধ্যানমস্য মহার্চ্চনং। বিনা তেনেতরেণায়মাত্মা লভ্যত এব নো ইতি। রাত্রৌ চন্দ্রসঞ্চারে চ নৈব পূজয়েন্নৈব ভাবয়েৎ। চন্দ্রসূর্য্যসঞ্চারে চিত্তস্থৈর্য্যাভাবাৎ। চলে বাতে চলং চিত্তমিত্যুক্তত্বাৎ। দিবারাত্রিনিরোধতঃ সূর্য্যচন্দ্রৌ নিরুধ্য। ল্যব্‌লোপে পঞ্চমী তস্যাস্তসিল্। সর্ব্বদা সর্ব্বস্মিন্ কালে লিঙ্গং আত্মানং পূজয়েদ্ভাবয়েৎ। সূর্য্যচন্দ্রয়োর্নিরোধে কৃতে সুষুম্নান্তর্গতে প্রাণে মনঃস্থৈর্য্যাৎ। তদুক্তং। সুষুম্নান্তর্গতে বায়ৌ মনঃস্থৈর্য্যং প্রজায়ত ইতি॥ ৪২॥

খেচরীমাহ। সব্যেতি। সব্যদক্ষিণনাড়ীস্থো বামতদিতরনাড়ীস্থো

দিবাতে অর্থাৎ সূর্য্যনাড়ী প্রবাহকালে সর্ব্বকারণ পরমাত্মার ধ্যান করিবে না। আত্মপূজনই আত্ম ধ্যান। যোগবাশিষ্ঠে লিখিত আছে যে, ধ্যানই আত্মার উপহার এবং ধ্যানই তাহার মহাপূজা, ধ্যানব্যতিরেকে অন্য কোন উপায়ে আত্মাকে লাভ করা যায় না। আর রাত্রিতে অর্থাৎ চন্দ্রসঞ্চার কালেও আত্মধ্যান করিবে না,যেহেতু প্রাণবায়ু প্রবাহকালে চিত্তের স্থিরতা হয় না। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, বায়ুর চলনাবস্থায় চিত্তও চঞ্চল হয়, অতএব চন্দ্রসূর্য্য নিরোধ অর্থাৎ প্রাণবায়ুকে লীন করিয়া সর্ব্বদা আত্মাকে ধ্যান করিবে। প্রাণবায়ু সুষুম্নামধ্যে প্রবেশ করিলেই চিত্ত স্থির হয়, তখন আত্মতত্ত্ব চিন্তা করিবে। শাস্ত্রান্তরেও উক্ত আছে যে বায়ু সুষুম্নামধ্যে গমন করিলে মনের স্থিরতা জন্মে॥ ৪২॥

অনন্তর খেচরী মুদ্রা কথিত হইতেছে, প্রাণবায়ু বাম দক্ষিণ

তিষ্ঠতে খেচরী মুদ্রা তস্মিন্ স্থানে ন সংশয়ঃ ॥ ৪৩ ॥
ইড়াপিঙ্গলয়োর্ম্মধ্যে শূন্যং চৈবানিলং গ্রসেৎ।
তিষ্ঠতে খেচরী মুদ্রা তত্র সত্যং পুনঃ পুনঃ ॥ ৪৪ ॥
সূর্য্যাচন্দ্রমসোর্ম্মধ্যে নিরালম্বান্তরং পুনঃ।
সংস্থিতা ব্যোমচক্রে যা সা মুদ্রা নাম খেচরী ॥ ৪৫ ॥

মারুতো বায়ুর্যত্র মধ্যে চরতি যস্মিন্মধ্যপ্রদেশে গচ্ছতি তস্মিন্ স্থানে তস্মিন্ প্রদেশে খেচরী মুদ্রা তিষ্ঠতে স্থিরা ভবতি। প্রকাশনস্থেয়াখ্যয়োশ্চেত্যাত্মনেপদং। ন সংশয়ঃ উক্তেঽর্থে সন্দেহো নাস্তীত্যর্থঃ ॥ ৪৩ ॥

ইড়াপিঙ্গলয়োরিতি। ইড়াপিঙ্গলয়োঃ সব্যদক্ষিণনাড্যোর্ম্মধ্যে যচ্ছূন্যং স্বং কর্তৃ অনিলং প্রাণবায়ুং যত্র গ্রসেৎ। শূন্যে প্রাণস্য স্থিরীভাব এব গ্রাসঃ। তত্র তস্মিন্ শূন্যে খেচরী মুদ্রা তিষ্ঠতে। পুনঃ পুনঃ সত্যমিতি যোজনা ॥ ৪৪ ॥

সূর্য্যাচন্দ্রমসোরিতি। সূর্য্যাচন্দ্রমসোরিড়াপিঙ্গলয়োর্ম্মধ্যে নিরালম্বং যদন্তরমবকাশস্তত্র। পুনঃ পাদপূরণে। ব্যোম্নাং খানাং চক্রে সমুদায়ে। ভ্রূমধ্যে সর্ব্বখানাং সমন্বয়াৎ। তদুক্তং পঞ্চস্রোতঃ সমন্বিতঃ ইতি। যা সংস্থিতা সা মুদ্রা খেচরীনাম ॥ ৪৫ ॥

নাসিকাতে অবস্থিতি করে, ঐ বায়ু যে মধ্যপ্রদেশে বিচরণ করে, সেই মধ্যস্থানেই খেচরীমুদ্রা বিদ্যমান আছে, ইহাতে অণুমাত্র সন্দেহ নই ॥৪৩॥

ইড়া ও পিঙ্গলা, অর্থাৎ বাম নাসিকা ও দক্ষিণ নাসিকার মধ্যে যে শূন্য, অর্থাৎ আকাশ আছে, ঐ আকাশই যে স্থানে প্রাণবায়ুকে গ্রাস করে (শূন্য স্থানে স্থিরভাবে যে প্রাণবায়ুর অবস্থিতি, তাহাই গ্রাস) সেই শূন্য স্থানে খেচরীমুদ্রা আছে, ইহা পুনঃ পুনঃ সত্য বলিয়া জানিবে ॥ ৪৪ ॥

ইড়া ও পিঙ্গলা এই উভয় নাড়ীর মধ্যে যে নিরালম্ব স্থান, অর্থাৎ অন্তরাবকাস আছে, এই ব্যোমচক্রমধ্যে যে মুদ্রা আছে, তাহারই নাম খেচরী মুদ্রা ॥ ৪৫ ॥

সোমাদ্‌যত্রোদিতা ধারা সাক্ষাৎ সা শিববল্লভা।
পূরয়েদতুলাং দিব্যাং সুষুম্নাং পশ্চিমে মুখে ॥ ৪৬ ॥
পুরস্তাচ্চৈব পূর্য্যেত নিশ্চিতা খেচরী ভবেৎ।
অভ্যস্তা খেচরী মুদ্রাপ্যুন্মনী সংপ্রজায়তে ॥ ৪৭ ॥
ভ্রুবোর্ম্মধ্যে শিবস্থানং মনস্তত্র বিলীয়তে।

সোমাদিতি। সোমাচ্চন্দ্রাদ্‌যত্র যস্যাং খেচর্য্যাং ধারাঽমৃতধারা উদিতোদ্ভূতা সা খেচরী সাক্ষাচ্ছিববল্লভা শিবস্য প্রিয়েতি পূর্ব্বেণান্বয়ঃ। অতুলাং নির্ম্মলাং নিরুপমাং দিব্যাং সর্ব্বনাড্যুত্তমাং সুষুম্নাং পশ্চিমে মুখে পূরয়েৎ। জিহ্বয়েতি শেষঃ ॥ ৪৬ ॥

পুরস্তাচ্চৈবেতি। পুরস্তাচ্চৈব পূর্ব্বতোঽপি পূর্য্যেত। সুষুম্নাং প্রাণেনেতি শেষঃ। যদি তর্হি নিশ্চিতাঽসন্দিগ্ধা খেচরী খেচর্য্যাখ্যা মুদ্রা ভবেদিতি। যদি তু পুরস্তাৎ প্রাণে ন পূর্য্যেত জিহ্বামাত্রেণ পশ্চিমতঃ পূর্য্যেত তর্হি মূঢ়াবস্থাজনিকা। ন নিশ্চিতা খেচরী স্যাদিতি ভাবঃ। খেচরীমুদ্রাপ্যভ্যস্তা সতী উন্মনী সংপ্রজায়তে চিত্তস্য ধ্যেয়াকারাবেশাত্তুর্য্যাবস্থা ভবতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

ভ্রুবোরিতি। ভ্রুবোর্ম্মধ্যে ভ্রুবোরন্তরালে শিবস্থানং শিবস্যেশ্বরস্য

যে খেচরীমুদ্রাতে চন্দ্র হইতে অমৃতধারা উদ্ভূত হয়, সেই খেচরী মুদ্রা শিবের অতি প্রিয়। এই খেচরীমুদ্রা নিরুপমা সর্ব্বনাড়ীপ্রধানা সুষুম্নাকে পশ্চিম মুখে পরিপূর্ণ করিয়া থাকে ॥ ৪৬ ॥

সুষুম্নানাড়ী পূর্ব্বমুখেও প্রাণদ্বারা পরিপূরিত হয়, তাহাহইলে নিশ্চয় খেচরীমুদ্রা হইয়া থাকে। আর যদি প্রাণদ্বারা পূর্ব্বমুখে পরিপূরিত না হয়, কেবল জিহ্বামাত্রদ্বারা পশ্চিম মুখেই পরিপূরিত থাকে, তাহাহইলে মূঢ়াবস্থা মাত্র জন্মায়, খেচরী মুদ্রা হয় না। এই খেচরীমুদ্রা অভ্যস্ত হইলেই উন্মনী অবস্থা জন্মে, অর্থাৎ চিত্তের ধ্যেয়াকারাবস্থা হইয়া তূর্য্যাবস্থা হয় ॥ ৪৭ ॥

ভ্রূযুগলের মধ্যে শিবস্থান আছে, অর্থাৎ ঐ স্থানেই সুখস্বরূপ আত্মার

অভ্যাসাজ্জীর্য্যতে বায়ুর্ম্মনস্তত্রৈব লীয়তে ॥ ৫২ ॥
অমৃতৈঃ প্লাবয়েদ্দেহমাপাদতলমস্তকম্।
সিদ্ধ্যত্যেব মহাকায়ো মহাবলপরাক্রমঃ ॥ ৫৩ ॥
শক্তিমধ্যে মনঃ কৃত্বা শক্তিং মানসমধ্যগাম্।
মনসা মন আলোক্য ধারয়েৎ পরমং পদম্ ॥ ৫৪ ॥

বায়ুঃ প্রাণো জীর্য্যতে ক্ষীয়তে লীয়ত ইত্যর্থঃ। তত্রৈব বায়োর্লয়াধিষ্ঠানে মনশ্চিত্তং লীয়তে জীর্য্যত ইত্যর্থঃ ॥ ৫২ ॥

অমৃতৈরিতি। অমৃতৈঃ মুষিরনির্গতৈঃ পাদতলং চ মস্তকং চ পাদতলমস্তকং। দ্বন্দ্বশ্চ প্রাণিতূর্য্যসেনাঙ্গানামিত্যেকবদ্ভাবঃ। পাদতলমস্তকমাভব্যাপ্যেত্যাপাদতলমস্তকং দেহমাপ্লাবয়েদাপ্লাবিতং কুর্য্যাৎ। মহানুৎকৃষ্টঃ কায়ো যস্য স মহাকায়ঃ মহান্তৌ বলপরাক্রমৌ যস্যেত্যেতাদৃশো যোগী সিদ্ধ্যত্যেব। অমৃতাপ্লাবনেন সিদ্ধো ভবত্যেব ॥ ৫৩ ॥

শক্তারিতি। শক্তিঃ কুণ্ডলিনী তস্যা মধ্যে মনঃ কৃত্বা তস্যাং মনো ধৃত্বা তদাকারং মনঃ কৃত্বেত্যর্থঃ। শক্তিং মানসমধ্যগাং কৃত্বা। শক্তিধ্যানাবেশাচ্ছক্তিং মনস্যেকীকৃত্য তেন কুণ্ডলীং বোধয়িত্বেতি যাবৎ। প্রবুদ্ধাবহ্নিযোগেন মনসা মরুতা সহেতি গোরক্ষোক্তেঃ। মনসান্তঃকর-

---

করিলে যে স্থানে সেই যোগীর প্রাণবায়ু লীন হয়, সেই বায়ুলয় স্থানেই মন লয় পাইয়া থাকে ॥ ৫২ ॥

খেচরীমুদ্রা সাধন করিলে ব্রহ্মরন্ধ্র হইতে যে অমৃতক্ষরণ হয়, সেই অমৃত সাধকের আপাদ মস্তক পর্য্যন্ত দেহ প্লাবিত করে। তাহাতে সেই যোগী মহাকায় ও মহাবল পরাক্রমশালী হইয়া সিদ্ধ হয় ॥ ৫৩ ॥

সাধক কুণ্ডলিনী শক্তির মধ্যে মনঃস্থাপনপূর্ব্বক সেই শক্তিকে মনের সহিত একীভাবাপন্ন করিবে, অর্থাৎ মনদ্বারা কুণ্ডলিনীকে বোধিত করিবে, এবং মনদ্বারা অবলোকনপূর্ব্বক বুদ্ধি স্থির করিয়া পরমপদ স্বরূপ ধারণ করিবে ॥ ৫৪ ॥

স্বমধ্যে কুরু চাত্মানমাত্মমধ্যে চ স্বং কুরু।
সর্ব্বং চ স্বময়ং কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ৫৫ ॥
অন্তঃ শূন্যো বহিঃ শূন্যঃ শূন্যঃ কুম্ভ ইবাম্বরে।

পেন-মন আলোক্য বুদ্ধিং মনসাঽবলোকনেন স্থিরীকৃত্বেত্যর্থঃ। পরমং পদং সর্ব্বোৎকৃষ্টং স্বরূপং ধারয়েদ্ধারণাবিষয়ং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫৪ ॥

স্বমধ্য ইতি। স্বমিব পূর্ণং ব্রহ্ম স্বং তন্মধ্যে আত্মানং স্বস্বরূপং কুরু। ব্রহ্মাহমিতি ভাবয়েত্যর্থঃ। আত্মমধ্যে স্বস্বরূপে চ স্বং পূর্ণং ব্রহ্ম কুরু। অহং ব্রহ্মেতি চ ভাবয়েত্যর্থঃ। সর্ব্বং স্বময়ং কৃত্বা ব্রহ্মময়ং বিভাব্য কিমপি ন চিন্তয়েৎ। অহং ব্রহ্মেতি ধ্যানমপি পরিত্যজেদিত্যর্থঃ ॥ ৫৫ ॥

এবং সমাহিতস্য স্বরূপে স্থিতিমাহ। অন্তঃশূন্য ইতি। অন্তঃ অন্তঃকরণে শূন্যঃ। ব্রহ্মাতিরিক্তবৃত্তেরভাবাদ্দ্বিতীয়শূন্যঃ। বহিরন্তঃ করণাদ্বহিরপি শূন্যঃ। দ্বিতীয়াদর্শনাৎ। অম্বরে আকাশে কুম্ভো ঘটো যথান্তর্ব্বহিঃ শূন্যস্তদ্বদন্তঃকরণে হৃদাকাশে বায়ুপূর্ণঃ ব্রহ্মাকারবৃত্তেঃ সদ্ভাবাদ্‌ব্রহ্মবাসত্বাদ্বা। বহিঃপূর্ণোঽন্তঃকরণাদ্বহির্হৃদবকাশাদ্বহির্ব্বা পূর্ণঃ। সত্তয়া ব্রহ্মাতি-

---

আপনাকে ব্রহ্মস্বরূপ কর, অর্থাৎ "ব্রহ্মাহমস্মি" এইরূপ ভাবনা কর এবং ব্রহ্মকে আত্মস্বরূপ কর, অর্থাৎ "অহংব্রহ্মাস্মি" এইরূপ চিন্তা কর। আর "সকলই ব্রহ্মময়" এইরূপ ভাবনা করিয়া অন্যচিন্তা পরিত্যাগ কর ॥ ৫৫ ॥

উক্তরূপে সমাধি হইলে তাহার কিরূপে অবস্থিতি হয়, তাহা কথিত হইতেছে।—যেমন আকাশে কুম্ভ থাকিলে তাহার বাহ্যে ও অভ্যন্তরে শূন্য থাকে, সেইরূপ সমাধিস্থিত ব্যক্তিরও অন্তরে ও বাহ্যে শূন্য থাকে। তাহার অন্তঃকরণে ব্রহ্মাতিরিক্ত দ্বিতীয় থাকে না; সুতরাং সে অন্তঃশূন্য হয় এবং বাহ্যেও সে ব্রহ্ম ভিন্ন অপর কিছুই দর্শন করে না, অতএব তাঁহার বাহ্যেও শূন্য থাকে। আর যেমন কুম্ভ সমুদ্রে নিহিত হইলে সেই কুম্ভ অন্তরে ও বাহ্যে জলপূর্ণ হয়, সেইরূপ যাহার সমাধি হইয়াছে, সেই ব্যক্তি বাহ্যে ও অভ্যন্তরে পরিপূর্ণ থাকে। সমাধিস্থিত ব্যক্তি

অন্তঃ পূর্ণো বহিঃ-পূর্ণঃ পূর্ণঃ কুম্ভ উবার্ণবে ॥ ৫৬ ॥
বাহ্যচিন্তা ন কর্ত্তব্যা তথৈবান্তরচিন্তনম্।
সর্ব্বচিন্তাং পরিত্যজ্য ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ৫৭ ॥
সঙ্কল্পমাত্রকলনৈব জগৎসমগ্রং
সঙ্কল্পমাত্রকলনৈব মনোবিলাসঃ।

রিক্তবৃত্তেরভাবাদ্‌ব্রহ্মপূর্ণত্বাদ্বা। অর্ণবে সমুদ্রে কুম্ভো ঘটো যথা সর্ব্বতো জলপূর্ণো ভবত্যেবং সমাধিনিষ্ঠো যোগী ব্রহ্মপূর্ণো ভবতীত্যর্থঃ ॥ ৫৬ ॥

বাহ্যচিন্তেতি। সমাহিতেন যোগিনেত্যধ্যাহারঃ। বাহ্যচিন্তা বাহ্যবিষয়া চিন্তা ন কর্ত্তব্যা তথৈব বাহ্যচিন্তাকরণবদান্তরচিন্তনমান্তরাণাং মনসা পরিকল্পিতানামাশামোদকসৌধবাটিকাদীনাং চিন্তনং ন কর্ত্তব্যমিতি লিঙ্গবিপরিণামেনান্বয়ঃ। সর্ব্বচিন্তাং বাহ্যাভ্যন্তরচিন্তনং পরিত্যজ্য কিঞ্চিদপি ন চিন্তয়েৎ পরবৈরাগ্যেণাত্মাকারবৃত্তিমপি পরিত্যজেৎ। তত্ত্যাগে স্বরূপাবস্থিতিরূপা জীবন্মুক্তির্ভবতীতি ভাবঃ ॥ ৫৭ ॥

বাহ্যাভ্যন্তরচিন্তাপরিত্যাগে শান্তিশ্চ ভবতীত্যত্র বশিষ্ঠবাক্যং প্রমাণয়তি সঙ্কল্পেতি। সঙ্কল্পো মানসিকো ব্যাপারঃ স এব সঙ্কল্পমাত্রং তস্য

অন্তরেও ব্রহ্ম দর্শন করে এবং বাহ্যেও ব্রহ্মময় হইয়া থাকে; সুতরাং সে সর্ব্বতোভাবে ব্রহ্মপূর্ণ হয় ॥ ৫৬ ॥

সমাধিস্থিত যোগী পুত্রকলত্রাদি বাহ্যবিষয়ের চিন্তা করিবে না। যেমন বাহ্য চিন্তা পরিত্যাগ করিবে. সেইরূপ আন্তরিক চিন্তাও করিবে না, অর্থাৎ মনে মনে অট্টালিকা বাটীপ্রভৃতির চিন্তা পরিত্যাগ করিবে। পরন্তু বাহ্য ও মানসিক চিন্তা পরিত্যাগ করিয়া সর্ব্বচিন্তা পরিত্যাগ করিবে, অর্থাৎ পরম বৈরাগ্য বলে আত্মরূপ বৃত্তিও পরিত্যাগ করিবে। এইরূপ সর্ব্বচিন্তা পরিত্যাগ করিলেই স্বস্বরূপাবস্থিতিরূপ জীবন্মুক্তি হইয়া থাকে ॥ ৫৭ ॥

বাহ্য ও আন্তরিক চিন্তা পরিত্যাগ করিলেই পরমাশান্তি লাভ হয়, এই অভিপ্রায়ে প্রমাণস্বরূপ বশিষ্ঠবাক্য প্রদর্শন করিতেছেন।—বশিষ্ঠ

সঙ্কল্পমাত্রমতিমুৎসৃজ নির্ব্বিকল্প-
মাশ্রিত্য নিশ্চয়মবাপ্নুহি রাম শান্তিম্॥ ৫৮॥
কর্পূরমনলে যদ্বৎ সৈন্ধবং সলিলে যথা।

কল্পনৈব রচনৈবেদং দৃশ্যমানং সমগ্রং জগৎ। বাহ্যপ্রপঞ্চো মনোমাত্রকল্পিত ইত্যর্থঃ। মনসো মানসস্য বিলাসো নানাবিষয়াকারকলনা আশামোদকসৌধবাটিকাদিকল্পনারূপো বিলাসঃ সঙ্কল্পমাত্রকল্পনৈব। মানসঃ প্রপঞ্চোঽপি সঙ্কল্পমাত্ররচনৈবেত্যর্থঃ। সঙ্কল্পমাত্রে বাহ্যাভ্যন্তরপ্রপঞ্চে যা মতিঃ সত্যত্ববুদ্ধিস্তামুৎসৃজ। তর্হি কিং কর্ত্তব্যমিত্যত আহ। নির্ব্বিকল্পেতি। বিশিষ্টকল্পনা বিকল্পঃ। আত্মনি কর্ত্তৃত্বভোক্তৃত্বসুখিত্বসজাতীয়বিজাতীয়স্বগতভেদদেশকালবস্তুপরিচ্ছেদকল্পনারূপঃ তস্মান্নিষ্ক্রান্তো নির্ব্বিকল্পস্তমাত্মানমাশ্রিত্য ধারণাদিবিষয়ং কৃত্বা হেরাম নিশ্চয়মসন্দিগ্ধং শান্তিং পরমোপরতিমবাপ্নুহি। ততঃ সুখমপি প্রাপ্স্যসীতি ভাবঃ। তদুক্তং ভগবতা ব্যতিরেকেণ। ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখমিতি॥ ৫৮॥

কর্পূরমিতি। যদ্বদ্যথাঽনলেঽগ্নৌ সন্ধীয়মানং সংযোজ্যমানং কর্পূরং

মুনি রামকে উপদেশ করিয়া বলিয়াছিলেন, হে রাম! মানসিক ব্যাপারই সঙ্কল্প, এই সঙ্কল্পমাত্রদ্বারাই পরিদৃশ্যমান বাহ্য জগৎ প্রকাশ পায়, অর্থাৎ এই প্রপঞ্চ মনোমাত্রকল্পিত, আর মানসিক বিলাসও সঙ্কল্পমাত্র। আশা, আমোদ, অট্টালিকা, বাটীপ্রভৃতি মানসিক কল্পনামাত্র, অতএব বাহ্য ও আন্তরিক প্রপঞ্চে যে সত্য বুদ্ধি, তাহা পরিত্যাগ কর এবং আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি সুখী, আমি অমুকের সজাতীয়, অমুকের বিজাতীয়, আমি অমুকের বিভিন্ন, আমি অমুক দেশস্থ, আমি অমুক কালবর্ত্তী, ইত্যাদি পরিচ্ছেদ কল্পনা শূন্য আত্মাকে আশ্রয় করিয়া পরমাশান্তি লাভকর, তাহাহইলে পরম সুখী হইতে পারিবে। ভগবান্ বলিয়াছেন, আত্মতত্ত্ব চিন্তা না করিলে শান্তি হয় না এবং শান্তি না হইলেও কোনরূপে সুখ হইতে পারে না॥ ৫৮॥

তথা সন্ধীয়মানং চ মনস্তত্ত্বে বিলীয়তে ॥ ॥ ৫৯ ॥
জ্ঞেয়ং সর্ব্বং প্রতীতং চ জ্ঞানং চ মন উচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং সমং নষ্টং নান্যঃ পন্থা দ্বিতীয়কঃ ॥ ৬০ ॥
মনোদৃশ্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চিৎ সচরাচরম্।

বিলীয়তে বিশেষেণ লীয়তে লীনং ভবতি। অগ্ন্যাকারং ভবতি। যথা সলিলে জলে সন্ধীয়মানং সৈন্ধবং লবণং বিলীয়তে লবণাকারং পরিত্যজ্য জলাকারং ভবতি তথা তত্ত্বতত্ত্বে আত্মনি সন্ধীয়মানং কার্য্যমাণং মনো বিলীয়তে আত্মাকারং ভবতি ॥ ৫৯ ॥

মনসো বিলয়ে জাতে দ্বৈতমপি লীয়ত ইত্যাহ ত্রিভিঃ। জ্ঞেয়মিতি। সর্ব্বং সকলং জ্ঞেয়ং জ্ঞানার্হং প্রতীতং চ জ্ঞাতং চ জ্ঞানং চ ইদং সর্ব্বং মন উচ্যতে। সর্ব্বস্য মনঃকল্পনামাত্রত্বান্মনঃশব্দেনোচ্যতে। জ্ঞানং জ্ঞেয়ং চ সমং মনো বিলীয়তে মনসা সার্দ্ধং নষ্টং যদি তর্হি দ্বিতীয়কঃ দ্বিতীয় এব দ্বিতীয়কঃ পন্থা মনোবিষয়ো নাস্তি। দ্বৈতং নাস্তীতি ফলিতার্থঃ ॥ ৬০ ॥

মনোদৃশ্যমিতি। ইদমুপলভ্যমানং যৎকিঞ্চিদ্‌যৎকিমপি চরং জঙ্গমমচরং স্থাবরং চরং চাচরং চ চরাচরে তাভ্যাং সহবর্ত্তত ইতি সচরাচরং যজ্জগ-

---

যেমন কর্পূর অগ্নিসংযোগে বিলীন হয়, অর্থাৎ অগ্নির আকার ধারণ করে এবং সৈন্ধব জলে নিক্ষেপ করিলে, সেই সৈন্ধব স্বীয়রূপ পরিত্যাগ করিয়া জলরূপ ধারণ করে, সেইরূপ মন আত্মাতে যুক্ত হইলেই সেই আত্মাতে বিলীন হয়, অর্থাৎ আত্মস্বরূপ ধারণ করে॥ ৫৯ ॥

মনের লয় হইলে দ্বৈত বুদ্ধিও লয় পাইয়া থাকে, ইহাই শ্লোকত্রয়ে বলিতেছেন।—সকল পদার্থই জ্ঞেয় এবং মনই জ্ঞান, যেহেতু প্রপঞ্চ সমস্তই মনের সঙ্কল্পমাত্র। এই জ্ঞেয় ও জ্ঞান সমুদায়ই মনের সহিত নাশ পায়, মনের বিনাশে জ্ঞান বা জ্ঞেয় কিছুই থাকে না। যদি জ্ঞান ও জ্ঞেয় সমস্তই নষ্ট হইল, তাহাহইলে দ্বিতীয় পন্থা, অর্থাৎ মনের বিষয় আর কে থাকিবে, তখন দ্বৈত বুদ্ধি বিনষ্ট হইবে ॥ ৬০ ॥

লোকে চরাচর যাহা কিছু উপলাভ হয়, সেই সমুদায়ই মনোদৃশ্য,

মনসো হ্যুন্মনীভাবাদ্দ্বৈতং নৈবোপলভ্যতে ॥ ৬১ ॥
জ্ঞেয়বস্তুপরিত্যাগাদ্বিলয়ং যাতি মানসম্।
মনসো বিলয়ে জাতে কৈবল্যমবশিষ্যতে ॥ ৬২ ॥
এবং নানাবিধোপায়াঃ সম্যক্ স্বানুভবান্বিতাঃ।

তৎসর্ব্বং মনোদৃশ্যং মনসা দৃশ্যং। মনঃসঙ্কল্পমাত্রমিত্যর্থঃ। মনঃকল্পনাসত্ত্বে প্রতীতেস্তদভাবে চাপ্রতীতের্ভ্রম এব সর্ব্বং জগৎ। ভ্রমস্য প্রতীতকশরীরত্বাৎ। ন চ বৌদ্ধমতপ্রসঙ্গঃ। ভ্রমাধিষ্ঠানস্য ব্রহ্মণঃ সত্যত্বাভ্যুপগমাৎ। মনস উন্মনীভাবাদ্বিলয়াদ্দ্বৈতং ভেদঃ নৈবোপলভ্যতে নৈব প্রতীয়তে। দ্বৈতভ্রমহেতোর্ম্মনঃ সঙ্কল্পস্যাভবাৎ। হি তদ্ধেতাববয়ং ॥ ৬১ ॥

জ্ঞেয়মিতি। জ্ঞেয়ং জ্ঞানবিষয়ং যদ্বস্তু সর্ব্বং চরাচরং যদ্দৃশ্যং তস্য পরিত্যাগান্নামরূপাত্মকস্য তস্য পরিবর্জ্জাদ্বিলয়ং সচ্চিদানন্দরূপাত্মাকারং ভবতি। মনসো বিলয়ে জাতে সতি কৈবল্যং কেবলস্যাত্মনো ভাবঃ কৈবল্যমবশিষ্যতে। অদ্বিতীয়াত্মস্বরূপমবশিষ্টং ভবতীত্যর্থঃ ॥ ৬২ ॥

এবমিতি। এবমন্তর্লক্ষ্যং বহির্দৃষ্টিরিত্যাদ্যুক্তপ্রকারেণ মহান্ সমাধিপরিশীলনশুদ্ধ আত্মান্তঃকরণং যেষাং তে মহাত্মানস্তৈর্ম্মহাত্মভিঃ পূর্ব্বে চ তে আচার্য্যাশ্চ পূর্ব্বাচার্য্যা মৎস্যেন্দ্রাদয়স্তৈঃ সমাধেশ্চিত্তবৃত্তিনিরোধস্য

অর্থাৎ মনের সঙ্কল্পবশতই সচরাচর জগৎ প্রতীয়মান হয়। যাবৎ মনের সঙ্কল্প থাকে, তাবৎ সমুদায় পদার্থের প্রতীতি হয়, সঙ্কল্পের অভাব হইলে আর কোন পদার্থ প্রতীয়মান হয় না; সুতরাং এই জগৎ ভ্রমমাত্র। যখন এই মনের লয় হয়, তখন আর দ্বিতীয় কিছুই উপলাভ করা যায় না ॥ ৬১ ॥

চরাচর দৃশ্যমান জ্ঞেয় বস্তু পরিত্যক্ত হইলে, মন লয়পায়, অর্থাৎ সচ্চিদানন্দস্বরূপ আত্মাকারে পরিণত হয় এবং মনের বিলয় হইলে কেবল আত্মস্বরূপই অবশিষ্ট থাকে, অর্থাৎ অদ্বিতীয় ব্রহ্মময় হয় ॥ ৬২ ॥

সমাধি পরিশীলনদ্বারা যাহাদিগের অন্তঃকরণ বিশুদ্ধ হইয়াছে, মৎস্যেন্দ্রাদি সেই সকল পূর্ব্বতন যোগী চিত্তবৃত্তিনিরোধের বিবিধ উপায় নিরূপণ

সমাধিমার্গাঃ কথিতাঃ পূর্ব্বাচার্য্যৈর্ম্মহাত্মভিঃ ॥ ৬৩ ॥
সুষুম্নায়ৈ কুণ্ডলিন্যৈ সুধায়ৈ চন্দ্রজন্মনে।
মনোন্মন্যৈ নমস্তুভ্যং মহাশক্ত্যৈ চিদাত্মনে ॥ ৬৪ ॥
অশক্যতত্ত্ববোধানাং মূঢ়ানামপি সম্মতম্।

মার্গাঃ প্রাপ্ত্যুপায়াঃ কথিতাঃ। কীদৃশাঃ সমাধিমার্গাঃ। নানাবিধোপায়াঃ নানাবিধা উপায়াঃ সাধনানি যেষাং তে তথা সম্যক্ সমীচীনতয়া সংশয়-বিপর্য্যয়রাহিত্যেন যঃ স্বানুভব আত্মানুভবস্তেনান্বিতা যুক্তাঃ ॥ ৬৩ ॥

সুষুম্নাদিভ্যঃ কৃতকৃত্যস্তাঃ প্রণমতি। সুষুম্নায়ৈ ইতি। সুষুম্না মধ্য-নাড়ী তস্যৈ কুণ্ডলিন্যৈ আধারশক্ত্যৈ চন্দ্রাদ্‌ভ্রূমধ্যস্থাজ্জন্ম যস্যাস্তস্যৈ সুধায়ৈ পীযূষায়ৈ মনোন্মন্যৈ তুর্য্যাবস্থায়ৈ চিচ্চৈতন্যমাত্মা স্বরূপং যস্যাঃ সা তথা তস্যৈ মহতী জড়ানাং কার্য্যেন্দ্রিয়মনসাং চৈতন্যসম্পাদকত্বাৎ সর্ব্বোত্তমা যা শক্তিশ্চিচ্ছক্তিঃ পুরুষরূপা তস্যৈ। তুভ্যমিতি প্রত্যেকং সম্বধ্যতে। নমঃ প্রহ্বীভাবোঽস্তু ॥ ৬৪ ॥

নানাবিধান্ সমাধ্যুপায়ানুক্ত্বা নাদানুসন্ধানরূপং মুখ্যোপায়ং প্রতি-জানীতে। অশক্যেতি। অব্যুৎপন্নত্বাদশক্যস্তত্ত্বজ্ঞানং যেষাং তে তথা তেষাং মূঢ়ানামনধীতানাং সম্মতং। অপিশব্দাৎ কিমুতাধীতানামিতি

করিয়াছেন। ঐ সকল উপায় নানাবিধ কারণে সাধিত এবং আত্মানু-ভব সমন্বিত; সুতরাং ঐ সকল উপায় অবলম্বন করিলে অনায়াসে যোগসাধন করিয়া জীবন্মুক্তি লাভ করিতে পারে ॥ ৬৩ ॥

সুষুম্নাদিনাড়ী হইতে সাধক কৃতকৃত্য হইতে পারে, অতএব তাহা-দিগের প্রণাম করিতেছেন।—মধ্যনাড়ী সুষুম্না, আধারশক্তি কুণ্ডলিনী, ভ্রূমধ্যস্থ চন্দ্রবিগলিত সুধা, তুর্য্যাবস্থারূপিণী মনোন্মনী, জড় কার্য্য, ইন্দ্রিয় ও মনের চৈতন্য সম্পাদনকারিণী চিৎশক্তি, ইহাদিগের প্রত্যেকের নমস্কার হইক ॥ ৬৪ ॥

পূর্ব্বে সমাধির নানাবিধ উপায় নিরূপণ করিয়া এইক্ষণ নাদানুসন্ধান রূপ মুখ্য উপায় নিরূপণ করিতেছেন।—যাহারা অব্যুৎপন্নহেতু তত্ত্ব

প্রোক্তং গোরক্ষনাথেন নাদোপাসনমুচ্যতে ॥ ৬৫ ॥

শ্রীআদিনাথেন সপাদকোটি-
লয়প্রকারাঃ কথিতা জয়ন্তি।
নাদানুসন্ধানকমেকমেব
মন্যামহে মুখ্যতমং লয়ানাম্ ॥ ৬৬ ॥

মুক্তাসনে স্থিতো যোগী মুদ্রাং সন্ধায় শাম্ভবীম্।

গম্যতে। গোরক্ষনাথেন প্রোক্তমীত্যনেন মহদুক্তত্বাদুপাদেয়ত্বং গম্যতে। নাদস্যানাহতধ্বনেরুপাসনেঽনুসন্ধানরূপং সেবনমুচ্যতে ॥ ৬৫ ॥

শ্রীআদিনাথেনেতি। শ্রীআদিনাথেন শিবেন কথিতাঃ প্রোক্তাঃ পাদেন চতুর্থাংশেন সহ বর্ত্তমানাঃ কোটিসংখ্যাকা লয়প্রকরাশ্চিত্তলয়-সাধনভেদা জয়ন্ত্যুৎকর্ষেণ বর্ত্তন্তে। বয়ং তু নাদানুসন্ধানকং নাদানুচিন্তন-মেব একং কেবলং লয়ানাং লয়সাধনানাং মধ্যে মুখ্যতমমতিশয়েন মুখ্যং মন্যামহে জানীমহে উৎকৃষ্টানাং লয়সাধনানাং মধ্যে উৎকৃষ্টতমত্বাদ্গোর-ক্ষাভিমতত্বতাচ্চ নাদানুসন্ধানমেব অবশ্যং বিধেয়মিতি ভাঃ। ৬৬ ॥

শাম্ভবীমুদ্রায়া নাদানুসন্ধানমাহ। মুক্তাসন ইতি। মুক্তাসনে সিদ্ধা-

---

নির্ণয়ে অপক্ব, সেই সকল অনধীতশাস্ত্র মূর্খদিগের এবং কৃতবিদ্য পণ্ডিত-দিগের সম্মত যোগিপ্রবর গোরক্ষনাথোক্ত নাদ, অর্থাৎ অনাহত ধ্বনির উপাসনাতে অনুসন্ধানরূপ সেবন কথিত হইতেছে ॥ ৬৫ ॥

শ্রীআদিনাথ মহাদেব সপাদকোটিপ্রকার চিত্তবৃত্তিনিরোধের উপায় কহিয়াছেন, সেই সকল উপায় সর্ব্বোৎকৃষ্টরূপে বিদ্যমান আছে। পরন্তু আমরা কেবল নাদানুসন্ধানকেই চিত্তলয় সাধনের মধ্যে প্রধান সাধন বলিয়া জানি। এই নাদানুসন্ধান সর্ব্বপ্রকার লয়সাধনের প্রধান এবং গোরক্ষ নাথের অভিমত বিধায় নাদানুসন্ধান অবশ্য কর্ত্তব্য ॥ ৬৬ ॥

প্রথমত শাম্ভবী মুদ্রার নাদানুসন্ধান কথিত হইতেছে।—যোগী ব্যক্তি সিদ্ধাসনে অবস্থিত হইয়া পূর্ব্বোক্ত ক্রমানুসারে শাম্ভবী মুদ্রা

শৃণুয়াদ্দক্ষিণে কর্ণে নাদমন্তঃস্থমেকধীঃ ॥ ৬৭ ॥
শ্রবণপুটেনয়নযুগলঘ্রাণমুখানাং নিরোধনং কার্য্যম্।
শুদ্ধসুষুম্নাসরণৌ স্ফুটমমলঃ শ্রূয়তে নাদঃ ॥ ৬৮ ॥

সনে স্থিতো যোগী শাম্ভবীং মুদ্রামন্তর্লক্ষ্যং বহির্দৃষ্টিরিত্যাদিনোক্তাং সন্ধায় কৃত্বা। একধীরেকাগ্রচিত্তঃ সন্ দক্ষিণে কর্ণেঽন্তঃস্থসুষুম্নানাড্যাং সন্তমেব নাদং শৃণুয়াৎ। তদুক্তং ত্রিপুরাসারসমুচ্চয়ে। আদৌ মত্তালিমালাজনিতরবসমস্তারসংস্কারকারী নাদোঽসৌ বাংশিকস্থানিলভরিতলসদ্বংশনিঃস্বানতুল্যঃ। ঘণ্টানাদানুকারী তদনু চ জলধিধ্বানধীরো গভীরো গর্জ্জনৃপর্জ্জন্যঘোষঃ পর ইহ কুহরে বর্ত্ততে ব্রহ্মনাড্যা ইতি ॥ ৬৭ ॥

পরাঙ্মুখীমুদ্রয়া নাদানুসন্ধানমাহ। শ্রবণপুটে নয়নয়োর্নেত্রয়োর্যুগলং যুগ্মং প্রাণশব্দেন ঘ্রাণপুটে মুখমাস্যমেষাং। দ্বন্দ্বে প্রাণ্যঙ্গত্বাদেকবদ্ভাবে প্রাপ্তেঽপি সর্ব্বস্থাপি দ্বন্দ্বৈকবদ্ভাবস্য বৈকল্পিকত্বান্ন ভবতি। তেষাং নিরোধনং করাঙ্গুলিভিঃ কার্য্যং। নিরোধনং চেত্থং। অঙ্গুষ্ঠাভ্যামুভৌ কর্ণৌ তর্জ্জনীভ্যাং চ চক্ষুষী। নাসাপুটৌ তথান্যাভ্যাং প্রচ্ছাদ্য করণানি চেতি। চকারাত্তদন্যাভ্যাং মুখং প্রচ্ছাদ্যেতি সমুচ্চীয়তে। শুদ্ধা প্রাণায়ামৈ-

---

করিয়া একাগ্রচিত্তে দক্ষিণ কর্ণদ্বারা অন্তঃস্থ সুষুম্নানাড়ীর ধ্বনি শ্রবণ করিবে। ত্রিপুরাসার সমুচ্চয়ে লিখিত আছে যে, ব্রহ্মনাড়ীতে প্রথমত মত্ত ভ্রমর শ্রেণীর গুণ গুণ ধ্বনির ন্যায় শব্দ হয়, তৎপরে বংশছিদ্র মধ্যে বায়ু প্রবেশ করিলে যেরূপ শব্দ শুনা যায়, সেইরূপ শব্দ হইয়া থাকে। অনন্তর ঘণ্টা ধ্বনির ন্যায় শব্দ হয়, পরে সমুদ্র মধ্যে যেরূপ গভীর ও ঘোর ধ্বনি হয়, সেইরূপ হইতে থাকে, তৎপরে মেঘধ্বনির ন্যায় শব্দ হয়, যাহাতে এই সকল শব্দ শুনিতে পারে, সাধক একাগ্রচিত্তে তাঁহাই করিবে ॥ ৬৭ ॥

এইক্ষণ পরাঙ্মুখী মুদ্রাদ্বারা নাদানুসন্ধান কথিত হইতেছে।—সাধক প্রথমত কর্ণদ্বয়, নেত্রদ্বয় ও নাসিকাদ্বয় ইহাদিগের মুখ নিরোধ করিবে, অর্থাৎ অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বারা কর্ণ, তর্জ্জনীদ্বারা নেত্র এবং অন্যাঙ্গুলিদ্বারা

আরম্ভশ্চ ঘটশ্চৈব তথা পরিচয়োঽপি চ।
নিষ্পত্তিঃ সর্ব্বযোগেষু স্যাদবস্থাচতুষ্টয়ম্ ॥ ৬৯ ॥

অথারম্ভাবস্থা।

ব্রহ্মগ্রন্থের্ভবেদ্ভেদো হ্যানন্দঃ শূন্যসম্ভবঃ।
বিচিত্রঃ ক্বণকো দেহেঽনাহতঃ শ্রূয়তে ধ্বনিঃ ॥ ৭০ ॥

স্মলরহিতা যা সুষুম্নাসরণিঃ সুষুম্নাপদ্ধতিস্তস্যামমলো নাদঃ স্ফুটং ব্যক্তং শ্রূয়তে ॥ ৬৮ ॥

অথ নাদস্য চতস্রোঽবস্থাঃ প্রাহ। আরম্ভশ্চেতি। আরম্ভাবস্থা ঘটাবস্থা পরিচয়াবস্থা নিষ্পত্ত্যবস্থা ইতি। সর্ব্বযোগেষু সর্ব্বেষু চিত্তবৃত্তি-নিরোধোপায়েষু শাম্ভব্যাদিষু অবস্থাচতুষ্টয়ং স্যাৎ। চচৈবতথাপিবাঃ পাদপূরণার্থাঃ ॥ ৬৯ ॥

তত্রারম্ভাবস্থামাহ। ব্রহ্মগ্রন্থেরিতি। ব্রহ্মগ্রন্থেরনাহতচক্রে বর্ত্তমানায়া ভেদঃ প্রাণায়ামাভ্যাসেন ভেদনং যদা ভবেত্তদেতি যত্তদোরধ্যাহারঃ। আনন্দয়তীত্যানন্দঃ আনন্দজনকঃ শূন্যে হৃদাকাশে সম্ভবতীতি শূন্যসম্ভবো হৃদাকাশোৎপন্নো বিচিত্রো নানাবিধঃ ক্বণো ভূষণনিনাদঃ স এব ক্বণকঃ ভূষণনিনাদসদৃশ ইত্যর্থঃ। ভূষণানাং তু শিঞ্জিতং। নিক্বাণো নিক্বণঃ ক্বাণঃ

নাসিকা ও মুখ আচ্ছাদন করিয়া প্রাণায়ামদ্বারা বিশুদ্ধ যে সুষুম্নাপদ্ধতি তাহাতে সুস্পষ্ট শব্দ শ্রবণ করিবে ॥ ৬৮ ॥

অনন্তর নাদের অবস্থাচতুষ্টয় কথিত হইতেছে।—নাদের প্রথম আরম্ভাবস্থা, দ্বিতীয় ঘটাবস্থা, তৃতীয় পরিচয়াবস্থা এবং চতুর্থ নিষ্পত্ত্যবস্থা। সর্ব্বপ্রকার চিত্তবৃত্তি নিরোধেই উক্ত অবস্থাচতুষ্টয় হইয়া থাকে ॥ ৬৯ ॥

এইক্ষণ আরম্ভাবস্থা কথিত হইতেছে।—যখন প্রাণায়ামাভ্যাসদ্বারা অনাহত চক্রে বর্ত্তমান ব্রহ্মগ্রন্থির ভেদ হয়, তখন দেহমধ্যে হৃদয়াকাশে নানাবিধ ভূষণ ধ্বনির ন্যায় আনন্দজনক অনাহত ধ্বনি (কোন আঘাত জন্য নহে) শ্রুত হইতে থাকে ॥ ৭০ ॥

দিব্যদেহশ্চ তেজস্বী দিব্যগন্ধস্ত্বরোগবান্।
সম্পূর্ণহৃদয়ঃ শূন্য আরম্ভো যোগবান্ ভবেৎ ॥ ৭১ ॥

অথ ঘটাবস্থা।

দ্বিতীয়ায়াং ঘটীকৃত্য বায়ুর্ভবতি মধ্যগঃ।

ক্বণঃ ক্বণনমিত্যপীত্যমরঃ। অনাহতো ধ্বনিরনাহতো নির্হাদো দেহে দেহমধ্যে শ্রূয়তে শ্রবণবিষয়ো ভবতীত্যর্থঃ ॥ ৭০ ॥

দিব্যদেহ ইতি। শূন্যে হৃদাকাশে য আরম্ভো নাদারম্ভস্তস্মিন্ সতি হৃদাকাশবিশুদ্ধাকাশভ্রূমধ্যাকাশাঃ শূন্যাতিশূন্যমহাশূন্যশব্দৈর্ব্ব্যবহ্রিয়ন্তে যোগিভিঃ। সংপূর্ণহৃদয়ঃ প্রাণবায়ুনা সম্যক্ পূর্ণং হৃদয়ং যস্য স তথা আনন্দেন পূর্ণে হৃদয়ে যোগবান্ যোগী দিব্যো রূপলাবণ্যবলসম্পন্নো দেহো যস্য স দিব্যদেহঃ তেজস্বী প্রতাপবান্ দিব্যগন্ধঃ দিব্য উত্তমো গন্ধো যস্য স তথা অরোগবান্ রোগরহিতো ভবেদিতি সম্বন্ধঃ ॥ ৭১ ॥

ঘটাবস্থামাহ। দ্বিতীয়ায়ামিতি। দ্বিতীয়ায়াং বায়ুঃ প্রাণঃ ঘটীকৃত্য আত্মনা সহাপানং নাদবিন্দূ চৈকীকৃত্য মধ্যগো মধ্যচক্রগতঃ কণ্ঠস্থানে মধ্যচক্রং তদুক্তমত্রৈব জালন্ধরবন্ধে। মধ্যচক্রমিদং জ্ঞেয়ং ষোড়শাধার-বন্ধনমিতি। যদাভবেদিত্যধ্যাহারঃ। তদাস্যামবস্থায়াং যোগী যোগা-

---

যখন হৃদয়াকাশে নাদারম্ভ হইতে থাকে, তখন যোগী ব্যক্তির হৃদয় প্রাণবায়ুদ্বারা সংপূর্ণ হয়, দেহ রূপলাবণ্য সম্পন্ন হয়, শরীরের তেজ বৃদ্ধি পায়, অতিউত্তম গন্ধ অনুভূত হইতে থাকে এবং তাহার শরীরে কোন রোগ থাকে না ॥ ৭১ ॥

অনন্তর নাদের ঘটাবস্থা কথিত হইতেছে।—দ্বিতীয় ঘটাবস্থাতে প্রাণবায়ু আপনার সহি অপানবায়ু এবং নাদবিন্দুকে একীভূত করিয়া কণ্ঠস্থানে মধ্য চক্রগত হয়। এই গ্রন্থেই জালন্ধরবন্ধকথনে উক্ত আছে যে, কণ্ঠস্থিত ষোড়শদল পদ্মই মধ্যচক্র। যখন ঐরূপ প্রাণ মধ্যচক্রাবস্থ হয়, সেই অবস্থাতে যোগী ব্যক্তি পূর্ব্বাপেক্ষা কুশলবুদ্ধিশালী এবং রূপলাবণ্যা-ধিক্যপ্রযুক্ত দেবতুল্য হয়। ঈশ্বরোক্ত রাজযোগে লিখিত আছে যে,

দৃঢ়াসনো ভবেদ্‌যোগী জ্ঞানী দেবসমস্তদা ॥ ৭২ ॥
বিষ্ণুগ্রন্থেস্ততো ভেদাৎ পরমানন্দসূচকঃ।
অতিশূন্যে বিমর্দ্দশ্চ ভেরীশব্দস্তথা ভবেৎ ॥ ৭৩ ॥
তৃতীয়ায়াং তু বিজ্ঞেয়ো বিহায়োমর্দ্দলধ্বনিঃ।
মহাশূন্যং তদা যাতি সর্ব্বসিদ্ধিসমাশ্রয়ম্ ॥ ৭৪ ॥

ভ্যাসী দৃঢ়মাসনং যস্য স দৃঢ়াসনঃ স্থিরাসনো জ্ঞানী পূর্ব্বাপেক্ষয়া কুশল-বুদ্ধির্দ্দেবসমো রূপলাবণ্যাধিক্যাদ্দেবতুল্যো ভবেৎ। তদুক্তমীশ্বরোক্তে রাজযোগে। প্রাণাপানৌ নাদবিন্দূ জীবাত্মপরমাত্মনোঃ। মিলিত্বা ঘটতে যস্মাত্তস্মাৎ স ঘট উচ্যত ইতি ॥ ৭২ ॥

বিষ্ণুগ্রন্থেরিতি। ততো ব্রহ্মগ্রন্থিভেদনানন্তরং বিষ্ণুগ্রন্থেঃ কণ্ঠে বর্ত্ত-মানায়া ভেদাৎ কুম্ভকৈর্ভেদনাৎ পরমানন্দস্য ভাবিনো ব্রহ্মানন্দস্য সূচকো জ্ঞাপকঃ। অতিশূন্যে কণ্ঠাবকাশে বিমর্দ্দোঽনেকনাদসংমর্দ্দো ভের্য্যাঃ শব্দ ইব শব্দো ভেরীশব্দো ভেরীনাদশ্চ তদা তস্মিন্ কালে ভবেৎ ॥ ৭৩ ॥

পরিচয়াবস্থামাহ সার্দ্ধদ্বাভ্যাং। তৃতীয়ায়াং পরিচয়াবস্থায়াং বিহায়ো-মর্দ্দলধ্বনির্বিহায়সি ভ্রূমধ্যাকাশে মর্দ্দলস্য বাদ্যবিশেষস্য ধ্বনিরিব ধ্বনি-র্ব্বিজ্ঞেয়ো বিশেষেণ জ্ঞানার্হো ভবতি। তদা তস্যামবস্থায়াং সর্ব্ব-

---

যেহেতু প্রাণবায়ু, অপানবায়ু, নাদ ও বিন্দু এই সকল মিলিত হইয়া ঘটা-কার হয়, অতএব ইহাকে ঘটাবস্থা বলে ॥ ৭২ ॥

ব্রহ্মগ্রন্থির ভেদানন্তর কণ্ঠে বর্ত্তমান বিষ্ণুগ্রন্থির ভেদবশত কণ্ঠাব-কাশে ব্রহ্মানন্দ সূচক ভেরী শব্দের ন্যায় শব্দ হইতে থাকে। যখন অনাহত চক্রভেদের পর কণ্ঠচক্রভেদ হইয়া শব্দ হয়, তখন ঐ শব্দ শ্রবণ করিলে পরমানন্দ উপস্থিত হয় ॥ ৭৩ ॥

অনন্তর পরিচয়াবস্থা কথিত হইতেছে।—তৃতীয় পরিচয়াবস্থাতে ভ্রূমধ্যগত আকাশে মর্দ্দলনামক বাদ্যবিশেষের শব্দের ন্যায় শব্দ অনুভূত হয়। এই অবস্থা হইলে প্রাণ অণিমাদি অষ্টসিদ্ধির আশ্রয়ভূত ভ্রূমধ্য-গত আকাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭৪ ॥

চিত্তানন্দং তদা জিত্বা সহজানন্দসম্ভবঃ।
দোষদুঃখজরাব্যাধিক্ষুধানিদ্রাবিবর্জ্জিতঃ ॥ ৭৫ ॥
রুদ্রগ্রন্থিং যদা ভিত্ত্বা শর্ব্বপীঠগতোঽনিলঃ।
নিষ্পত্তৌ বৈণবঃ শব্দঃ ক্বণদ্বীণাক্বণো ভবেৎ ॥ ৭৬ ॥

সিদ্ধিসমাশ্রয়ং সর্ব্বাসাং সিদ্ধীনামণিমাদীনাং সমাশ্রয়ং স্থানং। তত্র সংযমাদণিমাদিপ্রাপ্তেঃ মহাশূন্যং ভ্রূমধ্যাকাশং যাতি গচ্ছতি প্রাণ ইতি শেষঃ। ৭৪ ॥

চিত্তানন্দমিতি। চিত্তানন্দং নাদবিষয়ান্তঃকরণবৃত্তিজন্যং সুখং জিত্বাভিভূয় সহজানন্দসম্ভবঃ সহজানন্দঃ স্বাভাবিকাত্মসুখং তস্য সম্ভবঃ সদোষা বাতপিতকফা দুঃখং তজ্জন্যা বেদনা অধ্যাত্মিকাদি চ জরা বৃদ্ধাবস্থা ব্যাধিজ্ব'রাদিঃ ক্ষুধা বুভুক্ষা নিদ্রা স্বাপ এতৈর্ব্বিবর্জ্জিতো রহিতস্তদা যোগী ভবতীতি ॥ ৭৫ ॥

তদা কদেত্যপেক্ষায়ামাহ। রুদ্রেতি। যদা রুদ্রগ্রন্থিং ভিত্ত্বা আজ্ঞাচক্রে রুদ্রগ্রন্থিঃ শর্ব্বস্যেশ্বরস্য পীঠং স্থানং ভ্রূমধ্যং তত্র গতঃ প্রাপ্তোঽনিলঃ প্রাণো ভবতি তদা নিষ্পত্ত্যবস্থামাহ নিষ্পত্তাবিতি। নিষ্পত্তৌ নিষ্পত্ত্যবস্থায়াং। ব্রহ্মরন্ধ্রে গতে প্রাণে নিষ্পত্ত্যবস্থা ভবতি। বৈণবঃ বেণো-

---

পরিচয়াবস্থা হইলে নাদের বিষয়ীভূত অন্তঃকরণবৃত্তিজন্য সুখ অভিভূত করিয়া স্বাভাবিক আত্মসুখের আবির্ভাব হয়, আর সেই যোগীর বাত, পিত্ত ও কফজনিত ক্লেশ, দুঃখজন্য বেদনা, জ্বরাদি রোগ, ক্ষুধা, নিদ্রা, এই সকল নিবৃত্তি হইয়া যায়। উক্ত অবস্থাতে যে পরমানন্দ উপস্থিত হয়, তাহাতেই ক্ষুধাদির ক্লেশ অভিভূত থাকে। ৭৫ ॥

যখন আজ্ঞাচক্রস্থিত যে রুদ্রগ্রন্থি, অর্থাৎ ঈশ্বরের পীঠস্থানরূপী ভ্রূমধ্য আছে, তাহাতে প্রাণবায়ু লীন হয়, তখনই উক্ত অবস্থা হইয়া থাকে। অনন্তর চতুর্থ নিষ্পত্ত্যবস্থা কথিত হইতেছে। প্রাণ ব্রহ্মরন্ধ্রে গমন করিলেই নিষ্পত্তি অবস্থা হয়, এই নিষ্পত্তি অবস্থাতে বংশীশব্দ ও বীণাবাদনের ন্যায় শব্দ হয়। ৭৬ ॥

একীভূতং তদা চিত্তং রাজযোগাভিধানকম্।
সৃষ্টিসংহারকর্ত্তাসৌ যোগীশ্বরসমো ভবেৎ ॥ ৭৭ ॥
অস্তু বা মাস্তু বা মুক্তিরত্রৈবাখণ্ডিতং সুখম্।
লয়োদ্ভবমিদং সৌখ্যং রাজযোগাদবাপ্যতে। ৭৮ ॥
রাজযোগমজানন্তঃ কেবলং হঠকর্ম্মিণঃ।
এতানভ্যাসিনো মন্যে প্রয়াসফলবর্জ্জিতান্ ॥ ৭৯ ॥

রয়ং বৈণবো বংশসম্বন্ধী শব্দো নিনাদঃ ক্বণন্তী শব্দায়মানা যা বীণা তস্যাঃ ক্বণঃ শব্দো ভবেৎ ॥ ৭৬ ॥

তদা তস্যামবস্থায়াং চিত্তমন্তঃকরণমেকীভূতমেকবিষয়ীভূতং। বিষয়বিষয়িণোরভেদোপচারাৎ। তদ্রাজয়োগাভিধানকং রাজযোগ ইত্যভিধানং যস্য তদ্রাজয়োগাভিধানকং চিত্তস্যৈকাগ্রতৈব রাজযোগ ইত্যর্থঃ। সৃষ্টিসংহারেতি। অসৌ নাদানুসন্ধানপরো যোগী সৃষ্টিসংহারকর্ত্তা সৃষ্টিং সংহারং চ করোতীতি তাদৃশঃ। অতএবেশ্বরসম ঈশ্বরতুল্যো ভবেৎ ॥৭৭॥

অস্তু বেতি। রাজযোগমিতি। উভৌ প্রাগ্ব্যাখ্যাতৌ ॥ ৭৮ ॥ ৭৯ ॥

নিষ্পত্তি অবস্থাতে চিত্ত এক বিষয়ীভূত হয়, বিষয় ও বিষয়ীর অভেদোপচার হেতু অন্তঃকরণ নির্ব্বিষয় হইয়া থাকে। এইরূপ চিত্তের একাগ্রতার নাম রাজযোগ। এই রাজযোগানুসন্ধানকারী যোগী সৃষ্টি ও প্রলয় করিতে পারে; সুতরাং উক্তরূপ যোগীকেই ঈশ্বর বলা যায়। বাস্তবিক তিনিই ঈশ্বর তুল্য ॥ ৭৭ ॥

যোগিগণের মুক্তি হউক, আর নাই হউক, তাহাদিগের উক্ত নিষ্পত্তি অবস্থাতে যে সুখ হয়, তাহার নাশ হয় না। চিত্তের লয় হইলেই উক্ত পরমানন্দ জন্মে, যোগিগণ রাজযোগ হইতেই এই অখণ্ড সুখ লাভ করিয়া থাকে ॥ ৭৮ ॥

যাহারা রাজযোগ জানে না, অথবা কেবল হঠযোগানুষ্ঠান করে, তাহারা উক্ত কর্ম্ম সকল অভ্যাস করিয়াও পরিশ্রমের অনুরূপ ফল পায়

উন্মন্যবাপ্তয়ে শীঘ্রং ভ্রূধ্যানং মম সম্মতম্।
রাজযোগপদং প্রাপ্তুং সুখোপায়োঽল্পচেতসাম্।
সদ্যঃ প্রত্যয়সন্ধায়ী জায়তে নাদজো লয়ঃ॥ ৮০॥
নাদানুসন্ধানসমাধিভাজাং
যোগীশ্বরাণাং হৃদি বর্দ্ধমানম্।

উন্মন্যবাপ্তয় ইতি। শীঘ্রং ত্বরিতমুন্মন্যা উন্মন্যবস্থায়া অবাপ্তয়ে প্রাপ্ত্যর্থং ভ্রূধ্যানং ভ্রুবোর্ধ্যানং ভ্রূমধ্যে ধ্যানং মম স্বাত্মারামস্য সম্মতং। রাজযোগো যোগানাং রাজা তদেব পদং রাজযোগপদং তুর্য্যাবস্থাখ্যং প্রাপ্তুং লব্ধুং পূর্ব্বোক্তভ্রূধ্যানরূপঃ সুখোপায়ঃ সুখসাধ্যঃ উপায় সুখোপায়ঃ অল্পচেতসামল্পবুদ্ধীনামপি। কিমুতান্যেষামিত্যভিপ্রায়ঃ। নাদজঃ নাদাজ্জাতো লয়শ্চিত্তবিলয়ঃ সদ্যঃ শীঘ্রং প্রত্যয়ং প্রতীতং সন্দধাতীতি প্রত্যয়সন্ধায়ী প্রতীতিকরো জায়তে প্রাদুর্ভবতি॥ ৮০॥

নাদানুসন্ধানেতি। নাদস্যানাহতধ্বনেরনুসন্ধানমনুচিন্তনং তেন সমাধিশ্চিত্তৈকাগ্র্যং তং ভজন্তীতি নাদানুসন্ধানসমাধিভাজস্তেষাং যোগিষু যোগযুক্তেষ্বীশ্বরাঃ সমার্থাস্তেষাং হৃদি হৃদয়ে বর্দ্ধত ইতি বর্দ্ধ-

---

না। আমরা বিবেচনা করি রাজযোগ না জানিয়া কেবল হঠযোগ করিলে কোন ফলই হয় না॥ ৭৯॥

শীঘ্র উন্মনী অবস্থা প্রাপ্তির নিমিত্ত ভ্রূমধ্যে ধ্যান করিবে, ইহাই স্বাত্মারাম যোগীর সম্মত, পরন্তু উক্ত ভ্রূমধ্যে ধ্যানই রাজযোগ লাভের সুখোপায়। অল্পবুদ্ধি ব্যক্তিরাও উক্ত উপায়ে অনায়াসে রাজযোগ লাভ করিতে পারে। কিন্তু যাহারা সূক্ষ্মবুদ্ধি, তাহারা অনায়াসেই রাজযোগ পাইতে পারে। পরন্তু নাদানুসন্ধানে যে চিত্তের লয় হয়, তাহা সদ্যঃ প্রতীতিকর, অর্থাৎ সত্বরেই কার্য্য সাধন করিয়া থাকে॥ ৮০॥

যাহারা নাদানুসন্ধান দ্বারা সমাধি আশ্রয় করিয়াছেন, সেই সকল যোগীশ্বরদিগের হৃদয়ে যে অদ্বিতীয় সুখ বর্ত্তমান আছে, ঐ সুখ কেহ বাক্যে ব্যক্ত করিতে পারে না, একমাত্র শ্রীগুরুই ঐ সুখ জানেন, অর্থাৎ

আনন্দমেকং বচসামগম্যং
জানাতি তং শ্রীগুরুনাথ একঃ ॥ ৮১ ॥
কর্ণৌ পিধায় হস্তাভ্যাং যং শৃণোতি ধ্বনিং মুনিঃ।

মানন্তং বর্দ্ধমানং বচসাং বাচামগম্যং। ইদমিতি বক্তুমশক্যং তং যোগশাস্ত্রপ্রসিদ্ধমেকং মুখ্যমানন্দমাহ্লাদমেকোঽনন্যঃ শ্রীগুরুনাথঃ শ্রীমান্ গুরুরেব নাথো জানাতি বেত্তি। এতেন নাদানুসন্ধানানন্দো গুরুগম্য এবেতি সূচিতং ॥ ৮১ ॥

নাদানুসন্ধানাৎ প্রত্যাহারাদিক্রমেণ সমাধিমাহ কর্ণাবিত্যাদিভিঃ। মুনির্ম্মননশীলো যোগী হস্তাভ্যামিত্যনেন হস্তাঙ্গুষ্ঠৌ লক্ষ্যতে। তাভ্যাং কর্ণৌ শ্রোত্রে পিধায়। হস্তাঙ্গুষ্ঠৌ শ্রোত্রবিবরয়োঃ কৃত্বেত্যর্থঃ। যং ধ্বনিমনাহতনিঃস্বনং শৃণোত্যাকর্ণয়তি তত্র তস্মিন্ ধ্বনৌ স্থিরীকুর্য্যাদস্থিরং স্থিরং সম্পদ্যমানং কুর্য্যাৎ। যাবৎ স্থিরং পদং স্থিরপদং তুর্য্যাখ্যং গচ্ছেৎ। তদুক্তং। তুর্য্যাবস্থাচিদভিব্যঞ্জকনাদস্য বেদনং প্রোক্তামিতি নাদানুসন্ধানেন বায়ুস্থৈর্য্যমণিমাদয়শ্চাঽপি ভবন্তীতি। উক্তং চ ত্রিপুরাসারসমুচ্চয়ে। বিজিতো ভবতীহ তেন বায়ুঃ সহজো যস্য সমুত্থিতঃ প্রণাদঃ। অণিমাদিগুণা ভবন্তি তস্যামিতপুণ্যং চ মহাগুণাদয়স্য।

নাদানুসন্ধানে যে সুখোদয় হয়, তাহা গুরুগম্য, ইহাই প্রতীয়মান হইতেছে ॥ ৮১ ॥

নাদানুসন্ধান হইতে যেরূপে প্রত্যাহারাদিক্রমে সমাধি হয়, তাহাই কথিত হইতেছে।—মননশীল যোগীব্যক্তি উভয় হস্তের অঙ্গুষ্ঠদ্বারা কর্ণদ্বয় আচ্ছাদন করিয়া, অর্থাৎ হস্তাঙ্গুষ্ঠদ্বয় দ্বারা শ্রোত্রবিবর রুদ্ধ করিয়া যে অনাহত ধ্বনি শ্রবণ করিতে পায়, সেই ধ্বনি শ্রবণে চিত্তকে স্থির করিয়া রাখিবে। যাবৎ সাধক স্থিরপদ লাভ করিতে না পারে, তাবৎ এইরূপ করিবে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, চিত্তের অভিব্যঞ্জক নাদের জ্ঞানই তুর্য্যাবস্থা। নাদানুসন্ধানদ্বারা প্রাণবায়ু স্থির হইয়া থাকে এবং অণিমাদি সিদ্ধি লাভ হয়। ত্রিপুরাসার সমুচ্চয়ে লিখিত আছে যে, যাহার স্বভাবত

তত্র চিত্তং স্থিরীকুর্য্যাদ্‌যাবৎ স্থিরপদং ব্রজেৎ॥ ৮২॥
অভ্যস্যমানো নাদোঽয়ং বাহ্যমাবৃণুতে ধ্বনিম্।
পক্ষাদ্বিক্ষেপমখিলং জিত্বা যোগী সুখী ভবেৎ॥ ৮৩॥
শ্রূয়তে প্রথমাভ্যাসে নাদো নানাবিধো মহান্।
ততোঽভ্যাসে বর্দ্ধমানে শ্রূয়তে সূক্ষ্মসূক্ষ্মকঃ॥ ৮৪॥

সুররাজতনুজবৈরিরন্ধ্রে বিনিরুধ্য স্বকরাঙ্গুলিদ্বয়েন। জলধেরিব ধীরনাদমন্তঃ প্রসরন্তং সহসা শৃণোতি মর্ত্ত্য ইতি। সুররাজ ইন্দ্রস্তস্য তনুজোঽর্জ্জুনস্তস্য বৈরী কর্ণস্তদ্রন্ধ্রে স্পষ্টমন্যৎ॥ ৮২।

অভ্যস্যমান ইতি অভ্যস্যমানোঽনুসন্ধীয়মানোঽয়ং নাদোঽনাহতাখ্যো বাহ্যং ধ্বনিং বহির্ভবং শব্দমাবৃণুতে শ্রুত্যোর্ব্বিষয়ং। যোগী নাদাভ্যাসী পক্ষান্মাসার্দ্ধাদখিলং সর্ব্বং বিক্ষেপং চিত্তচাঞ্চল্যং জিত্বাঽভিভূয় সুখী স্বানন্দো ভবেৎ॥ ৮৩।

শ্রূয়ত ইতি। প্রথমাভ্যাসে পূর্ব্বাভ্যাসে নানাবিধোঽনেকবিধো মহান্ জলধিজীমূতভের্য্যাদিসদৃশো নাদোঽনাহতস্বনঃ শ্রূয়তে আকর্ণ্যতে।

নাদ সমুত্থিত হয়, সেই ব্যক্তির প্রাণবায়ু পরাজিত হইয়া থাকে, আর তাহার অণিমাদি অষ্ট সিদ্ধিলাভ হয়, অভিমত পুণ্য সঞ্চয় হয় এবং মহাগুণোদয় হয়। সেই ব্যক্তি করাঙ্গুলিদ্বারা কর্ণদ্বয়ের রন্ধ্র নিরুদ্ধ করিলে অন্তঃকরণে সহসা সাগর গর্জ্জনের ন্যায় গভীর নাদ শুনিতে পায়। ৮২।

উক্ত অনাহত ধ্বনি শ্রবণ অভ্যস্ত হইলে বাহ্যনাদ আবরণ করে, অর্থাৎ যে ব্যক্তি উক্ত নাদ শ্রবণ করিতে পায়, সে বাহ্যশব্দ শুনিতে পায় না। এই যোগীব্যক্তি উক্ত নাদানুসন্ধানদ্বারা মাসার্দ্ধমধ্যে সমুদায় চিত্তচাঞ্চল্য নিবারণ করিয়া সুখী হইতে পারে॥ ৮৩।

নাদানুসন্ধানের প্রথমাবস্থায় সাগরগর্জ্জন, মেঘধ্বনি ও ভেরীশব্দ প্রভৃতির ন্যায় অনেক প্রকার শব্দ শুনিতে পায়, পরন্তু ক্রমশঃ নাদানুসন্ধানাভ্যাস বৃদ্ধি পাইলে সূক্ষ্ম সূক্ষ্ম শব্দ শুনিতে থাকে॥ ৮৪॥

আদৌ জলধিজীমূতভেরীঝর্ঝরসম্ভবাঃ।
মধ্যে মর্দ্দলশঙ্খোত্থা ঘণ্টাকাহলজাস্তথা ॥ ৮৫ ॥
অন্তে তু কিঙ্কিণীবংশবীণাভ্রমরনিঃস্বনাঃ।
ইতি নানাবিধা নাদাঃ শ্রূয়ন্তে দেহমধ্যগাঃ ॥ ৮৬ ॥

ততোঽনন্তরমভ্যাসে নাদানুসন্ধানাভ্যাসে বর্দ্ধমানে সতি সূক্ষ্মসূক্ষ্মকঃ সূক্ষ্মঃ সূক্ষ্ম এব শ্রূয়তে শ্রবণবিষয়ো ভবতি ॥ ৮৪ ॥

নানাবিধং নাদমাহ দ্বাভ্যাং। আদাবিতি। আদৌ বায়োর্ব্রহ্মরন্ধ্র-গমনসময়ে জলধিঃ সমুদ্রো জীমূতো মেঘো ভেরী বাদ্যবিশেষঃ। ভেরী স্ত্রী দুন্দুভিঃ পুমানিত্যমরঃ। ঝর্ঝরো বাদ্যবিশেষঃ। বাদ্যপ্রভেদা ডমরু-মড্ডুডিণ্ডিমঝর্ঝরাঃ। মর্দ্দলঃ পণবোঽন্যোঽপীত্যমরঃ। জলধিপ্রমুখেভ্যঃ সম্ভব ইব সম্ভবো যেষাং তে তথা মধ্যে ব্রহ্মরন্ধ্রে বায়োঃ স্থৈর্য্যানন্তরং মর্দ্দলো বাদ্যবিশেষঃ শঙ্খো জলজন্তাভ্যামুত্থা ইব মর্দ্দলশঙ্খোত্থাঃ। ঘণ্টাকাহলৌ বাদ্যবিশেষৌ তাভ্যাং জাতা ইব ঘণ্টাকাহলজাঃ ॥ ৮৫ ॥

অন্তে বিতি। অন্তে তু প্রাণস্য ব্রহ্মরন্ধ্রে বহুস্থৈর্য্যানন্তরং তু কিঙ্কিণী ক্ষুদ্রঘণ্টিকা বংশো বেণুঃ বীণা তন্ত্রী ভ্রমরো মধুপঃ তেষাং নিস্বনা ইতি পূর্ব্বোক্তাঃ নানাবিধা অনেকপ্রকারকা দেহস্য মধ্যে গতাঃ প্রাপ্তাঃ শ্রূয়ন্তে ॥ ৮৬ ॥

যখন প্রাণবায়ু ব্রহ্মরন্ধ্রে গমন করে, সেই সময় সাগরগর্জ্জন, মেঘ-ধ্বনি, ভেরী (বাদ্যবিশেষ)-শব্দ, ঝর্ঝর (কাঁসর)-শব্দ সদৃশ শব্দ শ্রুত হইতে থাকে। মধ্যাবস্থায় প্রাণবায়ু ব্রহ্মরন্ধ্রে প্রবিষ্ট হইলে মর্দ্দল (এক প্রকার বাদ্য)-শব্দ, শঙ্খশব্দ, ঘণ্টাশব্দ এবং কাহল (এক প্রকার বাদ্য)-শব্দের ন্যায় শব্দ শুনিতে পায় ॥ ৮৫ ॥

প্রাণবায়ু ব্রহ্মরন্ধ্রে স্থির হইলে ক্ষুদ্র ঘণ্টা, বংশী, বীণা ও ভ্রমরশ্রেণীর নাদের ন্যায় নাদশ্রবণ হইয়া থাকে। এইরূপে প্রাণবায়ুর ব্রহ্মরন্ধ্রে প্রবেশের প্রথমে, মধ্যে ও অন্তে নানাপ্রকার শব্দ শুনিতে পায় ॥ ৮৬ ॥

মহতি শ্রূয়মাণেঽপি মেঘভের্য্যাদিকে ধ্বনৌ।
তত্র সূক্ষ্মাৎ সূক্ষ্মতরং নাদমেব পরামৃশেৎ ॥ ৮৭ ॥
ঘনমুৎসৃজ্য বা সূক্ষ্মে সূক্ষ্মমুৎসৃজ্য বা ঘনে।
রমমাণমপি ক্ষিপ্তং মনো নান্যত্র চালয়েৎ ॥ ৮৮ ॥

মহতীতি। মেঘশ্চ ভেরী চ তে আদী যস্য স মেঘভের্য্যাদিকস্তস্মিন্। মেঘভেরীশব্দৌ তজ্জন্যনির্ঘোষপরৌ। মহতি বহুলে ধ্বনৌ নিনাদে শ্রূয়মাণে আকর্ণ্যমানে সত্যপি তত্র তেষু নাদেষু সূক্ষ্মাৎ সূক্ষ্মতরমপি সূক্ষ্মং নাদমেব পরামৃশেচ্চিন্তয়েৎ। সূক্ষ্মস্য নাদস্য চিরস্থায়িত্বাত্তত্রাসক্তচিত্তশ্চিরং স্থিরমতির্ভবেদিতি ভাবঃ ॥ ৮৭ ॥

ঘনমিতি। ঘনং মহান্তং নাদং মেঘভের্য্যাদিকমুৎসৃজ্য ঘনে বা নাদে রমমাণং ঘনসূক্ষ্মান্যতরনাদগ্রহণপরিত্যাগাভ্যাং ক্রীড়ন্তমপি ক্ষিপ্তং রজসাত্যন্তচঞ্চলং মনোঽন্যত্র বিষয়ান্তরে ন চালয়েন্ন প্রেরয়েৎ। ক্ষিপ্তং মনো বিষয়ান্তরাসক্তং ন সমাধীয়তে নাদেষু রমমাণং তু সমাধীয়ত ইতি ভাবঃ ॥ ৮৮ ॥

নাদানুসন্ধানকালে মেঘধ্বনি ও ভেরী শব্দের ন্যায় মহাশব্দ শ্রবণ হইলে সেই সকল শব্দের মধ্যে অতি সূক্ষ্মতর নাদ চিন্তা করিবে। কিছু দিন নাদানুসন্ধান করিলে এই সকল মহাশব্দ নিবারণ হইয়া যায় এবং চিরকাল অতি সূক্ষ্মশব্দ শ্রুত হইতে থাকে; সুতরাং এই শব্দশ্রবণে আসক্তচিত্ত হইয়া স্থিরবুদ্ধি হইবে। ৮৭।

মন মেঘ ও ভেরী প্রভৃতির মহানাদ পরিত্যাগ করিয়া সূক্ষ্মনাদে আসক্ত হয় এবং ঐ সূক্ষ্মনাদ পরিত্যাগ করিয়া পুনর্ব্বার মেঘাদির মহাশব্দে ক্রীড়া করে। এইরূপে মন মহাশব্দ ও সূক্ষ্ম শব্দে অনুরক্ত থাকিবে, উক্ত মনকে বিষয়ান্তরে পরিচালিত করিবে না, যেহেতু বিষয়ান্তরাসক্ত মনের সমাধি হয় না, নাদানুসন্ধানে রত থাকিলেই মনের সমাধি হইতে পারে। অতএব মনকে নাদানুসন্ধানে নিয়ত রাখিবে। ৮৮।

যত্রকুত্রাপি বা নাদে লগতি প্রথমং মনঃ।
তত্রৈব সুস্থিরীভূয় তেন সার্দ্ধং বিলীয়তে ॥ ৮৯ ॥
মকরন্দং পিবন্ ভৃঙ্গো গন্ধং নাপেক্ষতে যথা।
নাদাসক্তং তথা চিত্তং বিষয়ান্নহি কাঙ্ক্ষতে ॥ ৯০ ॥
মনোমত্তগজেন্দ্রস্য বিষয়োদ্যানচারিণঃ।

যত্রেতি। অথবা যত্রকুত্রাপি নাদে যস্মিন্ কস্মিংশ্চিদ্যনে সূক্ষ্মে বা নাদে প্রথমং পূর্ব্বং মনো লগতি লগ্নং ভবতি তত্রৈব তস্মিন্নেব নাদে সুস্থিরীভূয় সম্যক্ স্থিরং ভূত্বা তেন নাদেন সার্দ্ধং সাকং বিলীয়তে লীনং ভবতীত্যর্থঃ। অত্র পূর্ব্ববাক্যেন প্রত্যাহারো দ্বিতীয়েন ধারণা তৃতীয়েন ধ্যানদ্বারা সমাধিরুক্তঃ ॥ ৮৯ ॥

মকরন্দমিতি। মকরন্দং পুষ্পরসং পিবন্ ধয়ন্ ভৃঙ্গো ভ্রমরো গন্ধং যথা নাপেক্ষতে নেচ্ছতি তথা নাদাসক্তং নাদে আসক্তং চিত্তমন্তঃকরণং বিষয়ান্ বিষণ্বন্ত্যববধ্নন্তি প্রমাতারং স্বসঙ্গেনেতি বিষয়াঃ স্রক্‌চন্দন-বনিতাদয়স্তান্ ন কাঙ্ক্ষতে নেচ্ছতি। হীতি নিশ্চয়ে ॥ ৯০ ॥

মন ইতি। বিষয়ঃ শব্দাদিরেবোদ্যানং বনং তত্র চরতীতি বিষয়ো-দ্যানচারী তস্য মন এব মত্তগজেন্দ্রো দুর্নিবারত্বাৎ। তস্য নিনাদ এবা-

---

পক্ষান্তরে বলিতেছেন।—মন সূক্ষ্ম বা মহান যে কোন শব্দে লগ্ন হয়, সেই নাদেই সুস্থির হইয়া সেই শব্দের সহিত লীন হয়। এই স্থলে পূর্ব্ব বাক্যে প্রত্যাহার, দ্বিতীয়ত ধারণা এবং তৃতীয়ত ধ্যানদ্বারা সমাধি কথিত হইল ॥ ৮৯ ॥

যেমন ভ্রমর যখন মধুপান করে, তখন সেই মধুব গন্ধ অপেক্ষা করে না, সেইরূপ মন যখন নাদে আসক্ত হয়, তখন পুত্র কলত্রাদি বিষয় আকাঙ্ক্ষা করে না। মন নাদে অনুরক্ত হইলে সর্ব্ববিষয় পরিত্যাগ করে ॥ ৯০ ॥

মনোরূপ মত্তহস্তী বিষয়োদ্যানে বিচরণ করিয়া থাকে। নাদানু-সন্ধান ঐ হস্তীর অঙ্কুশ, অর্থাৎ নাদানুসন্ধানদ্বারাই মনকে বিষয় হইতে

নিয়মনে সমর্থোঽয়ং নিনাদনিশিতাঙ্কুশঃ ॥ ৯১ ॥
বদ্ধং তু নাদবন্ধেন মনঃ সন্ত্যক্তচাপলম্‌।
প্রয়াতি সুতরাং স্থৈর্য্যং ছিন্নপক্ষঃ খগো যথা ॥ ৯২ ॥
সর্ব্বচিন্তাং পরিত্যজ্য সাবধানেন চেতসা।

নাহতধ্বনিরেব নিশিতাঙ্কুশঃ তীক্ষ্ণাঙ্কুশঃ নিয়মেন পরাবর্ত্তনে সমর্থঃ শক্তঃ। এতৈঃ শ্লোকৈঃ। চরতাং চক্ষুরাদীনাং বিষয়েষু যথাক্রমং। যৎ প্রত্যাহরণং তেষাং প্রত্যাহারঃ প্রকীর্ত্তিতঃ। ইন্দ্রিয়াণাং বিষয়েভ্যঃ প্রত্যাহরণং প্রত্যাহার ইত্যুক্তলক্ষণঃ প্রত্যাহারঃ প্রোক্তঃ ॥ ৯১ ॥

বদ্ধং ত্বিতি। নাদ এব বন্ধঃ বধ্যতেঽনেনেতি বন্ধঃ বন্ধনসাধনং তেন স্বশক্ত্যা স্বাধীনকরণেন বদ্ধং বন্ধনমিব প্রাপ্তং। নাদধারণাদাবাসক্তমিত্যর্থঃ। অতএব সম্যক্‌ ত্যক্তং চাপলং ক্ষণেক্ষণে বিষয়গ্রহণপরিত্যাগরূপং যেন তত্তথা মনঃ সুতরাং স্থৈর্য্যং প্রয়াতি নিতরাং ধারণমেতি। তত্র দৃষ্টান্তমাহ। ছিন্নৌ পক্ষৌ যস্য তাদৃশঃ খে গচ্ছতীতি খগঃ পক্ষী যথা। এতেন প্রাণায়ামেন পবনং প্রত্যাহারেণ চেন্দ্রিয়ং। বশীকৃত্য ততঃ কুর্য্যাচ্চিত্তস্থৈর্য্যং শুভাশ্রয়ে। শুভাশ্রয়ে চিত্তস্থাপনং ধারণেত্যুক্তলক্ষণা ধারণা প্রোক্তা ॥ ৯২ ॥

সর্ব্বচিন্তামিতি। সর্ব্বেষাং বাহ্যাভ্যন্তরবিষয়াণাং যা চিন্তা চিন্তনং

নিবারণ করা যায়। ইহাই শ্লোকে উক্ত আছে যে, চক্ষুরাদি ইন্দ্রিয় সকল বিষয়ে সঞ্চরণ করে। বিষয় হইতে সেই সকল ইন্দ্রিয়ের নিবারণকেই প্রত্যাহার বলা যায় ॥ ৯১ ॥

নাদানুসন্ধানদ্বারা মন বদ্ধ হইলেই চাঞ্চল্য পরিত্যাগপূর্ব্বক স্থির হইয়া থাকে। যেমন পক্ষীর পক্ষদ্বয় ছেদন করিলে সেই পক্ষী গমন করিতে পারে না, সেইরূপ মন নাদানুসন্ধানে বদ্ধ হইলে বিষয় গ্রহণ করে না। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, প্রাণায়ামদ্বারা বায়ুকে ও প্রত্যাহার দ্বারা ইন্দ্রিয়কে বশীভূত করিয়া চিত্তকে স্থির করিবে ॥ ৯২ ॥

যাঁহারা যোগসাম্রাজ্য, অর্থাৎ রাজযোগ ইচ্ছা করেন, তাঁহারা বাহ্

নাদ এবানুসন্ধেয়ো যোগসাম্রাজ্যমিচ্ছতা ॥ ৯৩ ॥

নাদোঽন্তরঙ্গসারঙ্গবন্ধনে বাগুরায়তে।

অন্তরঙ্গকুরঙ্গস্য বধে ব্যাধায়তেঽপি চ ॥ ৯৪ ॥

অন্তরঙ্গস্য যমিনো বাজিনঃ পরিঘায়তে।

তাং পরিত্যজ্য ত্যক্ত্বা সাবধানেনৈকাগ্রেণ চেতসা যোগানাং সাম্রাজ্যং সম্রাজো ভাবঃ। যোগশব্দোঽর্শাদ্যজন্তঃ। রাজযোগিত্বমিতি যাবৎ। ইচ্ছতা বাঞ্ছতা পুংসা নাদ এবানাহতধ্বনিরেবানুসন্ধেয়োঽনুচিন্তনীয়ঃ। নাদাকারবৃত্তিপ্রবাহঃ কর্ত্তব্য ইত্যর্থঃ এতেন তদ্রূপপ্রত্যয়ৈকাগ্র্যসন্ততি-শ্চান্যনিস্পৃহা। তদ্ধ্যানং প্রথমৈরঙ্গৈঃ ষড়্‌ভির্নিষ্পাদ্যতে নৃপ। তত্র প্রত্যয়ৈকতানতা ধ্যানমিত্যুক্তলক্ষণং ধ্যানমুক্তং। ৯৩ ॥

নাদোঽন্তরঙ্গেতি। নাদঃ অন্তরঙ্গং মন এব সারঙ্গো মৃগস্তস্য বন্ধনে চাঞ্চল্যহরণে বাগুরায়তে বাগুরেবাচরতি বাগুরা জালং। যথা বাগুরা বন্ধনেন সারঙ্গস্য চাঞ্চল্যং হরতি তথা নাদোঽন্তরঙ্গস্য স্বশক্ত্যা চাঞ্চল্যং হরতীত্যর্থঃ। অন্তরঙ্গং মন এব সারঙ্গো হরিণস্তস্য বন্ধনে নানাবৃত্ত্যুৎ-পাদনাপনয়নমেব মনসো বন্ধস্তস্মিন্ ব্যাধায়তে ব্যাধ ইবাচরতি। যথা ব্যাধো বাগুরাবদ্ধং মৃগং হন্তি এবং নাদোঽপি স্বাসক্তং মনো হন্তী-ত্যর্থঃ ॥ ৯৪ ॥

অন্তরঙ্গস্যেতি। যমিনো যোগিনোঽন্তরঙ্গং মনস্তস্য চপলত্বাদ্বাজিনো-

---

ও আভ্যন্তরিক সর্ব্বপ্রকার চিন্তা করিত্যাগ করিয়া একাগ্রচিত্তে নাদানু-সন্ধান করিবেন, যাহাতে চিত্তবৃত্তি কেবল নাদানুসন্ধানে প্রবৃত্ত থাকে, তাহাই করিতে হইবে ॥ ৯৩ ॥

অন্তঃকরণরূপ মৃগের বন্ধনে নাদানুসন্ধানই জালতুল্য, অর্থাৎ জাল-বদ্ধ হরিণের যেমন চাঞ্চল্য থাকে না, সেইরূপ নাদানুসন্ধানে ব্যাপৃত মনের চঞ্চলতা দূর হয়। আর উক্ত নাদই অন্তঃকরণরূপ মৃগের ব্যাধ তুল্য, যেমন ব্যাধ হরিণকে বিনাশ করে, সেইরূপ নাদানুসন্ধান চিত্তকে বিলীন করিয়া থাকে ॥ ৯৪ ॥

নাদোপাস্তিরতো নিত্যমবধার্য্যা হি যোগিনা ॥ ৯৫ ॥
বদ্ধং বিমুক্তচাঞ্চল্যং নাদগন্ধকজারণাৎ ।
মনঃ পারদমাপ্নোতি নিরালম্বাখ্যখেঽটনম্ ॥ ৯৬ ॥

হৃশ্বস্য পরিঘায়তে বাজিশালাদ্বারপরিঘ ইবাচরতি নাদ ইতি শেষঃ। যথা বাজিশালাপরিঘো বাজিনোঽন্যত্র গতিং রুণদ্ধি তথা নাদোঽন্তরঙ্গস্যে-ত্যর্থঃ। অন্তঃকরণাদ্‌যোগিনা নাদস্যোপাস্তিরুপাসনা নিত্যং প্রত্যহমব-ধার্য্যাবধারণীয়া। হীতি নিশ্চয়েঽব্যয়ং ॥ ৯৫ ॥

বদ্ধমিতি। নাদ এব গন্ধক উপধাতুবিশেষস্তেন জারণং জারণী-করণং নাদগন্ধকসম্বন্ধেন চাঞ্চল্যহরণং তস্মাদ্বদ্ধং নাদৈকাসক্তং পক্ষে গুটিকাকৃতিং প্রাপ্তং অতএব বিমুক্তং ত্যক্তং চাঞ্চল্যমনেকবিষয়াকার-পরিণামরূপং যেন। পক্ষে বিমুক্তলৌল্যং মনঃ পারদং মন এব পারদং চঞ্চলং নিরালম্বং ব্রহ্ম তদেবাখ্যা যস্য তন্নিরালম্বাখ্যং তদেব খমপরি-চ্ছিন্নত্বাত্তস্মিন্নটনং গমনং তদাকারবৃত্তিপ্রবাহং। পক্ষে আকাশগমনং

নাদানুসন্ধান অতি চঞ্চল স্বভাব অন্তঃকরণরূপী অশ্বের দ্বাররোধক পরিঘ (অর্গল) স্বরূপ। যেমন অশ্বশালার অর্গল বদ্ধ করিলে সেই অশ্ব-শালাস্থিত অশ্ব বহির্গত হইতে পারে না, সেইরূপ নাদানুসন্ধান করিলে অন্তঃকরণ বিষয়ে ধাবিত হইতে না পারিয়া স্থিরভাবে বদ্ধ থাকে। অত-এব যোগিগণ অবশ্য প্রতিনিয়ত নাদের উপাসনা করিবে ॥ ৯৫ ॥

নাদই মনঃস্বরূপ পারদের জারণহেতু গন্ধকস্বরূপ। যেমন গন্ধক পারদকে জারিত করে, সেইরূপ নাদানুসন্ধান মনকে স্থিরীভূত করিয়া রাখে এবং তাহাহইলেই জারিত গন্ধকের ন্যায় মনঃ চাঞ্চল্য পরিত্যাগ করিয়া বদ্ধ হয়। এইরূপ হইলে মনোরূপ পারদ নিরালম্বাখ্য আকাশে গমন করিতে পারে, অর্থাৎ পারদ যেমন বদ্ধ হইলে আকাশে উঠিয়া যায়, সেইরূপ মনকে বদ্ধ করিতে পারিলে সেই মন ব্রহ্মরন্ধ্রে প্রবেশ করিয়া থাকে ॥ ৯৬ ॥

নাদশ্রবণতঃ ক্ষিপ্রমন্তরঙ্গভুজঙ্গমঃ।
বিস্মৃত্য সর্ব্বমেকাগ্রঃ কুত্রচিন্নহি ধাবতি ॥ ৯৭ ॥
কাষ্ঠে প্রবর্ত্তিতো বহ্নিঃ কাষ্ঠেন সহ শাম্যতি।

প্রাপ্নোতি। যথা বদ্ধং পারদমাকাশগমনং করোতি এবং বদ্ধং মনো ব্রহ্মাকারবৃত্তিপ্রবাহমবিচ্ছিন্নং করোতীত্যর্থঃ ॥ ৯৬ ॥

নাদেতি। নাদস্যানাহতস্বনস্য শ্রবণতঃ শ্রবণাৎ ক্ষিপ্রং দ্রুতমন্তরঙ্গং মন এব ভুজঙ্গমঃ সর্পশ্চপলত্বান্নাদপ্রিয়ত্বাচ্চ ভুজঙ্গমরূপত্বং মনসঃ। সর্ব্বং বিশ্বং বিস্মৃত্য বিস্মৃতিবিষয়ং কৃত্বৈকাগ্রো নাদাকারবৃত্তিপ্রবাহবান্ সন্ কুত্রাপি বিষয়ান্তরে নহি ধাবতি নৈব ধাবনং করোতি। ধ্যানোক্তৈরৈঃ শ্লোকৈঃ। তস্যৈব কল্পনাহীনং স্বরূপগ্রহণং হি যৎ। মনসা ধ্যাননিষ্পাদ্যঃ সমাধিঃ সোঽভিধীয়ত ইতি বিষ্ণুপুরাণোক্তলক্ষণস্তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশূন্যমিব সমাধিরিতি পাতঞ্জলসূত্রোক্তলক্ষণেন চ সংপ্রজ্ঞাতলক্ষণঃ সমাধিরুক্তঃ ॥ ৯৭ ॥

কাষ্ঠ ইতি। কাষ্ঠে দারুণি প্রবর্ত্তিতঃ প্রজ্বালিতো বহ্নিঃ কাষ্ঠেন সহ শাম্যতি জ্বালারূপং পরিত্যজ্য তন্মাত্ররূপেণাবতিষ্ঠতে যথা তথা।

অনাহত ধ্বনি শ্রবণ মাত্র মনোরূপ ভুজঙ্গ সর্ব্ববিষয় পরিত্যাগ করিয়া একাগ্রচিত্তে সেই নাদাভিমুখে ধাবিত হয়, অন্যত্র ধাবমান হয় না, অর্থাৎ সর্প যেমন ডমরুধ্বনি শ্রবণ করিলে সেই দিকে ধাবমান হয়, অন্য কোন দিকে যায় না, সেইরূপ মন অনাহত ধ্বনি শুনিতে পাইলে তাহাতে ধাবিত হয়, অন্য কোন বিষয়ে গমন করে না। বিষ্ণুপুরাণে লিখিত আছে যে, মন কল্পনাবিহীন হইয়া যে স্বরূপ গ্রহণ করে, তাহাই সমাধি বলিয়া কথিত হয়, এই সমাধি মনের ধ্যাননিষ্পাদ্য। এই অনুকরণেই পাতঞ্জলসূত্রে সংপ্রজ্ঞাত লক্ষণকে সমাধি বলিয়া নিরূপণ করিয়াছেন ॥ ৯৭ ॥

যেমন অগ্নি কাষ্ঠেতে সমুৎপন্ন হইয়া সেই কাষ্ঠের সহিত প্রশান্ত হয়, সেইরূপ মনও নাদেই প্রবর্ত্তিত হয় এবং নাদেই বিলীন হইয়া থাকে,

নাদে প্রবর্ত্তিতং চিত্তং নাদেন সহ লীয়তে ॥ ৯৮ ॥
ঘণ্টাদিনাদসক্তস্তব্ধান্তঃকরণহরিণস্য।
প্রহরণমপি সুকরং শরসন্ধানপ্রবীণশ্চেৎ ॥ ৯৯ ॥
অনাহতস্য শব্দস্য ধ্বনির্য্য উপলভ্যতে।

নাদে প্রবর্ত্তিতং চিত্তং নাদেন সহ লীয়তে। রাজসতামসবৃত্তিনাশাৎসত্ত্বমাত্রাবশেষং সংস্কারশেষং চ ভবতি। তত্র চ মৈত্রায়ণীয়মন্ত্রঃ। যথা নিরিন্ধনো বহ্নিঃ স্বযোনাবুপশাম্যতি। তথা বৃত্তিক্ষয়াচ্চিত্তং স্বযোনাবুপশাম্যতীতি ॥ ৯৮ ॥

ঘণ্টাদিতি। ঘণ্টা আদির্যেষাং শঙ্খমর্দ্দলঝর্ঝরদুন্দুভিজীমূতাদীনাং তে ঘণ্টাদয়স্তেষাং নাদস্তেষু সক্তঃ। অতএব স্তব্ধো নিশ্চলো যোঽন্তঃকরণমেব হরিণো মৃগস্তস্য প্রহরণং নানাবৃত্তিপ্রতিবন্ধনমন্তঃকরণপক্ষে। হরিণপক্ষে তু প্রহরণং হননমপি শরবদ্দ্রুতগামিনো বায়োঃ সন্ধানসুষুম্নামার্গেণ ব্রহ্মরন্ধ্রে নিরোধনপক্ষে শরস্য বাণস্য সন্ধানং ধনুষি যোজনং তস্মিন্ প্রবীণঃ কুশলশ্চেৎ সুকরং সুখেন কর্ত্তুং শক্যং ॥ ৯৯ ॥

অনাহতস্যেতি। অনাহতস্য শব্দস্যানাহতস্বনস্য যো ধ্বনির্নির্হ্রাদ

অর্থাৎ মনের রাজস ও তামস বৃত্তির বিনাশ হইলে কেবল সত্ত্ববৃত্তিমাত্র অবলম্বন করিয়া থাকে। মৈত্রাবরুণীয় মন্ত্রে জানা যায় যে, অগ্নি কাষ্ঠেতে উৎপন্ন হইয়া যখন সেই কাষ্ঠ ভস্মীভূত হয়, তখন সেই অগ্নি স্বীয় কারণে প্রবৃত্ত হইয়া থাকে। সেইরূপ অন্তঃকরণের বৃত্তি সকল ক্ষয় পাইলে স্বীয় কারণে লয় পায়। ৯৮।

যেমন শরসন্ধানে সুচতুর ব্যক্তি ঘণ্টাদি ধ্বনিদ্বারা হরিণকে স্তব্ধীভূত করিয়া অনায়াসে তাহার প্রতি শরসন্ধান করে, সেইরূপ সুচতুর যোগী নাদানুসন্ধানদ্বারা মনকে স্থির করিয়া অনায়াসে তাহাকে ব্রহ্মরন্ধ্রে প্রবেশিত করিতে পারে ॥ ৯৯ ॥

অনাহত নাদের যে ধ্বনি শ্রুত হয়, সেই ধ্বনির অন্তর্গতই জ্ঞেয়, অর্থাৎ স্বপ্রকাশস্বরূপ চৈতন্য, আর এই জ্ঞেয়ের অন্তর্গত, অর্থাৎ জ্ঞেয়াকারতা-

ধ্বনেরন্তর্গতং জ্ঞেয়ং জ্ঞেয়স্যান্তর্গতং মনঃ।
মনস্তত্র লয়ং যাতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥ ১০০ ॥
তাবদাকাশসঙ্কল্পো যাবচ্ছব্দঃ প্রবর্ত্ততে।
নিঃশব্দং তৎপরং ব্রহ্ম পরমাত্মেতি গীয়তে ॥ ১০১ ॥

উপলভ্যতে শ্রূয়তে তস্য ধ্বনেরন্তর্গতং জ্ঞেয়ং জ্যোতিঃ স্বপ্রকাশচৈতন্যং জ্ঞেয়স্যান্তর্গতং জ্ঞেয়াকারতামাপন্নং মনোঽন্তঃকরণং তত্র জ্ঞেয়ে মনো বিলয়ং যাতি পরবৈরাগ্যেণ সকলবৃত্তিশূন্যং সংস্কারশেষং ভবতি। তদ্বিষ্ণোর্ব্বিভোরাত্মনঃ পরমমন্তঃকরণবৃত্ত্যুপাধিরাহিত্যান্নিরুপাধিকং পদ্যতে গম্যতে যোগিভিরিতি পদং স্বরূপং ॥ ১০০ ॥

তাবদিতি। যাবচ্ছব্দোঽনাহতধ্বনিঃ প্রবর্ত্ততে শ্রূয়তে তাবদাকাশস্য সম্যক্কল্পনং ভবতি। শব্দস্যাকাশগুণত্বাদ্‌গুণগুণিনোর্ভেদাদ্বা। মনসা সহ শব্দস্য বিলয়ান্নিঃশব্দং শব্দরহিতং যৎপরং ব্রহ্ম পরং ব্রহ্মশব্দবাচ্যং পরমাত্মেতি গীয়তে পরমাত্মশব্দেন স উচ্যতে। সর্ব্ববৃত্তিবিলয়ে যঃ স্বরূপেণাবস্থিতঃ স এব পরব্রহ্মপরমাত্মশব্দাভ্যামুচ্যত ইতি ভাবঃ ॥ ১০১ ॥

পরই অন্তঃকরণ, এই জ্ঞেয় পদার্থেই মন বিলয় পায়, অর্থাৎ মনের পরম বৈরাগ্য উপস্থিত হইয়া সকল বৃত্তিশূন্য ও সংস্কার মাত্রাবশিষ্ট হয়। এইরূপ হইলেই যোগিগণ অন্তঃকরণবৃত্তিরূপ উপাধিরাহিত্যহেতু নিরুপাধি পরমাত্মপদ পাইয়া থাকে ॥ ১০০ ॥

যাবৎ অনাহত ধ্বনি শ্রুত হয়, তাবৎ আকাশের সম্যক কল্পনা হইয়া থাকে। যেহেতু শব্দ আকাশের গুণ এবং গুণ ও গুণীর ভেদ স্বীকার আছে। পরন্তু মনের সহিত শব্দের বিলয়হেতু যিনি নিঃশব্দ পরব্রহ্ম, তিনিই পরমাত্মা বলিয়া কীর্ত্তিত হয়েন, অর্থাৎ সর্ব্বপ্রকার চিত্তবৃত্তির বিলয় হইলে যিনি স্বীয়রূপে অবস্থিত থাকেন, সেই পরব্রহ্মই পরমাত্মশব্দ বাচ্য ॥ ১০১ ॥

যৎ কিঞ্চিন্নাদরূপেণ শ্রূয়তে শক্তিরেব সা।
যস্তত্বান্তো নিরাকারঃ স এব পরমেশ্বরঃ॥ ১০২॥
সর্ব্বে হঠলয়োপায়া রাজযোগস্য সিদ্ধয়ে।
রাজযোগসমারূঢ়ঃ পুরুষঃ কালবঞ্চকঃ॥ ১০৩॥

যৎকিঞ্চিদিতি। নাদরূপেণানাহতধ্বনিরূপেণ যৎকিঞ্চিচ্ছ্রূয়তে আক-র্ণ্যতে সা শক্তিরেব যস্তত্বান্তস্তত্বানামন্তো লয়ো যস্মিন্ সঃ তথা নিরাকার আকাররহিতঃ স এব পরমেশ্বরঃ সর্ব্ববৃত্তিক্ষয়ে স্বরূপাবস্থিতো যঃ স আত্মেত্যর্থঃ। কাষ্ঠে প্রবর্ত্তিতো বহ্নিরিত্যাদিভিঃ শ্লোকৈঃ রাজযোগাপরপর্য্যায়োঽসম্প্রজ্ঞাতঃ সমাধিরুক্তঃ॥ ১০২॥

সর্ব্বে ইতি। হঠশ্চ লয়শ্চ হঠলয়ৌ তয়োরুপায়া হঠলয়োপায়া হঠোপায়া আসনকুম্ভকমুদ্রারূপাঃ। লয়োপায়া নাদানুসন্ধানশাম্ভবীমুদ্রাদয়ঃ। রাজযোগস্য মনসঃ সর্ব্ববৃত্তিনিরোধলক্ষণস্য সিদ্ধয়ে নিষ্পত্তয়ে প্রোক্তা ইতি শেষঃ। রাজযোগসমারূঢ়ঃ সম্যগারূঢ়ঃ প্রাপ্তবান্ যঃ পুরুষঃ স কালবঞ্চকঃ কালং মৃত্যুং বঞ্চয়তি জয়তীতি তাদৃশঃ স্যাদিতি শেষঃ॥ ১০৩॥

অনাহত ধ্বনিরূপে যাহা কিছু শ্রুত হয়, তাহাই শক্তি এবং যাহাতে সর্ব্বতত্ত্ব লয় পায়, সেই নিরাকার পদার্থই পরমেশ্বর, অর্থাৎ সর্ব্ববিধ বৃত্তির ক্ষয় হইলে যিনি স্বীয়রূপে অবস্থিত হয়েন, তিনি আত্মা। "কাষ্ঠে প্রবর্ত্তিতো বহ্নিঃ" ইত্যাদি শ্লোকে রাজযোগের অপর পর্য্যায় অসংপ্রজ্ঞাত সমাধি উক্ত হইয়াছে। ১০২।

সর্ব্বপ্রকার হঠোপায়, অর্থাৎ আসন, কুম্ভক ও মুদ্রা এবং লয়োপায়, অর্থাৎ নাদানুসন্ধান ও শাম্ভবী মুদ্রা প্রভৃতি এই সমুদায়ই মনের সর্ব্বপ্রকার বৃত্তিনিরোধরূপ রাজযোগ সিদ্ধির নিমিত্ত উক্ত হইয়াছে। পরন্তু যে ব্যক্তি রাজযোগ লাভ করিয়াছেন, সেই পুরুষ কালকে নিবারণ করিতে পারেন, অর্থাৎ তাহার মৃত্যু ঘটনা হয় না॥ ১০৩॥

তত্ত্বং বীজং হঠঃ ক্ষেত্রমৌদাসীন্যং জলং ত্রিভিঃ।
উন্মনী কল্পলতিকা সদ্য এব প্রবর্ত্ততে॥ ১০৪॥
সদা নাদানুসন্ধানাৎ ক্ষীয়ন্তে পাপসঞ্চয়াঃ।
নিরঞ্জনে বিলীয়েতে নিশ্চিতং চিত্তমারুতৌ॥ ১০৫॥

তত্ত্বমিতি। তত্ত্বং চিত্তং বীজং বীজবদুন্মন্যবস্থাঙ্কুরাকারেণ পরিণমমানত্বাৎ। হঠঃ প্রাণাপানয়োরৈক্যলক্ষণঃ প্রাণায়ামঃ ক্ষেত্রে ইব প্রাণায়ামে উন্মনীকল্পলতিকোৎপত্তেরৌদাসীন্যং পরবৈরাগ্যং জলং তস্যা উৎপত্তিকারণত্বাৎ। পরবৈরাগ্যহেতুকঃ সংস্কারবিশেষশ্চিত্তস্যাসংপ্রজ্ঞাত ইতি তল্লক্ষণাৎ। এতৈস্ত্রিভিরুন্মন্যসম্প্রজ্ঞাতাবস্থা সৈব কল্পলতিকা সকলেষ্টসাধনত্বাৎ সদ্য এব শীঘ্রমেব প্রবর্ত্ততে প্রবৃত্তা ভবতি উৎপন্না ভবতি। ১০৪॥

সদেতি। সদা সর্ব্বদা নাদানুসন্ধানান্নাদানুচিন্তনাৎ পাপসঞ্চয়াঃ পাপসমূহাঃ ক্ষীয়ন্তে নশ্যন্তি নিরঞ্জনে নির্গুণে চৈতন্যে নিশ্চিতং ধ্রুবং চিত্তমারুতৌ মনঃপ্রাণৌ বিলীয়েতে বিলীনৌ ভবতঃ॥ ১০৫।

চিত্তই বীজ, যেহেতু শস্যাদির বীজ যেমন অঙ্কুরাকারে পরিণত হয়, চিত্তও সেইরূপ উন্মনী অবস্থার অঙ্কুরাকারে পরিণত হইয়া থাকে। প্রাণবায়ু ও অপান বায়ুর ঐক্যরূপ প্রাণায়ামই ক্ষেত্র, যেহেতু প্রাণায়ামেই উন্মনী অবস্থারূপ কল্পলতিকার উৎপত্তি হয়। আর পরম বৈরাগ্যই জল স্বরূপ, যেহেতু এই বৈরাগ্যই উন্মনী অবস্থার উৎপত্তির কারণ। বিশেষতঃ পরম বৈরাগ্য হেতুক সংস্কারবিশেষই চিত্তের অসংপ্রজ্ঞাত সমাধি বলিয়া সমাধিলক্ষণে উক্ত আছে। উক্ত ত্রিবিধ কারণেই সর্ব্বপ্রকার ইষ্টফলদাত্রী উন্মনী অবস্থারূপ কল্পলতিকার শীঘ্র উৎপত্তি হয়॥ ১০৪॥

সর্ব্বদা নাদানুচিন্তন করিলে সর্ব্বপ্রকার পাপ বিনষ্ট হইয়া যায় এবং নির্গুণ চৈতন্যে প্রাণবায়ু ও চিত্ত, এই উভয় নিশ্চয় লয় পাইয়া থাকে॥ ১০৫॥

শঙ্খদুন্দুভিনাদঞ্চ ন শৃণোতি কদাচন।
কাষ্ঠবজ্জায়তে দেহ উন্মন্যাবস্থয়া ধ্রুবম্ ॥ ১০৬ ॥
সর্ব্বাবস্থাবিনির্ম্মুক্তঃ সর্ব্বচিন্তাবিবর্জ্জিতঃ।
মৃতবত্তিষ্ঠতে যোগী স মুক্তো নাত্র সংশয়ঃ ॥ ১০৭ ॥

উন্মন্যবস্থাং প্রাপ্তস্য যোগিনঃ স্থিতিমাহাষ্টভিঃ। শঙ্খদুন্দুভীতি। শঙ্খো জলজো দুন্দুভির্বাদ্যবিশেষস্তয়োর্নাদং ঘোষং কদাচন কস্মিংশ্চিদপি সময়ে ন শৃণোতি। শঙ্খদুন্দুভীত্যুপলক্ষণং নাদমাত্রস্য। উন্মন্যবস্থয়া দেহী ধ্রুবং কাষ্ঠবজ্জায়তে। নিশ্চেষ্টত্বাদিত্যর্থঃ ॥ ১০৬ ॥

জাগ্রৎস্বপ্নসুষুপ্তিমূর্চ্ছামরণলক্ষণাঃ পঞ্চ ব্যুত্থানাবস্থাস্তাভির্ব্বিশেষেণ মুক্তো রহিতঃ সর্ব্বা যাশ্চিন্তাঃ স্মৃতয়স্তাভির্ব্বিবর্জ্জিতো বিরহিতো যঃ যোগঃ সকলবৃত্তিনিরোধোঽস্যাস্তীতি যোগী তুর্য্যাবস্থাবান্ স মুক্তো জীব-

---

যে যোগী উন্মনী অবস্থা প্রাপ্ত হইয়াছেন, তাঁহার কিরূপে অবস্থিতি হয়, বক্ষ্যমাণ অষ্ট শ্লোকে তাহাই কথিত হইতেছে।—যে যোগী ব্যক্তির উন্মনী অবস্থা উপস্থিত হইয়াছে, সেই ব্যক্তি শঙ্খ-দুন্দুভিপ্রভৃতির শব্দও শুনিতে পায় না। আর উক্ত অবস্থায় যোগিগণের দেহ কাষ্ঠের ন্যায় নিশ্চেষ্ট থাকে ॥ ১০৬ ॥

যে ব্যক্তির উন্মনী অবস্থা হইয়াছে, তাহার অন্য কোনরূপ অবস্থা হয় না, অর্থাৎ উক্ত অবস্থাশালী ব্যক্তির জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, মুর্চ্ছা এবং মরণ এই পঞ্চাবস্থার মধ্যে কোন অবস্থাই হয় না। আর তাহার কোনরূপ চিন্তাও থাকে না এবং সেই ব্যক্তি মৃতের ন্যায় বিদ্যমান থাকে। যে ব্যক্তির সকল চিত্তবৃত্তি নিরোধরূপ যোগ সাধিত হইয়াছে, সেই তূর্য্যাবস্থাবান যোগী জীবদবস্থাতেই মুক্ত হয়। যেহেতু সকল প্রকার বৃত্তি নিরোধ হইলেই আত্মার স্বরূপে অবস্থান হইয়া থাকে। "তদা দ্রষ্টুঃ স্বরূপে অবস্থানং" এই পাতঞ্জল সূত্রেই স্পষ্টরূপে উক্ত স্বরূপাবস্থান উক্ত আছে ॥ ১০৭ ॥

খাদ্যতে ন চ কালেন বাধ্যতে ন চ কর্ম্মণা।
সাধ্যতে ন স কেনাপি যোগী যুক্তঃ সমাধিনা ॥ ১০৮ ॥
ন গন্ধং ন রসং রূপং ন চ স্পর্শং ন নিঃস্বনম্।
নাত্মানং ন পরং বেত্তি যোগী যুক্তঃ সমাধিনা ॥ ১০৯ ॥

ন্নেব মুক্তঃ। সকলবৃত্তিনিরোধে আত্মনঃ স্বরূপাবস্থানাৎ। তদুক্তং পাতঞ্জলে সূত্রে। তদা দ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানমিতি স্পষ্টমন্যৎ ॥ ১০৭ ॥

খাদ্যত ইতি। সমাধিনা যুক্তো যোগী কালেন মৃত্যুনা ন খাদ্যতে ন ভক্ষ্যতে ন হন্যত ইত্যর্থঃ। কর্ম্মণা কৃতেন শুভেনাশুভেন বা ন বাধ্যতে জন্মমরণাদিজননে ন ক্লিশ্যতে। তথা চ সমাধিপ্রকরণে পাতঞ্জলসূত্রং। ততঃ ক্লেশকর্ম্মনিবৃত্তিরিতি। কেনাপি পুরুষান্তরেণ যন্ত্রমন্ত্রাদিনা বা ন সাধ্যতে সাধয়িতুং শক্যতে ॥ ১০৮ ॥

ন গন্ধমিতি। সমাধিনা যুক্তো যোগী গন্ধং সুরভিমসুরভিং বা ন রসং মধুরাম্লবলণকটুকষায়তিক্তভেদাং ষড়্বিধং ন রূপং শুক্লনীলপীতরক্তহরিতকপিশচিত্রভেদাং সপ্তবিধং ন স্পর্শং শীতমুষ্ণমনুষ্ণাশীতং বা ন নিঃস্বনং শঙ্খদুন্দুভিজলধিজীমূতাদিনিনাদং বাহ্যমাভ্যন্তরং বা ন আত্মানং

সমাধিযুক্ত যোগীকে মৃত্যু ভক্ষণ করিতে পারে না, শুভাশুভ কর্ম্মে বাধা করিতে পারে না, অর্থাৎ সে জন্মমরণাদি জন্য ক্লেশ ভোগ করে না। "ততঃ ক্লেশকর্ম্মনিবৃত্তিঃ" এই পাতঞ্জল সূত্রেও সমাধিশালীর ক্লেশনিবৃত্তি উক্ত আছে। আর উক্ত সমাধিযুক্ত যোগীকে অন্য কোন পুরুষ তন্ত্র মন্ত্রাদি দ্বারা বশীভূত করিতে পারে না, অর্থাৎ তাহার প্রতি কোন প্রকার মন্ত্র প্রয়োগ করিলেও তাহা বিফল হয় ॥ ১০৮ ॥

সমাধিযুক্ত ব্যক্তির সুগন্ধ বা দুর্গন্ধ কিছুই অনুভূত হয় না; কটু অম্লাদি ষড়্বিধ রসের মধ্যে কোন রসের আস্বাদন হয় না; শুক্ল, কৃষ্ণ, পীত, রক্ত, হরিত, কপিশ, চিত্র এই সপ্তবিধ রূপের মধ্যে কোন রূপদর্শন হয় না; শীত, উষ্ণ, অনুষ্ণ বা অশীত কোন প্রকার স্পর্শ অনুভূত হয় না, শঙ্খ, দুন্দুভি, জলনিধি বা মেঘের শব্দ শুনিতে পায় না এবং বাহ্য

চিত্তং ন সুপ্তং নোজাগ্রৎ স্মৃতিবিস্মৃতিবর্জ্জিতম্।
ন চাস্তমেতি নোদেতি যস্যাসৌ মুক্ত এব সঃ ॥ ১১০ ॥
ন বিজানাতি শীতোষ্ণং ন দুঃখং ন সুখং তথা।

দেহং ন পরং পুরুষান্তরং বেত্তীতি সর্ব্বত্রান্বেতি। আত্মা দেহে ধ্রুতৌ জীবে স্বভাবে পরমাত্মনীত্যমরঃ ॥ ১০৯ ॥

চিত্তমিতি। যস্য যোগিনশ্চিত্তমন্তঃকরণং ন সুপ্তং। আবরকস্য তমসোঽভাবাত্রিগুণেঽন্তঃকরণে যদা সত্ত্বরজসী অভিভূয় সমস্তকরণাবরকং তম আবির্ভবতি তদান্তঃকরণস্য বিষয়াকারপরিণামাভাবাত্তৎ সুপ্তমিত্যুচ্যতে। নো জাগ্রৎ ইন্দ্রিয়ৈরর্থগ্রহণাভাবাৎ। স্মৃতিশ্চ বিস্মৃতিশ্চ স্মৃতিবিস্মৃতী তাভ্যাং বর্জ্জিতং। বৃত্তিসামান্যাভাবাদুদ্বোধকাভাবাচ্চ স্মৃতিবর্জ্জিতং। স্মৃত্যনুকূলসংস্কারাভাবাদ্বিস্মৃতিবর্জ্জিতং। ন চাস্তং নাশমেতি প্রাপ্নোতি। সংস্কারশেষস্য চিত্তস্য সত্ত্বাৎ। নাদেত্যুদ্ভবতি। বৃত্ত্যনুৎপাদনাৎ সোঽসৌ মুক্ত এব জীবন্মুক্ত এব ॥ ১১০ ॥

ন বিজানাতীতি। সমাধিনা যুক্তো যোগী শীতং চ উষ্ণং চ

বা আন্তরিক দেহ জানিতে পারে না, কিম্বা অপর কোন পুরুষকে অনুভব করে না ॥ ১০৯ ॥

যে যোগীর অন্তঃকরণ সুপ্ত হয় না, যেহেতু আবরক তমোগুণের অভাব হয়। ত্রিগুণান্বিত অন্তঃকরণে যখন সত্ত্ব ও রজোগুণকে অভিভূত করিয়া সমস্ত ইন্দ্রিয়ের আবরক তমোগুণের আবির্ভাব হয়, তখনই অন্তঃকরণের বিষয়াকারে পরিণামের সম্ভব হইয়া থাকে, ইহাকেই সুপ্তাবস্থা বলে। আর ইন্দ্রিয়গণ কোন বিষয় গ্রহণ করে না বলিয়া জাগ্রদবস্থা হয় না, বৃত্তিসামান্যাভাবেও উদ্বোধকাভাবহেতু যাহার চিত্তে কোন প্রকার স্মৃতি হয় না এবং স্মৃতির অনুকূল সংস্কারাভাব হেতু বিস্মৃতিও হয় না, যাহার অন্তঃকরণের নাশ হয় না এবং উদ্ভবও হয় না, সেই ব্যক্তিই জীবন্মুক্ত ॥ ১১০ ॥

সমাধিযুক্ত যোগী পুরুষ শীতল বা উষ্ণ পদার্থ, দুঃখজনক পরকৃত

ন মানং নাপমানং চ যোগী যুক্তঃ সমাধিনা ॥ ১১১ ॥
স্বস্থো জাগ্রদবস্থায়াং সুপ্তবদ্যোঽবতিষ্ঠতে।
নিঃশ্বাসোচ্ছ্বাসহীনশ্চ নিশ্চিতং মুক্ত এব সঃ ॥ ১১২ ॥

শীতোষ্ণং। সমাহারদ্বন্দ্বঃ। শীতমুষ্ণং বা পদার্থং ন দুঃখং দুঃখজনকং পরকৃতং তাড়নাদিকং ন সুখং সুখসাধনং সুরভিচন্দনাদ্যনুলেপনাদিকং। তথা চার্থে। মানং পরকৃতং সৎকারং ন অপমানমনাদরং চ ন বিজানাতীতি ক্রিয়াপদং প্রতিবাক্যমন্বেতি ॥ ১১১ ॥

স্বস্থ ইতি। স্বস্থঃ প্রসন্নেন্দ্রিয়ান্তঃকরণঃ। এতেন তন্দ্রামূর্চ্ছাদিব্যাবৃত্তিঃ। জাগ্রদবস্থায়ামিত্যনেন স্বপ্নসুষুপ্ত্যোর্নিবৃত্তিঃ। সুপ্তবৎ সুপ্তেন তুল্যং কার্য্যেন্দ্রিয়ব্যাপারশূন্যো যো যোগী অবতিষ্ঠতে স্থিতো ভবতি। সমবপ্রবিভ্যঃস্থ ইত্যাত্মনেপদং। নিশ্বাসোচ্ছ্বাসহীনঃ বাহ্যবায়োঃ কোষ্ঠে গ্রহণং নিশ্বাসঃ কোষ্ঠস্থিতস্য বায়োর্ব্বহির্নিঃসারণমুচ্ছ্বাসস্তাভ্যাং হীনশ্চাবতিষ্ঠত ইত্যত্রাপি সম্বধ্যতে। সনিশ্চিতং নিঃসন্দিগ্ধং মুক্ত এব। জীবন্মুক্তস্বরূপমুক্তং দত্তাত্রেয়েণ। নির্গুণধ্যানসম্পন্নঃ সমাধিং চ ততোঽভ্যসেৎ।

তাড়নাদি, সুখ সাধন সুগন্ধি চন্দনানুলেপনাদি, পরকৃত সম্মান বা অপমান কিছুই জানিতে পারে না। তাহার সর্ব্বদাই সমভাব লক্ষিত হয় ॥ ১১১ ॥

যে যোগী সর্ব্বদা স্বস্থ, অর্থাৎ যাহার সর্ব্বেন্দ্রিয় ও অন্তঃকরণ প্রসন্ন কথনও তন্দ্রা বা মূর্চ্ছাদি হয় না, যে যোগী জাগ্রদবস্থাতেও সুপ্তের ন্যায় কর্ম্মেন্দ্রিয়ব্যাপারশূন্য হইয়া বিদ্যমান থাকেন, যিনি শ্বাস প্রশ্বাস গ্রহণ করেন না, (বাহ্য বায়ুর আকর্ষণই নিশ্বাস এবং আন্তরিক বায়ুর বহির্নিঃসারণই উচ্ছ্বাস) সেই ব্যক্তিকেই নিঃসন্দেহরূপে মুক্ত বলা যায়। দত্তাত্রেয়নামা মহামুনি জীবন্মুক্তির স্বরূপনিরূপণে বলিয়াছেন যে, সাধক নির্গুণ ধ্যানযুক্ত হইয়া সমাধি অভ্যাস করিবে, এইরূপ দ্বাদশ দিন অভ্যাসে সমাধি লাভ করিতে পারে এবং বায়ু নিরোধ করিতে পারিলেই সেই ব্যক্তি নিশ্চয় জীবন্মুক্ত হইয়া থাকে ॥ ১১২ ॥

অবধ্যঃ সর্ব্বশাস্ত্রাণামশক্যঃ সর্ব্বদেহিনাম্।

দিনদ্বাদশকেনৈব সমাধিং সমবাপ্নুয়াৎ। বায়ুং নিরুধ্য মেধাবী জীবন্মুক্তো ভবেৎ ধ্রুবমিতি ॥ ১১২ ॥

অবধ্যইতি। সমাধিনা যুক্তো যোগী। সর্ব্বশস্ত্রাণামিতি সম্বন্ধসামান্যে ষষ্ঠী। •সর্ব্বশস্ত্রৈরিত্যর্থঃ। অবধ্যো হন্তুমশক্য ইত্যর্থঃ। সর্ব্বদেহিনামিত্যত্রাপি সম্বন্ধমাত্রবিবক্ষায়াং ষষ্ঠী। অশক্যঃ সর্ব্বদেহিভিঃ বলেন শক্যো ন ভবতীত্যর্থঃ। মন্ত্রযন্ত্রাণাং বশীকরণমারণোচ্চাটনাদিফলৈর্ম্মন্ত্রযন্ত্রৈরগ্রাহ্যঃ বশীকর্ত্তুমশক্যঃ। এবং প্রাপ্তযোগস্য যোগিনো বিঘ্না বহবঃ সমায়ান্তি। তন্নিবারণার্থং তজ্জ্ঞানস্যাপেক্ষিতত্বাত্তেঽপি প্রদর্শ্যন্তে। দত্তাত্রেয়ঃ। আলস্যং প্রথমো বিঘ্নো দ্বিতীয়স্তু প্রকথ্যতে। পূর্ব্বোক্তধূর্ত্তগোষ্ঠী চ তৃতীয়ো মন্ত্রসাধনং। চতুর্থো ধাতুবাদঃ স্যাদিতি যোগবিদো বিদুরিতি। মার্কণ্ডেয়পুরাণে। উপসর্গাঃ প্রবর্ত্তন্তে দৃষ্টা

সমাধিযুক্ত যোগী সর্ব্বশস্ত্রের অবধ্য, কোন প্রকার অস্ত্রই তাহাকে বিনাশ করিতে পারে না। উক্ত যোগীকে কোন প্রকার প্রাণী বলে অভিভূত করিতে শক্ত হয় না এবং মারণ, উচ্চাটন ও বশীকরণাদিকারক মন্ত্রযন্ত্রাদি দ্বারা কেহ সমাধিস্থিত যোগীর মারণাদি সাধন করিতে পারে না। যে ব্যক্তি যোগানুষ্ঠান করিয়া সিদ্ধ হইয়াছে, তাঁহার নিকটে বহুবিধ বিঘ্ন নিবারণার্থ তাহাদিগের পরিজ্ঞান আবশ্যক, অতএব এইক্ষণ সেই সকল বিঘ্ন প্রদর্শিত হইতেছে।—মহামুনি দত্তাত্রেয় বলিয়াছেন, আলস্যই যোগ সাধনের প্রথম বিঘ্ন, ধূর্ত্তলোকের সংসর্গ দ্বিতীয় বিঘ্ন, তৃতীয় বিঘ্ন মন্ত্র সাধন, যে ব্যক্তি মন্ত্রসিদ্ধি করিতে সমুৎসুক হয়, তাহার যোগসাধন হয় না, এবং চতুর্থ বিঘ্ন ধাতুবাদ। যোগবিদ পণ্ডিতগণ যোগসিদ্ধি বিষয়ে উক্ত চতুর্বিধ বিঘ্ন নিরূপণ করিয়াছেন, অতএব যাঁহারা যোগ সাধন করিবেন, তাঁহারা যাহাতে উক্ত বিঘ্নচতুষ্টয় অতিক্রম করিতে পারেন, তদ্বিষয়ে অবশ্য দৃষ্টি রাখিবেন। মার্কণ্ডেয় পুরাণে লিখিত আছে যে, মার্কণ্ডেয় বলিয়াছেন যোগীদিগের যে সকল দৃষ্ট

অগ্রাহ্যো মন্ত্রযন্ত্রাণাং যোগী যুক্তঃ সমাধিনা ॥ ১১৩ ॥

হ্যাত্মনি যোগিনঃ। যে তাং স্তে সংপ্রবক্ষ্যামি সমাসেন নিবোধ মে। কাম্যাঃ ক্রিয়াস্তথা কামান্মনুষ্যো যোঽভিবাঞ্ছতি। স্ত্রিয়ো দানফলং বিদ্যাং মায়াং কুপ্যং ধনং বসু। দেবত্বমমরেশত্বং রসায়নবয়ঃক্রিয়াং। মেরুং প্রয়তনং যজ্ঞং জলাগ্ন্যাবেশনং তথা। শ্রাদ্ধানাং শক্তিদানানাং ফলানি নিয়মাস্তথা। তথোপবাসাৎ পূর্ত্তাচ্চ দেবপিত্রর্চ্চনাদপি। অতিথিভ্যশ্চ কর্ম্মভ্য উপসৃষ্টোঽভিবাঞ্ছতি। বিঘ্নমিত্থং প্রবর্ত্তেত যত্নাদ্‌যোগী নিবর্ত্তয়েৎ। ব্রহ্মাসঙ্গি মনঃ কুর্ব্বন্নুপসর্গৈঃ প্রমুচ্যত ইতি। পদ্মপুরাণে। যদৈভিরন্তরায়ৈর্ন ক্ষিপ্যতেঽস্য হি মানসং। তদাগ্রে তমবাপ্নোতি পরং ব্রহ্মাতিদুর্লভং। যোগভাস্করে। সাত্বিকীং ধৃতিমালম্ব্য যোগী সত্বেন সুস্থিরঃ। নির্গুণং মনসা ধ্যায়ন্নুপসর্গৈঃ প্রমুচ্যতে। এবং যোগমুপাসীনঃ শক্রাদিপদনিস্পৃহঃ। সিদ্ধাদিবাসনাত্যাগী জীবন্মুক্তো ভবেন্মুনি-

---

উপসর্গ প্রবৃত্ত হয়, তাহা সংক্ষেপে বলিতেছি, শ্রবণ কর। যে মনুষ্য কাম্য ক্রিয়া করিয়া কাম্য ফল বাঞ্ছা করে এবং স্ত্রী, দানফল, বিদ্যা, মায়া, কূপ, ধন, রত্ন, দেবত্ব, ইন্দ্রত্ব এবং শারীরিক রসায়ন ক্রিয়া, শ্রাদ্ধফল, দানফল, নিয়ম এবং উপবাস, দেবমন্দিরাদি ক্রিয়া, দেবতা ও পিত্রর্চ্চন, অতিথি সৎকার ও কর্ম্মের ফল কামনা করে, তাহার ঐ সকল বিঘ্ন প্রবৃত্ত হয়। যোগিগণ অতি যত্নে উক্ত বিঘ্নসকল নিবারণ করিয়া থাকে এবং মনকে ব্রহ্মসংসর্গী করিয়া উক্ত উপসর্গ হইতে বিমুক্ত হয়। পদ্মপুরাণে লিখিত আছে যে, যে মন উক্ত বিঘ্ন সমূহে বিক্ষিপ্ত হয় নাই, সে অতি দুর্লভ ব্রহ্ম লাভ করিতে পারে। যোগভাস্করে উক্ত আছে যে, যোগী ব্যক্তি সাত্বিকী ধৃতি আশ্রয় করিয়া সুস্থির হয় এবং মনে মনে নির্গুণ ব্রহ্মের ধ্যান করিয়া পূর্ব্বোক্ত উপসর্গ হইতে বিমুক্ত হইয়া থাকে। উক্ত প্রকারে বিঘ্নবিনির্ম্মুক্ত হইয়া যোগ সাধন করত ইন্দ্রত্বাদি পদে নিস্পৃহ ও অণিমাদি সিদ্ধি এবং বাসনা পরিত্যাগপূর্ব্বক মুনিগণ জীবন্মুক্ত হয়। এই প্রকার যোগসাধনে অনেক বিঘ্ন আছে, গ্রন্থবিস্তারভয়ে তাহা এই স্থলে

যাবন্নৈব প্রবিশতি চরন্মারুতো মধ্যমার্গে
যাবদ্বিন্দুর্ন ভবতি দৃঢ়ঃপ্রাণবাতপ্রবন্ধাৎ।

রিতি। বিস্তরস্ত ভিয়া নোক্তাঃ সন্তি বিঘ্না হ্যনেকশঃ। ধ্যানেন বিষ্ণু-হরয়োর্ব্বারণীয়া হি যোগিনেতি॥ ১১৩॥

অযোগিনাং জ্ঞানং নিরাকুর্ব্বন্ যোগিনামেব জ্ঞানং ভবতীত্যাহ। যাবদিতি। মধ্যমার্গে সুষুম্নায়াং চরন্ গচ্ছন্ মারুতঃ প্রাণবায়ুঃ যাবৎ-কালপর্য্যন্তং ন প্রবিশতি প্রকর্ষেণ ব্রহ্মরন্ধ্রপর্য্যন্তং ন বিশতি। ব্রহ্মরন্ধ্রং গতস্ত স্থৈর্য্যাদ্ব্রহ্মরন্ধ্রং গত্বা ন স্থিরো ভবতীত্যর্থঃ। সুষুম্নায়ামসঞ্চরন্ বায়ুরসিদ্ধ ইত্যুচ্যতে। তদুক্তমমৃতসিদ্ধৌ। যাবদ্বিমার্গগো বায়ুর্নিশ্চলো নৈব মধ্যগঃ। অসিদ্ধং তং বিজানীয়াদ্বায়ুং কর্ম্মবশানুগমিতি। প্রাণয়তি জীবয়তীতি প্রাণঃ স চাসৌ বাতশ্চ প্রাণবাতঃ তস্ত প্রবন্ধাৎ কুম্ভকেন স্থিরীকরণাদ্বিন্দুর্বীর্য্যং দৃঢ়ঃ স্থিরো ন ভবতি প্রাণবাতস্থৈর্য্যে বিন্দুস্থৈর্য্যমুক্তমত্রৈব প্রাক্। মনঃস্থৈর্য্যে স্থিরো বায়ুস্ততো বিন্দুঃ স্থিরো

কথিত হইল না। যোগিগণ বিষ্ণু ও হরির চিন্তা করিয়া পূর্ব্বোক্ত বিঘ্ন নিবারণ করিবে। ১১৩।

যাহারা যোগসাধন না করে তাহারা জ্ঞানভাজন হইতে পারে না, পরন্তু যাহারা যোগসাধনে তৎপর, তাহারাই প্রকৃত জ্ঞান লাভ করিতে পারে, এই অভিপ্রায়ে বলিতেছেন।—প্রাণবায়ু সুষুম্নামার্গে বিচরণ করিতে করিতে যাবৎ ব্রহ্মরন্ধ্রে প্রবেশ করিতে না পারে, অর্থাৎ ব্রহ্মরন্ধ্রে গমন করিলেই বায়ু স্থির হয়, অতএব যাবৎকাল ব্রহ্মরন্ধ্রে গমন করিয়া স্থির না হইতে পারে, তাবৎ তাহাকে অসিদ্ধ বলা যায়। অমৃত সিদ্ধিতে উক্ত অবস্থায় যাবৎ প্রাণবায়ু সুষুম্না মার্গে গমন করিয়া ব্রহ্মরন্ধ্রের মধ্য-গত না হয়, তাবৎ সেই বায়ুকে অসিদ্ধ বলিয়া জানিবে এবং উক্ত বায়ুকে কর্ম্মফলানুগত বলা যায়। আর যাবৎ প্রাণবায়ু কুম্ভক দ্বারা স্থির হইয়া বীর্য্য স্থিরীভূত না হয়। এই গ্রন্থে পূর্ব্বেই "মনঃ স্থৈর্য্যে স্থিরো বায়ুস্ততো বিন্দুঃ স্থিরোভবেৎ" এই শ্লোক প্রাণবায়ুর স্থৈর্য্যে বিন্দুর স্থিরতা উক্ত

ভবেদিতি। তদভাবে ত্বসিদ্ধত্বং যোগিনঃ। উক্তমমৃতসিদ্ধৌ। তাব-দ্বদ্ধোঽপ্যসিদ্ধোঽসৌ নরঃ সাংসারিকো মতঃ। যাবত্তবতি দেহস্থো রসেন্দ্রো ব্রহ্মরূপকঃ। অসিদ্ধং তং বিজানীয়ান্নরমব্রহ্মচারিণং। জরা-মরণসংকীর্ণং সর্ব্বক্লেশসমাশ্রয়মিতি। যাবত্তত্বং চিত্তং ধ্যানে ধ্যেয়চিত্তং ন সহজসদৃশং স্বাভাবিকধ্যেয়াকারবৃত্তিপ্রবাহান্নৈব জায়তে নৈব ভবতি প্রাণবাতপ্রবন্ধাদিতি দেহলীদীপন্যায়েনাত্রাপি সম্বধ্যতে। বায়ুস্থৈর্য্যে চিত্তস্থৈর্য্যমুক্তমমৃতসিদ্ধৌ। যদাসৌ ম্রিয়তে বায়ুর্মধ্যমাং মধ্যযোগতঃ। তদা বিন্দুশ্চচিত্তং চ ম্রিয়তে বায়ুনা সহ। তদভাবেঽহ্যসিদ্ধত্বমুক্তমমৃত-সিদ্ধৌ। যাবৎ প্রস্পন্দতে চিত্তং বাহ্যাভ্যান্তরবস্তুষু। অসিদ্ধং তদ্বিজানীয়া-চ্চিত্তং কর্ম্মগুণান্বিতমিতি। তাবদ্যজ্জ্ঞানং শাব্দং বদতি কশ্চিৎ তদিদং জ্ঞানং কথং দম্ভমিথ্যাপ্রলাপঃ দম্ভেন জ্ঞানকথনেনাহং লোকে পূজ্যো

হইয়াছে। আর যে যোগীর বিন্দু স্থির হয় নাই, সেই যোগীকে অসিদ্ধ বলিয়া জানিবে। অমৃতসিদ্ধি গ্রন্থে উক্ত আছে যে, যাবৎ দেহস্থ বিন্দু স্থির না হয়, তাবং সেই যোগীকে বদ্ধ, অসিদ্ধ, সংসারী ও অব্রহ্ম-চারী বলিয়া জানিবে। আর উক্ত ব্যক্তি জরামরণাধীন এবং সর্ব্ব-প্রকার ক্লেশের ভাজন হইয়া থাকে। বায়ু স্থির হইলেই চিত্ত স্থির হয়। অমৃতসিদ্ধি গ্রন্থে উক্ত আছে যে, যাবৎ বাহ্য ও অভ্যন্তরস্থ বস্তুতে চিত্ত-স্পন্দন হয়, তাবৎ সেই ব্যক্তি কর্ম্মগুণবদ্ধ থাকে। আর যাবৎ চিত্তের, স্বাভাবিক ধ্যেয়াকার বৃত্তিপ্রবাহ না হয়, তাবৎ তাহার যে তত্ত্বজ্ঞান তাহা মিথ্যা দম্ভপ্রলাপমাত্র, অর্থাৎ ঐরূপ অবস্থাতে লোকে দম্ভের বশীভূত হইয়া আমি জ্ঞানী ও আমি লোকপূজ্য, এইরূপ মিথ্যা বাক্য বলিয়া থাকে, কিন্তু তাহা প্রকৃত জ্ঞান নহে। প্রাণ, বীর্য্য ও চিত্তকে জয় করিতে না পারিলে কেহ সংসার নিবারণ করিতে পারে না। অমৃত-সিদ্ধিতে লিখিত আছে যে, যখন প্রাণবায়ু চলিতে থাকে, তখন বিন্দুও চঞ্চল হয়, আর যখন বিন্দু চঞ্চল থাকে, তখন চিত্তও চালিত হয়, আর লোক একবার জন্মে এবং একবার মরে, ইহা সত্য বাক্য বলিয়া জানিবে। যোগবীজে উক্ত আছে যে, যখন চিত্ত বিনষ্ট হইয়াছে, এই-

ভবিষ্যামীতি ধিয়া মিথ্যাপ্রলাপো মিথ্যাভাষণং দম্ভপূর্ব্বকং মিথ্যাভাষণমিত্যর্থঃ। প্রাণবিন্দুচিত্তানাং জয়াভাবে জ্ঞানস্যাভাবাৎ সংসৃতির্দুর্ব্বারা। তদুক্তমমৃতসিদ্ধৌ। চলত্যেষ যদা বায়ুস্তদাবিন্দুশ্চলঃ স্মৃতঃ। বিন্দুশ্চলতি যস্যাঙ্গে চিত্তং তস্যৈব চঞ্চলং। চলে বিন্দৌ চলে চিত্তে চলে বায়ৌ চ সর্ব্বদা। জায়তে ম্রিয়তে লোকঃ সত্যং সত্যমিদং বচ ইতি। যোগবীজেঽপ্যুক্তং। চিত্তং প্রনষ্টং যদি ভাসতে বৈ তত্র প্রতীতো মরুতোঽপি নাশঃ। ন বা যদি স্যান্ন তু তস্য শাস্ত্রং নাত্মপ্রতীতির্ন গুরুর্ন মোক্ষ ইতি। এতেন প্রাণবিন্দুমনসাং জয়ে তু জ্ঞানদ্বারা যোগিনো মুক্তিঃ স্যাদেবেতি সূচিতং। তদুক্তমমৃতসিদ্ধৌ। যামবস্থাং ব্রজেদ্বায়ুর্ব্বিন্দুস্তামধিগচ্ছতি। যথাহি সাধ্যতে বায়ুস্তথা বিন্দুপ্রসাধনং মূর্চ্ছিতো হরতি ব্যাধিং বৃদ্ধঃ খেচরতাং নয়েৎ। সর্ব্বসিদ্ধিকরো লীনো নিশ্চলো মুক্তিদায়কঃ। যথাবস্থা ভবেদ্বিন্দোশ্চিত্তাবস্থা তথা তথা।

নন্বু। যোগাস্ত্রয়ো ময়া প্রোক্তা নৃণাং শ্রেয়োবিধিৎসয়া। জ্ঞানং

রূপ জ্ঞান হয়, তখন প্রাণবায়ুও প্রণষ্ট হইয়াছে, এই প্রকার প্রতীতি হইয়া থাকে। যদি প্রাণ ও চিত্ত বিনষ্ট না হয়, তবে তাহার কোন শাস্ত্র নাই, অর্থাৎ শাস্ত্রানুসারে কর্ম্ম করিলেও কোন ফল পায় না, তাহার আত্মজ্ঞান জন্মে না, গুরুর উপদেশে কোন ফল হয় না, কিম্বা তাহার ভাগ্যে মোক্ষ লাভ ঘটে না। ইহাতে জানা যাইতেছে যে, প্রাণ, বীর্য্য ও চিত্ত পরাজিত হইলেই যোগিগণ জ্ঞান দ্বারা মুক্তি লাভ করিতে পারে। অমৃতসিদ্ধিতে উক্ত আছে যে, প্রাণ যে অবস্থা পায়, বিন্দুও সেই অবস্থা পাইয়া থাকে, অর্থাৎ প্রাণ চঞ্চল হইলে বীর্য্যও চঞ্চল হয় এবং প্রাণ স্থির হইলে বীর্য্যও স্থির হইয়া থাকে। আর যে উপায়ে প্রাণ সাধ্য হয়, সেই উপায়েই বিন্দুসাধন হইতে পারে। প্রাণ মূর্চ্ছিত হইলে যোগ প্রদান করে, বৃদ্ধ হইলে সাধকের আকাশগতি হয়, লীন হইলে সাধককে সর্ব্বসিদ্ধি প্রদান করিয়া থাকে এবং নিশ্চল হইলে সাধক মুক্তিভাজন হয়। আর বিন্দুর যে যে রূপ অবস্থা হয়, চিত্তেরও সেই সেই রূপ অবস্থা ঘটিয়া থাকে।

কর্ম্ম চ ভক্তিশ্চ নোপায়োঽন্যোঽস্তি কুত্রচিদিতি ভগবদুক্তাস্ত্রয়ো মোক্ষো-পায়ত্বেনোক্ত ইতিচেন্ন তেষাং যোগাঙ্গেষ্বন্তর্ভাবাৎ। তথাহি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো নিদিধ্যাসিতব্য ইতি শ্রুত্যা পরমপুরুষার্থসাধনাত্ম-সাক্ষাৎকারহেতুতয়া শ্রবণমননিদিধ্যাসনান্যুক্তানি তত্র শ্রবণমননে নিয়মান্তর্গতে স্বাধ্যায়েঽন্তর্ভবতঃ। স্বাধ্যায়শ্চ মোক্ষশাস্ত্রাণামধ্যয়নং। স চ তাৎপর্য্যার্থনিশ্চয়পর্য্যবসায়ো গ্রাহ্যঃ। তাৎপর্য্যার্থনির্ণয়শ্চ শ্রবণ-মননাভ্যাং ভবতীতি শ্রবণমননয়োঃ স্বাধ্যায়েঽন্তর্ভাবঃ। নিয়মবিবরণে যাজ্ঞবল্ক্যেন। সিদ্ধান্তশ্রবণং প্রোক্তং বেদান্তশ্রবণং বুধৈরিতি স্পষ্টমেব শ্রবণস্য নিয়মান্তর্গতিরুক্তা। অধীতবেদং সূত্রং বা পুরাণং সেতিহাসকং। পদেষ্বধ্যয়নং যশ্চ সদাভ্যাসো জপঃ স্মৃত ইতি যুক্তিভিরনবরতমনুচিন্তন-লক্ষণস্য সদাভ্যাসরূপস্য মননস্যাপি নিয়মান্তর্গতিরুক্তা। বিজাতীয়-প্রত্যয়নিরোধপূর্ব্বকসজাতীয়প্রত্যয়প্রবাহরূপস্য নিদিধ্যাসনস্য উক্তলক্ষণে ধ্যানেঽন্তর্ভাবঃ। তস্যাপিতৎপরিপাকরূপসমাধিনাত্মসাক্ষাৎকারদ্বারা

ভগবান্ বলিয়াছেন যে, আমি লোকের মঙ্গলসাধনে সমুৎসুক হইয়া জ্ঞান, কর্ম্ম ও ভক্তি, এই ত্রিবিধ যোগ বলিয়াছি, উক্ত ত্রিবিধ যোগ ব্যতিরেকে মনুষ্যের পরিত্রাণের অন্য কোন উপায় নাই। এই ভগবদুক্ত ত্রিবিধ মোক্ষসাধনোপায় বিদ্যমান থাকিতে কিরূপে কেবল যোগই মোক্ষলাভের উপায় হইতে পারে? এই আশঙ্কা করা যায় না, কারণ জ্ঞান, কর্ম্ম ও ভক্তি ইহারা যোগাঙ্গের অন্তর্গত। বাস্তবিক "আত্মদর্শন করিবে, আত্মশ্রবণ করিবে, আত্মমনন করিবে এবং আত্মনিদিধ্যাসন করিবে" এই শ্রুতি বাক্যে শ্রবণ, মনন ও নিদিধ্যাসনই পরম পুরুষার্থ-সাধন, আত্মসাক্ষাৎকারের হেতু বলিয়া উক্ত হইয়াছে। উক্ত শ্রবণাদির মধ্যে শ্রবণ ও মনন ইহারা নিয়মের অন্তর্গত ও স্বাধ্যায়ের অন্তর্ভুক্ত এবং মোক্ষ প্রয়োজক শাস্ত্রের অধ্যয়নই স্বাধ্যায়। যাবৎ অধ্যয়নে তাৎপর্য্যার্থের নিশ্চয় না হয়, তাবৎই অধ্যয়ন করিবে, পরন্তু শ্রবণ ও মনন দ্বারাই তাৎপর্য্যার্থ নিশ্চয় হইয়া থাকে। এই নিমিত্তই শ্রবণ ও মনন ইহারা স্বাধ্যায়ের অন্তর্ভূত। নিয়মবিবরণে যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে,

মোক্ষহেতুত্বমীশ্বরার্পণবুদ্ধ্যা নিষ্কামকর্ম্মানুষ্ঠানলক্ষণস্য কর্ম্মযোগস্য তপঃ-স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগ ইতি পতঞ্জলিপ্রোক্তে নিয়মান্তর্গতে ক্রিয়াযোগেঽন্তর্ভাবঃ। তত্র তপ উক্তমীশ্বরগীতায়াং। উপবাসপরাকাদিকৃচ্ছ্রচান্দ্রায়ণাদিভিঃ। শরীরশোষণং প্রাহুস্তাপসাস্তপ উত্তমমিতি। স্বাধ্যায়োঽপি তত্রোক্তঃ। বেদান্তশতরুদ্রীয়প্রণবাদিজপং বুধাঃ। সত্ত্বশুদ্ধিকরং পুংসাং স্বাধ্যায়ং পরিচক্ষত ইতি। ঈশ্বরপ্রণিধানং চ তত্রোক্তং। স্তুতিস্মরণপূজাভির্বাঙ্মনঃকায়কর্ম্মভিঃ। সুনিশ্চলা ভবেত্তক্তিরেতদীশ্বরপূজনমিতি। ক্রিয়াযোগশ্চ পরম্পরয়াসমাধিনাত্মসাক্ষাৎকারদ্বারৈব মোক্ষহেতুরিতি সমাধিভাবনার্থঃ। ক্লেশতনূকরণার্থশ্চেত্যুত্তরসূত্রেণ স্পষ্টীকৃতং পতঞ্জলিনা। ভজ্যতে সেব্যতে ভগবদাকারমন্তঃকরণং ক্রিয়তেঽনয়েতি ভক্তিরিতি করণব্যুৎপত্ত্যা শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং।

পণ্ডিতগণ সিদ্ধান্তশ্রবণ ও বেদান্তশ্রবণ করিবে; সুতরাং স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, শ্রবণই নিয়মের অন্তর্গত বলিয়া উক্ত হইয়াছে। আর বেদ, সূত্র, পুরাণ ও ইতিহাস ইহাদিগের অধ্যয়ন ও সর্ব্বদা অভ্যাসই জপ এবং যুক্তি দ্বারা অনবরত অনুচিন্তন রূপ সদাভ্যাসাত্মক মনন ও নিয়মের অন্তর্গত বলিয়া উক্ত হইয়াছে। আর বিজাতীয় জ্ঞানের নিরোধ পূর্ব্বক সজাতীয় জ্ঞানপ্রবাহরূপ নিদিধ্যাসনও তত্ত্বজ্ঞানের পরিণামস্বরূপ সমাধি দ্বারা যে আত্মসাক্ষাৎকার হয়, তদ্দ্বারা মোক্ষহেতু হইতেছে এবং ঈশ্বরার্পণ বুদ্ধিদ্বারা নিষ্কাম কর্ম্মানুষ্ঠানলক্ষণ কর্ম্মযোগও "তপস্যা, স্বাধ্যায়, ঈশ্বর শ্রবণ এই সকলই ক্রিয়া যোগ" এই পতঞ্জলিপ্রোক্ত নিয়মান্তর্গত ক্রিয়াযোগের অন্তর্ভুক্ত। ঈশ্বর গীতাতে তপো লক্ষণে উক্ত আছে যে, উপবাস, পরাকব্রত ও কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি দ্বারা যে শরীরশোষণ, তাহাকে তপস্বীরা উত্তম তপস্যা বলিয়া থাকেন। আর ঈশ্বর গীতাতে স্বাধ্যায়লক্ষণে উক্ত আছে যে, বেদান্তমতে শতরুদ্রীয় মন্ত্র ও প্রণবাদীর যে জপ, তাহাই পুরুষের সত্ত্বশুদ্ধিকর এবং ইহাই স্বাধ্যায় বলিয়া কথিত হয়। ঐ ঈশ্বর গীতাতে ঈশ্বর প্রণিধানলক্ষণে কথিত আছে যে, স্তুতি, স্মরণ ও পূজা প্রভৃতি বাক্য, মন ও কায় কৃত কর্ম্ম

অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনমিতি। নবধোক্তা সাধনভক্তি-রভিধীয়তে। তস্যা ঈশ্বরপ্রণিধানরূপে নিয়মেঽন্তর্ভাবঃ। তস্যাশ্চ সমাধি-হেতুত্বং চোক্তং পতঞ্জলিনা। ঈশ্বরপ্রণিধানাদ্বেতি। ঈশ্বরবিষয়কাৎ প্রণি-ধানাদ্ভক্তিবিশেষাৎ সমাধিলাভঃ সমাধিফলং ভবতীতি সূত্রার্থঃ। ভজন-মন্তঃকরণস্য ভগবদাকারতারূপং ভক্তিরিতি ভাবব্যুৎপত্ত্যা ফলভূতা ভক্তি-রভিধীয়তে। সৈব প্রেমভক্তিরিত্যুচ্যতে। তল্লক্ষণমুক্তং নারায়ণতীর্থৈঃ। প্রেমভক্তিযোগস্তু ঈশ্বরচরণারবিন্দবিষয়ৈকৈকান্তিকাত্যন্তিকপ্রেমপ্রবাহো-ঽবিচ্ছিন্ন ইতি। মধুসূদনসরস্বতীভিস্তু। দ্রবীভাবপূর্ব্বিকা মনসো ভগ-বদাকারতারূপা সবিকল্পকবৃত্তির্ভক্তিরিতি। তস্যাস্তু শ্রদ্ধাভক্তিধ্যানযোগা-দবেহীতি শ্রুতেঃ। ভক্ত্যা মামভিজানাতীতি স্মৃতেশ্চ। আত্মসাক্ষাৎকার-দ্বারা মোক্ষহেতুত্বং। ভক্তাস্তু সুখস্যৈব পুরুষার্থত্বাদ্দুঃখাসম্ভিন্ননিরতি-

---

দ্বারা ঈশ্বরে নিশ্চলা ভক্তি হয়, ইহাই ঈশ্বর পূজন। ক্রিয়াযোগ দ্বারা সমাধি হয় এবং সেই সমাধি দ্বারা মোক্ষ হইয়া থাকে। সুতরাং পর-ম্পরা রূপেই ক্রিয়াযোগ মোক্ষহেতু হইতেছে, উহা সমাধির প্রতি মুখ্য কারণ বটে। এই বিষয় পতঞ্জলি "ক্লেশতনূকরণার্থশ্চ" এই উত্তর সূত্রে স্পষ্ট করিয়াছেন। যাহা দ্বারা অন্তঃকরণ ঈশ্বরাকারে পরিণত হয়, তাহা-রই নাম ভক্তি। এইরূপ ভক্তি শব্দের ব্যুৎপত্তি দ্বারা বিষ্ণুর শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, নমস্কার, দাস্য, সখ্য ও আত্মনিবেদন, এই নববিধ সাধনভক্তি বলিয়া কথিত হয়। এই ভক্তিও ঈশ্বর প্রণি-ধানের অন্তর্গত। মহামুনি পতঞ্জলি "ঈশ্বর প্রণিধানাদ্বেতি" এই সূত্রে ভক্তিকে সমাধি হেতু বলিয়া নিরূপণ করিয়াছেন, অর্থাৎ ঈশ্বরবিষয়ক আত্মপ্রণিধানরূপ ভক্তিবিশেষে সমাধিলাভ, অর্থাৎ সমাধির ফল হইয়া থাকে। "অন্তঃকরণের ঈশ্বরাকারে ভজনই ভক্তি" এইরূপ ব্যুৎপত্তি দ্বারা ফলভূতা ভক্তি কথিত হয়, ইহাকেই প্রেমভক্তি বলিয়া থাকে। নারায়ণতীর্থ এই প্রেমভক্তির লক্ষণে বলিয়াছেন যে, ঈশ্বরের চরণার-বিন্দে আত্যন্তিক অবিচ্ছিন্ন প্রেমপ্রবাহই প্রেমভক্তি। মধুসূদন সরস্বতী প্রভৃতিরা মনের দ্রবীভাব পূর্ব্বক ভগবদাকারতারূপ সবিকল্পক বৃত্তিকেই

যাবদ্ধ্যানে সহজসদৃশং জায়তে নৈব তত্ত্বং

তাবজ্জ্ঞানং বদতি তদিদং দম্ভমিথ্যাপ্রলাপঃ ॥ ১৪ ॥

ইতি শ্রীসহজানন্দসন্তানচিন্তামণিস্বাত্মারামযোগীন্দ্রবির-
চিতায়াং হঠপ্রদীপিকায়াং সমাধিলক্ষণং
নাম চতুর্থোপদেশঃ ॥ ৪ ॥

ইতি হঠযোগপ্রদীপিকা সমাপ্তা ॥

শয়সুখধারারূপা প্রেমভক্তিরেব পুরুষার্থ ইত্যাহুঃ। তস্যাস্ত সম্প্রজ্ঞাত-সমাধাবন্তর্ভাবঃ। এবং চ অষ্টাঙ্গযোগাতিরিক্তং কিমপি পরমপুরুষার্থ-সাধনং নাস্তীতি সিদ্ধং ॥ ১১৪ ॥

গ্রাহ্যমেব বিদুষাং হিতং যতো ভাষণং সমস্তদর্শ্যসংস্কৃতং। যক্ষ গচ্ছতি পয়ো ন লেহিতং স্তন ইত্যভিহিতং শিশোর্যথা ॥ ১ ॥

সদর্থদ্যোতনকরী তমস্তোমবিনাশিনী। ব্রহ্মানন্দেন জ্যোৎস্নেয়ং শিবাঙ্ঘ্রিযুগলেঽর্পিতা ॥ ২ ॥

ইতি শ্রীহঠপ্রদীপিকাব্যাখ্যায়াং ব্রহ্মানন্দকৃতায়াং জ্যোৎস্নাভিধায়াং সমাধিনিরূপণং নাম চতুর্থোপদেশঃ ॥ ৪ ॥

ইতি হঠযোগপ্রদীপিকা টীকা সমাপ্তা ॥

ভক্তি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। "শ্রদ্ধা, ভক্তি ও ধ্যান যোগে ঈশ্বরকে জানিতে হয়" এই শ্রুতি প্রমাণ এবং "ভক্তি দ্বারা আমাকে জানিতে পারে" এই স্মৃতি প্রমাণে আত্মসাক্ষাৎকার দ্বারাই ভক্তির মোক্ষ হেতুত্ব জানা যায়। ভক্তেরা সুখের পুরুষার্থতা হেতু দুঃখসম্পর্কভিন্ন নিরতিশয় সুখধারারূপ প্রেমভক্তিকেই পুরুষার্থ বলিয়া থাকেন। এই ভক্তিও সংপ্রজ্ঞাত সমাধির অন্তর্গত। ইহাতে প্রতীয়মান হইতেছে যে, অষ্টাঙ্গ যোগের অতিরিক্ত পরমপুরুষার্থসাধন আর কিছুই নাই। কেবল অষ্টাঙ্গ যোগ দ্বারাই পরম পুরুষার্থ সিদ্ধি হইয়া থাকে। ১১৪।

ইতি হঠযোগ প্রদীপিকা সমাপ্তা।